those Chiefs who are the well-wishers of the descendants of Runjeet Singh, and especially such Chiefs as have not participated in the hostile proceedings against the British Power, to act in concert with him for carrying into effect such arrangements as shall maintain a Sikh Government at Lahore, capable of controlling its Army and protecting its subjects, and based upon principles that shall provide for the future tranquillity of the Sikh State, shall secure the British Frontier against a repetition of acts of aggression—and shall prove to the whole world the moderation and justice of the Paramount Power of India.

If this opportunity of rescuing the Sikh Nation from Military anarchy and misrule be neglected, and hostile opposition to the British Army be renewed, the Government of India will make such other arrangements for the future Government of the Punjab as the interests and security of the British Power may render just and expedient.

By order of the Right Honourable the Governor General of India,

(Signed) F. CURRIE,

Secy. to Govt. of India,
With the Governor General.

(True Copy,)

W. EDWARDS,

Under Secy. to Govt. of India,
With the Governor General.

দারকে এবং বিশেষতঃ যে সরদারেরা ব্রিটিস গবর্ণমেন্টের প্রতিকূলাচরণ করেন নাই তাঁহারদিগকে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আহ্বান করিতেছেন যে তাঁহারা লাহোরেতে সীকের এমত এক গবর্ণমেন্ট সংস্থাপন করণের সহযোগী হন্ যে তদ্দ্বারা অবাধ্য সৈন্যের দমন হয় ও প্রজার প্রতিপালন হয় এবং যে নিয়মে ঐ সীকেরদের রাজ্য শান্ত ও সুস্থির হইবার সম্ভাবনা এমত নিয়ম স্থাপন হয় এবং ইঙ্গলণ্ডীয়েরদের সীমার উপরে এইরূপ অত্যাচার না হয় এবং ভারতবর্ষের মহামহিম কর্ত্তৃত্বকারি ইঙ্গলণ্ডীয়েরদের ধৈর্য্য ও যথার্থতা সকল লোকের দৃষ্টিতে বিরাজমান হয়।

সীক জাতীয়দিগকে সৈন্যেরদের অত্যাচার এবং অরাজকতাহইতে যদি উদ্ধার করণের এই সৎপরামর্শের অবজ্ঞা হয় এবং যদি ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের প্রাতিকূল্যাচরণ পুনর্ব্বার হয় তবে ভারতবর্ষের গবর্ণমেন্ট উত্তর কালে পঞ্জাবের রাজশাসনের অন্য যে নিয়ম ইঙ্গলণ্ডীয় রাজ্যের উপকার ও নির্ব্বিঘ্নতার বিবেচনায় যথার্থ ও উচিত বোধ হয় এইমত নিয়ম করিবেন।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

এফ করি।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

(যথার্থ নকল।)

ডবলিউ এড্বার্ডস।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 701.

To the Abkaree Superintendents of the Lower Provinces,

It having been brought to my notice that an Abkaree Superintendent had been in the habit of shewing under the head of Cash Balance, in his monthly Cash Accounts, certain sums not actually in his Treasury at the close of the month (though apparently realized in the Mofussil by his subordinates) in consequence of the adoption of the erroneous system of crediting such sums in his monthly Cash Accounts as duly received by him, I have the honor to request that you will be pleased to guard against the observance of any such practice in preparing your monthly Cash Accounts for submission to this Department; and in order that I may possess a somewhat better assurance of the integrity of the amounts exhibited as Cash Balances in your monthly Cash Accounts, I beg to request, that you will be rigidly particular in specifying the several descriptions of currency of which it may be composed, and that you will also do me the favor to append at foot of each Cash Account, commencing from the date of the receipt of this Circular, an

[*Government Gazette, 3d March,* 1846.]

আক্কৌণ্টেণ্ট জেনরলের সরকুলর পত্র।

৭০১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট সাহেব বরাবরেষু।

আমার জ্ঞানগোচর হইয়াছে যে এক জন আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট যে কতক টাকা মফঃসলে তাঁহার অধীন কর্ম্মকারকের দ্বারা দৃষ্টতঃ আদায় হইবার সম্ভাবনা তাহা মাসের শেষে তাঁহার খাজানাখানায় না পঁহুছিতে২ আপনার মাসিক টাকার হিসাবে “টাকার বালান্সের মধ্যে” জমা করিয়াছেন। অতএব এই প্রকার টাকা আপনার মাসিক নগদ টাকার হিসাবে জমাকরার নিয়ম অতিভ্রমজনক এবং আমি তোমাকে এক্ষণে হুকুম করিতেছি যে এই সিরিশ্তায় পাঠাইবার জন্যে তোমার যে মাসিক নগদ টাকার হিসাব প্রস্তুত হয় তাহার মধ্যে এই প্রকার অপ্রাপ্ত কোন টাকা না লেখ এবং তোমার মাসিক নগদ টাকার হিসাবে যে নগদ টাকার বালান্স লেখা যায় তাহার সংখ্যার যথার্থতার বিষয়ে পূর্ব্বাপেক্ষা আমার সুবোধ হয় এই নিমিত্তে হুকুম করিতেছি যে সেই নগদ টাকার বালান্সে যে২ প্রকার টাকা থাকে তাহা তুমি অতি মনোযোগপূর্ব্বক বিশেষ করিয়া লেখ এবং এই সরকুলর পত্র তোমার নিকটে পঁহুছনের তারিখঅবধি তুমি আপনার প্রত্যেক নগদ টাকার

attestation to be duly signed by you, drawn up in the form given in the margin.*

(Signed) C. Morley,

Accountant General.

Fort William, Accountant General's Office,
Revenue Department, 29th January, 1846.

No. 702.

To the Post Masters of the Bengal Presidency.

1. It appearing that the Postage realized on letters forwarded and received by the Steamers of the Peninsular and Oriental Steam Company starting from and arriving at Calcutta, is not to be appropriated in India but must be remitted to the Post Office Authorities in London, necessity has hence arisen that such Postage should be accounted for separately in the public accounts of this Presidency. I have the honour therefore to request that you will on receipt of this Circular open in your monthly Cash Account commencing from 1st February, 1846, a new head to be styled "Steam Postage payable to Her Majesty's Government" to which you will be pleased to credit in future all Postage of the above description that may be received by you.

2d. I have also to solicit that in bringing Postage of this nature to credit under the new head in question, you will be careful to distinguish whether the letters on which it has been levied are British or Foreign letters; and as it will moreover be necessary to establish some check over letters received by you bearing such Postage I take the opportunity of requesting that you will open a new memorandum to be inserted at foot of your Cash Accounts similar to that already existing on account of Bombay Steam letters bearing postage.

3. In order that I may ascertain without difficulty the precise amount of Postage of the description under notice received by you and credited in your Cash Accounts prior to 1st February, 1846, I have the honour further to solicit that you will prepare and furnish to me without delay a statement exhibiting the same drawn up in the accompanying Form.

(Signed) R. Walker,

Offg. Accountant General.

Fort William, Accountant General's Office
Revenue Department, 30th January, 1846.

---

* I do hereby certify that the Balance of Cash in my Treasury this (28, 29, 30 or 31st) day of (February or as the case may be) amounts to Company's Rs. 000 and that I have personally ascertained that the above Balance of Cash is actually in my Custody.

(Signed) A. B.

Abkaree Superintendent.

The 18

হিসাবের নিম্ন ভাগে পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রস্তুত করা এক এজহারে দস্তখৎ করিয়া পাঠাও।*

সি মরলি।

ফোর্ট উলিয়ম। আকেকৌন্টেন্ট জেনরল।

আকেকৌন্টেন্ট জেনরল সাহেবের দপ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেন্ট। ১৮৪৬। ২৯ জানুআরি।

৭০২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ডাকের অধ্যক্ষ সাহেব বরাবরেষু।

১। পিনেনসুলার এবং অরিয়েন্টেল ষ্টিম কোম্পানির যে বাষ্পীয় জাহাজ কলিকাতায় আইসে ও কলিকাতাহইতে রওয়ানা হয় তাহার দ্বারা প্রাপ্ত ও প্রেরিত পত্রের যে ডাক মাসুল পাওয়া যায় দৃষ্ট হইতেছে যে তাহা ভারতবর্ষে ব্যয় হইবেক না কিন্তু লণ্ডন নগরেতে ডাকের অধ্যক্ষ সাহেবেরদের নিকটে পাঠাইতে হইবেক তাহাতে এই রাজধানীর সরকারী হিসাবে ঐ ডাকের মাসুল স্বতন্ত্র করিয়া লিখনের আবশ্যক হইয়াছে। অতএব তোমাকে আদেশ করিতেছি যে এই সরকুলর পত্র পাইবার পর ১৮৪৬ সালের ১ ফেব্রুআরি তারিখঅবধি তোমার মাসিক নগদ টাকার হিসাবে "শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টে দেয় বাষ্পীয় জাহাজের ডাকের মাসুল" এই নামে একটা নূতন খাতা কর এবং উত্তর কালে উক্ত প্রকার যে সকল ডাকের মাসুল তোমার নিকটে পঁহুছে তাহা ঐ খাতায় জমা কর।

২। আরো আদেশ করিতেছি যে তুমি উক্ত নূতন খাতায় ডাক মাসুল জমা করণের সময়ে যে পত্রের নিমিত্তে মাসুল পাওয়া গিয়াছে তাহা ইঙ্গলণ্ডীয় কি বিদেশীয় পত্র ইহা বিশেষ করিয়া লেখ এবং যেং পত্র তোমার নিকটে "বেরিং পোষ্টেজ" অর্থাৎ মাসুল না দেওয়ামতে পঁহুছে সেই প্রকার পত্রের বিষয়ে শাসন হইবার নিমিত্তে এই সুযোগে তোমাকে আদেশ করিতেছি যে বোম্বাইহইতে আগত বাষ্পীয় জাহাজের প্রাপ্য ডাক মাসুলের বিষয়ে যেরূপ মন্তব্য কথা লেখা যায় সেইরূপ মন্তব্য কথা তোমার নগদ টাকার হিসাবে এইং পত্রের বিষয়েও লেখ।

৩। ১৮৪৬ সালের ১ ফেব্রুআরি তারিখের পূর্ব্বে এই প্রকার ডাকের মাসুলের যত টাকা তুমি পাইয়া আপনার নগদ টাকার হিসাবে জমা করিয়াছ তাহার যথার্থ সংখ্যা আমি নির্ব্বিঘ্নে নিশ্চয় করিতে পারি এই নিমিত্তে আদেশ করিতেছি যে তদ্বিষয়ি এক কৈফিয়ৎ পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রস্তুত করিয়া অবিলম্বে আমাকে দেও।

আর ওয়াকর।

এক্টিং আকেকৌন্টেন্ট জেনরল।

ফোর্ট উলিয়ম।
আকেকৌন্টেন্ট জেনরল সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট ১৮৪৬। ৩০ জানুআরি।

---

* আমি ইহার দ্বারা জানাইতেছি যে অমুক মাসের ২৮। ২৯। ৩০ কি ৩১ তারিখে আমার খাজানাখানাতে নগদ ০০০ টাকা আছে এবং আপনি তদারক করিয়া দেখিয়াছি যে ঐ টাকা নিতান্তই আমার হাতে আছে।

অমুক। আবকারীর সুপরিন্টেণ্ডেণ্ট।

অমুক সাল অমুক তারিখ।

FORM.

Months.	Gross amount of Postage as per Cash Account.	Details as follows.					Remarks.
		Postage.	Bombay Presidency Steam Postage.		Steam Postage payable to Her Majesty's Government.		
			British.	Foreign.	British.	Foreign.	
May, 1845.	200 0 0	150 0 0	10 0 0	5 0 0	25 0 0	10 0 0	Should there be any receipts of "Steam Postage payable to Her Majesty's Government," in the Accounts prior to 1st May 1845, the amount should of course be also shewn in the mode herein indicated.
June, "	&c.	&c.					
July, "							
August, "							
September, "							
October, "							
November, "							
December, "							
January, 1846.							

(Signed) R. WALKER,
Offg. Accountant General.

[*Government Gazette, 3d March,* 1846.]

পাঠ।

মাস	হিসাবঅনুসারে ডাক মাসুলের মোট	ডাকমাসুল	নীচের লিখিত মতে তাহার বিবরণ।				মন্তব্য কথা।
			বোম্বাই রাজধানীর বাষ্পীয় জাহাজের ডাকমাসুল।		শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেন্টকে বাষ্পীয় জাহাজের দেয় ডাক মাসুল।		
			ইঙ্গলণ্ডীয়	বিদেশীয়	ইঙ্গলণ্ডীয়	বিদেশীয়	
১৮৪৫। মে	২০০৲	১৫০৲	১০৲	৫৲	২৫৲	১০৲	শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেন্টকে দেয় ১৮৪৫ সালের ১ মে তারিখের পূর্ব্বকার হিসাবঅনুসারে যদি বাষ্পীয় ডাকমাসুল পাওয়া গিয়াছে তবে তাহাও এই প্রকারে লিখিত হইয়া জানাইতে হইবেক।
,, জুন	৫৲	৫৲					
,, জুলাই							
,, আগস্ট							
,, সেপ্টেম্বর							
,, অক্টোবর							
,, নবেম্বর							
,, ডিসেম্বর							
১৮৪৬। জানুআরি							

আর ওয়াকর।

একটিং আক্কৌন্টেন্ট জেনরল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translat*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 20th February, 1846.

Mafeezooddeen Mahomed, Moonsiff of Toobkibagrah, Zillah Tipperah, to be Moonsiff of Mendigunge, Zillah Backergunge.

Nilmoney Mitter, who has obtained a diploma to be Moonsiff of Toobkibagra, Zillah Tipperah.

The 27th February, 1846.

Baboo Hoolas Ram Chowdhry, to be Acting Moonsiff of Azmerigunge, Zillah Sylhet.

LEAVES OF ABSENCE.

The 20th February, 1846.

Moulvy Abdool Rubb, Moonsiff of Chintamun, Zillah Dinagepore, for two months from the 10th instant, under Medical Certificate.

Moonshee Mahomed Danish, Moonsiff of Hutteeah, Zillah Chittagong, from the 3d to the 12th November last, in excess of the period of the late Dusserah Vacation.

The 27th February, 1846.

Baboo Gopeemohun Rai, Moonsiff of Azmerigunge, Zillah Sylhet, for four months.

Baboo Kalleenath Chatterjee, Moonsiff of Pertabpore, Zillah Midnapore, for two months in extension of that granted before.

Moulvy Moojeebul Ruhman, Moonsiff of Kheytoopara, Zillah Rajshye, from the 19th instant to the 30th April next, in extension of that granted before.

B. J. COLVIN, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

NOTIFICATIONS.

The 21st February, 1846.

Under instructions from the Government of India, it is hereby notified for the information of the Public that the Opium, the provision of 1845-46, will be sold by public auction in nine equal portions, at monthly intervals, commencing with the month of November 1846. The exact dates on which the Sales will take place, together with the Conditions of Sale, will be notified by the Board of Customs, Salt and Opium, in the usual manner.

Mr. H. P. Russell, Civil and Sessions Judge of Moorshedabad, resumed charge of his Office on the 17th instant.

Dr. John Maxton, Calcutta Police Surgeon, made over charge of the Police Hospital, &c. to Dr. James Maxton on the 15th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 3d March,* 1846.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২০ ফেব্রুআরি।

জিলা ত্রিপুরার তুবকিবাগড়ার মুনসেফ শ্রীযুত মাফিজুদ্দীন মহম্মদ জিলা বাকরগঞ্জে মেন্দিগঞ্জের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত নীলমণি মিত্র জিলা ত্রিপুরার তুবকিবাগড়ার মুনসেফ হইবেন।

১৮৪৬ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু হুলাসরাম চৌধুরী জিলা ছিলটে আজমিরীগঞ্জের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২০ ফেব্রুআরি।

জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর হটিয়ার মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ দানিশ গত দশহরার বন্দের অতিরিক্ত গত নবেম্বর মাসের ৩ তারিখঅবধি ১২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৭ ফেব্রুআরি।

জিলা ছিলটে আজমিরীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের প্রতাপপুরের মুনসেফ শ্রীযুত বাবু কালীনাথ চাটুর্য্যা পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর ক্ষেতুপাড়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মুজিবুল রহমান পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি আগামি আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২১ ফেব্রুআরি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুমমতে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫। ৪৬ সালের প্রাপ্ত আফীন সমান নয় ভাগ করিয়া ১৮৪৬ সালের নবেম্বর মাসঅবধি মাসে২ নীলামে বিক্রয় হইবেক। যে২ নির্দ্দিষ্ট তারিখে নীলাম হইবেক তাহা এবং নীলামের নিয়ম পরমিট ও নিমক এবং আফীনের বোর্ডের দ্বারা রীতিমতে বিজ্ঞাপন করা যাইবেক।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন সিরিশতার ভার পুনর্গ্রহণ করেন্।

কলিকাতার পোলীসের চিকিৎসক শ্রীযুত ডাক্তর জান মাকষ্টন সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে পোলীসের হাসপাটালপ্রভৃতির কর্ম্মের ভার শ্রীযুত জেমস মাকষ্টন সাহেবের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৪৬ । ৩ মার্চ ।]

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজির ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা শ্রীহট্ট সংক্রান্ত নীচের লিখিত মহালাত সন ১৮৪৫ ইংরেজির কিস্তী ডিসেম্বরপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্তক সন ১৮৪৬ ইংরেজির মাহ ১৬ মার্চ মোতাবক সন ১২৫২ বাঙ্গলা মাহ ৪ চৈত্র রোজ সোমবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইংরেজী ২০ ফেব্রুআরি ।

নম্বরের শ্রেণী	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৫ ইংরেজী ডিসেম্বর মাসপর্য্যন্তের পাওনা বাকী	মন্তব্য কথা ।
১	এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	পং প্রধরানি ৩ নং	পির মাহাম্মদ	আস্তনী জেকব রিনিছিউ গং	৯৪৬৵১১	৮৸৩	
২	ঐ	পং ঐ ৪ নং	তাং শাহাম্মা	ঐ	১০২৸৩	৩০৵৪	
৩	ঐ	পং ঐ ৫ নং	তাং করমহাম্মদ	ঐ	৯৩৸১০	২ ৷৵১	
৪	ঐ	পং ঐ ২৫ নং	তাং শম্বু	ঐ	২০ ৷৷৵১	৬ ৷৵৫	

A. S. ANNAND, *Offg. Collector.*

সংবাদ দেওয়া যাইতেছে

যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা ময়মনসিংহের নীচের লিখা মহাল সন ১২৫২ সনের লাং কিস্তী অগ্রহায়ণের সরকারী পাওনা বাকী মালগুজারী আদায় নিমিত্তে ১৮৪৬ সনের ১৯ মার্চ মোতাবেক সন ১২৫২ সনের ৭ চৈত্র রোজ বৃহস্পতিবার কালেক্টরী কাছারীতে পুনর্নীলামে বিনাওজরে ধরা গিয়া নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৪৬ সন ২৩ ফেব্রুআরি মোং ১৩ ফাল্গুণ ১২৫২।

শ্রেণীর নম্বর,	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	১২৫২ সনের লাং কিস্তী অগ্রহায়ণের বাকী
১	চিরস্থ বন্দোবস্তী	১৮৪৭	পরগনে হোসনশাহী প্রাণনাথ	বাহির খাঁ খরিদার নীলাম	১২ ৷৵৩	৯ ৷৷৴৮

H. H. BERESFORD, *Offg. Collector.*

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the Petition of JOHN MONTEITH, carrying on business in the town of Calcutta, under the name, style and firm of J. Monteith and Company, as a Boot, Shoe and Harness maker, seeking the benefit of the Act of the ninth year of the reign of His late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that a Court holden on the fourteenth day of February instant, an application by Petition was made for and on behalf of JOHN MONTEITH, it was amongst other things ordered, that Robert O'Dowda, Esquire, be appointed Assignee of the Estate and Effects of the said John Monteith, and that the said Robert O'Dowda, as such Assignee as aforesaid, should forthwith certify to this Court, whether such Estate and Effects amounted to one-half of the amount of the debts of the said John Monteith.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

Calcutta, 16th February, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of CHARLES LAZARUS, late of Cossitollah, in the Town of Calcutta, Trader, and late a Prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking for the benefit of the Act of the ninth year of the reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of April next.

The names of the Creditors of the said CHARLES LAZARUS, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

Calcutta, 24th February, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of BENJAMIN WALTER LAZARUS, lately carrying on business as a Cabinet Maker, in Cossitollah, in the Town of Calcutta, and late a Prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking for the benefit of the Act of the ninth year of the reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of April next.

[*Government Gazette, 3d March,* 1846.]

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

জে মন্টীথ কোম্পানির নামে কলিকাতা নগরে বুট ও জুতা ও সাজওয়ালা

জান মন্টীথ সাহেব

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন।

তাঁহার দরখাস্তের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ১৪ তারিখে এই আদালতে জান মন্টীথ সাহেবের স্বপক্ষে ও বিষয়ে একটা দরখাস্ত দাখিল হইল তাহাতে অন্যান্য হুকুমের মধ্যে ইহারও হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত জান মন্টীথ সাহেবের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন এবং উক্ত আসৈনির কর্ম্মক্রমে তিনি অবিলম্বে এই আদালতকে জানান যে উক্ত জান মন্টীথ সাহেবের মাল ও সম্পত্তির মূল্য তাঁহার ঋণের অর্দ্ধেকপর্য্যন্ত হয় কি না হয়।

ডবলিউ এন হেজর।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ১৬ ফেব্রুআরি।

পূর্ব্বে কলিকাতা নগরের কসাইটোলা নিবাসি ব্যবসায়ি ও সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানার ঋণপ্রযুক্ত কয়েদী

চার্লস লাজারস সাহেব

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রেল মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত চার্লস লাজারস সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৬। ২৪ ফেব্রুআরি।

কলিকাতা নগরের কসাইটোলা নিবাসি সূত্রধর ও সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদী

বেঞ্জামিন ওয়াল্টর লাজারস সাহেব

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রেল মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

The names of the Creditors of the said BENJAMIN WALTER LAZARUS, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

Calcutta, 24th February, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of PUDDOLOCHUN CHUNDER, late of Lambootollah, in the Town of Calcutta, Banian, and late a Prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of April next.

The names of the Creditors of the said PUDDOLOCHUN CHUNDER, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

W. N. HEDGER,
Insolvent's Attorney.

Calcutta, 24th February, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the nineteenth day of February instant, the matters of the Schedule of OBEYCHURN BANERJEE, late of Molunga, in the Town of Calcutta, Merchant and Trader, but at present residing at Setee, in the district of the twenty-four Pergunnahs, in the Province of Bengal, against whom an adjudication of Insolvency was made and pronounced by the Court on the fourth day of February instant, upon the application of one Hurisanund Roy, a Creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday, the fourth day of April next, at the hour of eleven o'clock, in the forenoon.

The names of the Creditors of the said OBEYCHURN BANERJEE, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated this 25th day of February, one thousand eight hundred and forty-six.

THOMAS AND CAMPION,
Insolvent's Attornies.

In the matter of RAMDHONE NUNDY and RAMRUTTON NUNDY, late of Jorasanko, in the town of Calcutta, but at present both respectively residing at Ramkistopore, in the district of the twenty-four Pergunnahs, in the Province of Bengal, and lately carrying on trade and business in Clive Street, in the said town of Calcutta, as Ship Banians and dealers in Marine Stores.

NOTICE is hereby given, that by an order made in this matter on the twenty-fifth day of February

উক্ত বেঞ্জামিন ওয়াল্টের লাজারস সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

ডবলিউ এন হেজর।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৪ ফেব্রুআরি।

কলিকাতা নগরের লেবুতলানিবাসি বণিক ও সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদী

পদ্মলোচন চন্দ্র

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত পদ্মলোচন চন্দ্রের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ এন হেজর।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৪ ফেব্রুআরি।

পূর্ব্বে কলিকাতা নগরের মলঙ্গানিবাসি মহাজন ও ব্যবসায়ি কিন্তু এক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার সিঁতিনিবাসি।

অভয়চরণ বাঁড়ুয্যা

যোত্রহীন বটেন এইমত নিষ্পত্তি হরিষানন্দ রায়নামক তাঁহার এক জন মহাজনের দরখাস্তমতে বর্ত্তমান মাসের ৪ তারিখে উক্ত আদালতের হুকুমক্রমে হইল। অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের বর্ত্তমান ফেব্রুআরি মাসের ১৯ তারিখের হুকুমক্রমে তাঁহার তফসীলের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত অভয়চরণ বাঁড়ুয্যার মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন ইতি। ১৮৪৬ সাল ২৫ ফেব্রুআরি।

তামস ও কাম্পয়ন।
যোত্রহীনের উকীল।

পূর্ব্বে কলিকাতা নগরের যোড়াসাঁকোনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার রামকৃষ্ণপুরনিবাসি ও পূর্ব্বে কলিকাতার ক্লাইবষ্ট্রীট জাহাজীয় বণিক ও জাহাজীয় দ্রব্য যোগানকারি

রামধন নন্দি ও রামরত্ন নন্দির বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ফেব্রুআরি মাসের ২৫ তারিখের হুকুমক্রমে নিষ্পত্তি হইল

instant, it was adjudged, that the Petition of Hurrymohun Sircar, a Creditor of the said Ramdhone Nundy and Ramrutton Nundy, presented to this Court in the above matter, was true, and that the said Ramdhone Nundy and Ramrutton Nundy had respectively committed an act of Insolvency, under the provisions of the Statute 9th George IV. Chap. 72, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies."

THOMAS AND CAMPION,

Attornies for the Petitioning Creditor.

25th February, 1846.

In the matter of RAMDHONE NUNDY and RAMRUTTON NUNDY, late of Jorasanko, in the town of Calcutta, but at present both respectively residing at Ramkistopore, in the district of the twenty-four Pergunnahs, in the Province of Bengal, and lately carrying on trade and business in Clive Street, in the said town of Calcutta, as Ship Banians and dealers in Marine Stores.

NOTICE is hereby given, that by an order made in this matter on and bearing date the twenty-fifth day of February instant, it was ordered, that Robert O'Dowda, Esquire, should be appointed Assignee of the Estate and Effects of the said Insolvents.

THOMAS AND CAMPION,

Attornies for the Petitioning Creditor.

25th February, 1846.

Under an order made by the above Court, on the 26th February instant, the matters of the Petition of MANUEL HERMENEGILDO GARATE sued by the name of M. H. Garate, formerly of Heeracuttah Lane, and late of Champatollah in Calcutta, Professor of Music, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of 9th Geo. the 4th entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard on Saturday, the 4th day of April next.

The names of the Creditors of the said MANUAL HERMENEGILDO GARATE, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

EMANUEL PANIOTY,

Insolvent's Attorney

Calcutta, 28th February, 1846.

The hearing of the matters of the Petition of WILLIAM ANTHONY DUCASSE, sued by the name of W. A. Ducasse, late of Bowbazar, in the Town of Calcutta, late an Engineer, &c. both been adjourned to Saturday, the fourth day of April next.

EMANUEL PANIOTY,

Insolvent's Attorney.

Calcutta, 7th February, 1846.

[*Government Gazette, 3d March,* 1846.]

যে উক্ত রামধন নন্দি ও রামরত্ন নন্দির হরিমোহন সরকারনামক এক জন মহাজন উক্ত বিষয়ে যে দরখাস্ত এই আদালতে দাখিল করেন তাহা সত্য এবং ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭২ অধ্যায়ের বিধিমতে উক্ত রামধন নন্দী ও রামরত্ন নন্দী যোত্রহীন বটেন।

তামস ও কাম্পিয়ন।

দরখাস্তকারি মহাজনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৫ ফেব্রুআরি।

উক্ত কলিকাতা নগরের যোড়াসাঁকোনিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের জিলা চব্বিশপরগনার রামকৃষ্ণপুরনিবাসি ও পূর্ব্বে কলিকাতা নগরের ক্লাইবষ্ট্রিটে জাহাজীয় বণিক ও জাহাজীয় দ্রব্য যোগানকারি

রামধন নন্দি ও রামরত্ন নন্দির বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ফেব্রুআরি মাসের ২৫ তারিখের হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন।

তামস ও কাম্পিয়ন।

দরখাস্তকারি মহাজনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৫ ফেব্রুআরি।

পূর্ব্বে কলিকাতা নগরের হীরাকাটা গলি নিবাসি ও পরে চাপাতলানিবাসি বাদ্যকর

মানুএল হরমেনেগিলডো গারাটি সাহেব

এম এচ গারাটি নামে সফীনা হইয়া সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইলেন ও ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব বর্ত্তমান ফেব্রুআরি মাসের ২৬ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত মানুএল হরমেনেগিলডো গারাটি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ইমানুএল পানিওটি।

যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৮ ফেব্রুআরি।

পূর্ব্বে কলিকাতা নগরের বহুবাজারনিবাসি এঞ্জিনিয়র ডবলিউ এ ডুকাসি নামে সফীনাহওয়া

উলিয়ম আণ্টনি ডুকাসি সাহেবের

দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক।

ইমানুএল পানিওটি।

যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৭ ফেব্রুআরি।

ইশ্‌তিহার।

নদীয়ার কালেকটর সাহেবের সিরিশ্‌তায় এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে। তাঁহার কোম্পানির ৩৫০০০ টাকা আমানত রাখিতে হইবেক। মাসিক বেতন ৪০৲ টাকা।

ডি জে মনি। কালেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৩ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 10, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১০ মার্চ।

PROCLAMATION.

GENERAL ORDER BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR GENERAL OF INDIA.

FOREIGN DEPARTMENT,
CAMP LAHORE,
The 20th February, 1846.

The Right Honourable the Governor General requests that the Commander-in-Chief will cause the following arrangements to be made for Escorting His Highness the Maha Raja Duleep Sing to his palace in the Citadel of Lahore this afternoon. The Escort will consist of

- 2 Regiments of European Cavalry.
- 2 Regiments of Native Cavalry—the Body Guard to be one.
- 1 Regiment of Irregular Horse.
- 2 Troops of Horse Artillery—1 European—1 Native.

The Secretary to the Government of India, F. Currie, Esquire, will take charge of His Highness and his Suite, and will be accompanied by the Political Agent Major Lawrence, the Governor General's Private Secretary Charles Hardinge, Esquire, the A. D. C. of the Governor General, two A. D. C. of the Commander-in-Chief, one A. D. C. from each General Officer of a Division in Uniform.

The Escort will be formed at the nearest convenient spot to the Governor General's Camp at 2 o'clock and proceed to His Highness' Camp and thence to his Palace.

On alighting from his Elephant a Salute of 21 Guns will be fired by the Horse Artillery.

His Highness the Maha Raja of the Sikh Nation, selected by the Chiefs as their Sovereign, having

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সাধারণ হুকুম।

বিদেশীয় ডিপার্টমেণ্ট।

লাহোরের ছাউনি।

১৮৪৬ সাল ২০ ফেব্রুআরি।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবকে আদেশ করিতেছেন যে অদ্য অপরাহ্ণে শ্রীযুক্ত মহারাজা দলিপ সিংহকে লাহোরের দুর্গে আপনার রাজবাটীতে পঁহুছাইয়া দেওনের নিমিত্তে তিনি পশ্চাৎ লিখিত নিয়ম করেন্। মহারাজার সঙ্গে এই২ সৈন্য যাইবেক।

ইউরোপীয় অশ্বারোহির ২ রেজিমেণ্ট।

এদেশীয় অশ্বারোহির ২ রেজিমেণ্ট তাহার মধ্যে শ্রীযুতের তৈনাতী সৈন্য এক।

উপরি অশ্বারোহির ১ রেজিমেণ্ট।

অশ্বারোহি গোলন্দাজের দুই দল অর্থাৎ ইউরোপীয় এক দল ও এদেশীয় এক দল।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ করি সাহেব শ্রীযুক্ত মহারাজা ও তাঁহার অমাত্যগণের সমভিব্যাহারে গমন করিবেন এবং তাঁহার সঙ্গে২ পোলিটিকাল এজেণ্ট শ্রীযুত মেজর লারেন্স সাহেব ও শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিজ সেক্রেটারী শ্রীযুত চার্লস হার্ডিং সাহেব ও শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের মুসাহেব ও শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের দুই জন মুসাহেব ও প্রত্যেক দলের প্রধান অধ্যক্ষের এক২ জন মুসাহেব ইহাঁরা সকলেই দরবারের পোশাক পরিধান করিয়া যাইবেন।

পূর্ব্বোক্ত তৈনাতী সৈন্য শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ছাউনির অতিনিকট যে স্থানে সুগম হয় সেই স্থানে শ্রেণীবদ্ধ হইয়া শ্রীযুক্ত মহারাজার ছাউনিতে গমন করিবেক এবং তথাহইতে শ্রীযুক্তের রাজবাটীতে তাঁহাকে পঁহুছাইয়া দিবেক।

শ্রীযুক্ত মহারাজা আপন হস্তিহইতে অবরোহণ করিলে অশ্বারোহি গোলন্দাজেরা ২১ সেলামী তোপ করিবেক।

শীকজাতীয়েদের সরদারের দ্বারা আপনাদের রাজার ন্যায় মনোনীত হওয়া শ্রীযুক্ত মহারাজা দলিপ সিংহ

on the 18th instant intimated His intention to proceed to the Governor General's Camp at 'Lulleeana, attended by His Highness' Wuzeer Raja Golab Sing and other Chiefs, was received in Durbar on the afternoon of that day by the Governor General, the Commander-in-Chief and the Staff being present. His Highness' Minister and Chiefs there tendered his submission and solicited the clemency of the British Government.

The Governor General extended the clemency of the British Government to a Prince the descendant of the Maha Raja the late Runjeet Sing, for so many years the faithful Ally and Friend of the British Government, as the representative of the Sikh Nation selected by the Chiefs and the People to be their Ruler, on the condition that all the Terms imposed by the British Government and previously explained to His Highness' Minister and Chiefs should be faithfully executed.

On withdrawing from the Durbar the Maha Rajah received the usual Salutes due to His Highness' exalted rank.

His Highness has since remained near the Governor General's Camp, and as it will be conducive to His Highness' comfort that he should rejoin his family, the Governor General desires that he may with all honour and in safety be conducted by the British Troops to the Gates of his Palace this day.

The following Proclamation was issued on the 18th instant by the Governor General, promising protection to all persons at Lahore and elsewhere who peaceably continue in their usual employments of trade and industry.

The Governor General is satisfied after the experience of this Campaign, that he can rely on the discipline of this invincible Army, as fully and securely as he has always been confident that the day of battle under their distinguished Commander would be one of Victory.

He trusts at present that no Officers or Soldiers will pass the advanced Sentries of their Encampment to enter the Town of Lahore, and he requests His Excellency the Commander-in-Chief to give the necessary instructions to carry this Order strictly into effect, as well as to protect all persons bringing provisions into Camp.

By order of the Right Honourable the Governor General of India,

F. CURRIE,

Secy. to the Govt. of India,
With the Governor General.

PROCLAMATION

BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR GENERAL OF INDIA.

FOREIGN DEPARTMENT,

CAMP LULLEEANA,

The 18*th February*, 1846.

The Chiefs, Merchants, Traders, Ryots and other Inhabitants of Lahore and Umritsir are hereby informed, that His Highness Maha Raja Duleep

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ১০ মার্চ।]

ললিয়ানা স্থানে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ছাউনিতে শ্রীযুত রাজা উজীর গোলাব সিংহ ও অন্যান্য সরদারেরদের সমভিব্যাহারে গমন করিতে ১৮ তারিখে আপনার মানস জ্ঞাপন করিলেন। তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ দিবসের অপরাহ্নে মহারাজাকে দরবারে গ্রহণ করিলেন তৎসময়ে শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব ও তাঁহার অমাত্যগণ উপস্থিত ছিলেন! সেইখানে পঁহুছিলে মহারাজার উজীর ও তাঁহার সরদারেরা ব্রিটিশ গবর্ণমেন্টের নিকটে আপনারদের অধীনতা স্বীকার করিলেন ও তাঁহার কৃপা যাচ্ঞা করিলেন।

তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সীকদেশীয় সরদার ও প্রজাকর্ত্তৃক মনোনীতহওয়া ব্রিটিশ গবর্ণমেন্টের বহুকালীন অতিবিশ্বস্ত আত্মীয় মিত্র মৃত মহারাজা রণজিৎ সিংহের সন্তান শ্রীযুক্ত মহারাজা দলিপ সিংহকে সীক জাতীয়েরদের প্রতিনিধিস্বরূপ জ্ঞান করিয়া এই করারে তাঁহার প্রতি কৃপা প্রদান করিলেন যে ব্রিটিশ গবর্ণমেন্ট যে নিয়ম ধার্য্য করিলেন এবং শ্রীযুক্ত মহারাজার উজীর ও সরদারদিগকে পূর্ব্বে বুঝাইয়া দিয়াছিলেন তাহা তিনি বিশ্বস্তরূপে প্রতিপালন করেন।

শ্রীযুক্ত মহারাজার দরবারহইতে প্রস্থান করণ সময়ে তাঁহার পদোপযুক্ত সেলামী তোপ হইল।

তৎসময় অবধি শ্রীযুক্ত মহারাজা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ছাউনির অতিনিকটে বাস করিয়াছেন কিন্তু শ্রীযুক্ত মহারাজা আপন পরিবারের নিকটে পুনর্ব্বার গমন করিলে তাঁহার সান্ত্বনা হইবেক বোধ করিয়া শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ইচ্ছা যে তাঁহাকে অদ্য আপন রাজবাটীর দ্বারপর্য্যন্ত অতিসম্ভ্রম ও নির্ব্বিঘ্নে ব্রিটিশ গবর্ণমেন্টের সৈন্যেরা পঁহুছাইয়া দেয়।

শ্রীযুত গবরনর জেনলর বাহাদুর বর্ত্তমান মাসের ১৮ তারিখে পশ্চাৎ লিখিত এক ঘোষণাপত্র প্রকাশ করিলেন তাহাতে তিনি লাহোর এবং অন্যং স্থানের যে সকল ব্যক্তিরা আপনারদের বাণিজ্য ও ব্যবসায় কর্ম্ম পূর্ব্ববৎ শান্তিরূপে চালাইতে থাকেন তাঁহারদিগকে আশ্বাস দিলেন।

এই যুদ্ধের কৃত কার্য্য দেখিয়া শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এই হৃদ্বোধ হইয়াছে যে সৈন্যেরদের অতি বিখ্যাত সৈন্যাধ্যক্ষের অধীনে যুদ্ধ হইলেই জয় হইবেক এই বিষয়ে তাঁহার যেমন নিত্য বিশ্বাস ছিল তেমনি এক্ষণে এই অজেয় সৈন্যের উদ্যোগের উপর তিনি নির্ভর করিতে পারেন।

তাঁহার ভরসা আছে যে কোন সেনাপতি অথবা ইউরোপীয় কি এদেশীয় সিপাহী লাহোর নগর প্রবেশ করণার্থ আপনং ছাউনির সীমাস্থ স্থানের চৌকী উল্লঙ্ঘন করিবেক না এবং শ্রীযুত প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবকে এই হুকুম অতিশক্তরূপে প্রতিপালনের বিষয়ে এবং ছাউনিতে আহারীয় দ্রব্য আনয়নকারিরদিগকে রক্ষা করণের বিষয়ে যথোচিত হুকুম দিতে আদেশ করিতেছেন।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

এফ করি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের বিজ্ঞাপন।

বিদেশীয় ডিপার্টমেন্ট।

ললিয়ানার ছাউনি।

১৮৪৬ সাল ১৮ ফেব্রুআরি।

লাহোর ও অমৃতসরের সরদার ও বণিক ও মহাজন ও প্রজা ও অন্যান্য নিবাসিরদিগকে ইহার দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে শ্রীযুক্ত মহারাজা দলিপ সিংহ অদ্য

Singh has this day waited upon the Right Honourable the Governor General and expressed the contrition of himself and the Sikh Government for their late hostile proceedings. The Maha Rajah and Durbar having acquiesced in all the Terms and Conditions imposed by the British Government, the Governor General has every hope that the relations of friendship will speedily be re-established between the two Governments. The Inhabitants of Lahore and Umritsir have nothing to fear from the British Army. The Governor General and the British Troops, if the conditions above adverted to are fulfilled, and no further hostile opposition is offered by the Khalsa Army will use their endeavours for the re-establishment of the Government of the descendant of Maha Raja Runjeet Sing and for the protection of its subjects.

The Inhabitants of the Cities in the Punjab will, in that case, be perfectly safe in person and property from any molestation by the British Troops, and they are hereby called upon to dismiss apprehension and to follow their respective callings with all confidence.

By order of the Right Hon'ble the Governor General of India,

F. Currie.

Secy. to the Govt. of India,
With the Governor General.

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সঙ্গে সাক্ষাৎ করিয়া সম্প্রতি যে যুদ্ধব্যাপার হইয়াছিল তদ্বিষয়ে আপনার ও সীকের গবর্ণমেণ্টের অতিশয় খেদ প্রকাশ করিলেন। ব্রিটিশ গবর্ণমেণ্ট যে সকল নিয়ম ও করার নির্দ্দিষ্ট করিলেন তাহাতে শ্রীযুক্ত মহারাজা ও তাঁহার মন্ত্রিরা স্বীকৃত হইলেন অতএব শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ভরসা আছে যে উভয় সরকারের মধ্যে মিত্রতা সম্বন্ধ পুনর্ব্বার অতিশীঘ্র সংস্থাপন হইবেক। ইঙ্গলণ্ডীয়েরদের সৈন্যেরদিগকে লাহোর ও অমৃতসরের নিবাসি লোকেরদের কিছু মাত্র ভয় করণের আবশ্যক নাই। যদ্যপি পূর্ব্ব উল্লিখিত নিয়মসকল অতিবিশ্বস্তরূপে প্রতিপালন হয় এবং যদি খালসার সৈন্য আর প্রতিকূলাচরণ না করে তবে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা মহারাজা রণজিৎ সিংহের সন্তানকে রাজ্যে পুনর্ব্বার স্থাপন করিতে এবং প্রজারদিগকে প্রতিপালন করিতে অতিযত্ন করিবেন।

তাহা হইলে পঞ্জাবের শহরনিবাসিরদের প্রাণধন সম্পূর্ণরূপে নির্ব্বিঘ্নে থাকিবেক এবং ইঙ্গলণ্ডীয় সৈন্যের দ্বারা তাহারদের কিছু উদ্বেগ হইবেক না অতএব তাহারদিগকে অভয় দেওনার্থ এবং অতিবিশ্বাসপূর্ব্বক আপন২ ব্যবসায় চালাইবার নিমিত্তে এই ঘোষণা করা যাইতেছে।

ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

এফ করি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 703.

To the Collectors of Land Revenue Lower Provinces.

1st. The Right Honourable the Governor General having been pleased to authorize the appointment of a Paymaster to the Army of the Sutledge, and Captain W. G. Lennox of the 43d Regiment Native Infantry having been appointed to the Office, I have the honour to request that you will duly honour all drafts that may be drawn upon your Treasury by the Paymaster of that Army, debiting the same in your Treasury Accounts under the head of "Paymaster to the Army of the Sutledge" subordinate to "Bills payable in the Military Department"

2nd. You will be pleased to restrict any drafts that you may issue on the Treasury of the said Paymaster to sums tendered on account of Military Family Remittances, crediting the amounts under the head above indicated.

(Signed) R. Walker,
Offg. Accountant General.

Fort William, Accountant General's Office,
Revenue Department, 27th February, 1846.

[*Government Gazette, 10th March,* 1846.]

আক্কৌণ্টেণ্ট জেনরলের সরক্যুলর পত্র।

৭০৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ভূমির মালগুজারীর কালেক্টর সাহেব বরাবরেষু।

১। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর শতদ্রু নদের সৈন্যের বক্শী পদ স্থাপন করিতে হুকুম দেওয়াতে এবং এদেশীয় ৪৩ রেজিমেণ্টের পদাতিক সৈন্যের সেনাপতি শ্রীযুত কাপ্তান ডবলিউ জি লেনক্স সাহেব সেই পদে নিযুক্ত হওয়াতে আমি তোমাকে আদেশ করিতেছি যে ঐ সৈন্যের বক্শী সাহেব তোমার খাজানাখানার উপর যে সকল ড্রাপ্ট দেন তাহার টাকা দেও এবং তোমার খাজানাখানার হিসাবে "মিলেটারী ডিপার্টমেণ্টে দেয় বিলের" খাতায় "শতদ্রু নদের বক্শী" এই কথার নীচে লেখ।

২। সৈন্যসম্পর্কীয় পরিবারের নিমিত্তে হুণ্ডী বলিয়া তোমার নিকটে যে টাকা পঁহুছে কেবল সেই টাকার ড্রাপ্ট উক্ত বক্শী সাহেবের খাজানাখানার উপর দিবা এবং তাহা উপরের উক্তমতে হিসাবে লিখিবা।

আর ওয়াকর।

একটিং আক্কৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম।
আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট ১৮৪৬।২৭ ফেব্রুআরি।

John C. Marshman, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 27th February, 1846.

Baboo Deenobundhoo Chowdry, who has obtained a diploma, to be Moonsiff of Joobkibagra, Zillah Tipperah. This cancels the appointment of Baboo Nilmony Mitter.

The appointment of Baboo Koolodanund Mookerjee, to be Moonsiff of Sooree, Zillah Beerbhoom, has not taken effect.

The 6th March, 1846.

Moonshee Chytun Churn Doss to be Acting Moonsiff of Lushkerpore, Zillah Sylhet, during the absence of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 27th February, 1846.

Baboo Nobeenchunder Mitter, Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea, for 5 days.

Kirteenath Khungeeah Phookun, Moonsiff of Burpettah, Zillah Kamroop, for two months from 5th instant.

The 4th March, 1846.

Baboo Gungachurn Shome, Moonsiff of Sulimabad, East Burdwan, from the 11th to the 16th instant; and Moonshee Dubeerooddeen Mahomed, Moonsiff of Mudpoor, Zillah East Burdwan, from the 13th to the 19th proximo.

The 6th March, 1846.

Moulvy Mazum Hossein, Moonsiff of Madhubgunge, Zillah West Burdwan, for four days, from the 11th instant.

B. J. Colvin, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

No. 351.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 21st February, 1846.

Mr. C. S. Belli to be an Assistant to the Magistrate and to the Collector of Jessore.

The 23d February, 1846.

Mr. E. H. Anson to be an Assistant to the Magistrate and to the Collector of Patna.

The 25th February, 1846.

Mr. R. J. Richardson to be an Assistant to the Joint Magistrate and to the Deputy Collector of Pubna.

LEAVE OF ABSENCE.

The 23d February, 1846.

Mr. C. T. Sealy, Magistrate of Chittagong, for one year, on private affairs, to proceed to Europe.

NOTIFICATIONS.

The 25th February, 1846.

Mr. C. Steer, Collector of Dinagepore, made over charge of the Treasury at Dinagepore to

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৭ ফেব্রুআরি।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু দীনবন্ধু চৌধুরী জিলা ত্রিপুরার জুবকিবাগড়ার মুনসেফ হইবেন। ইহাতে শ্রীযুত বাবু নীলমণি মিত্রের নিয়োগ রহিত হইল।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যার জিলা বীরভূমের সুরীর মুনসেফী পদে নিযুক্তহওয়া রহিত হইয়াছে।

১৮৪৬ সাল ৬ মার্চ।

জিলা ছিলটে লশকরপুরের মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মুনশী চৈতন্যচরণ দাস ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৭ ফেব্রুআরি।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা কামরূপের বীরপেটার মুনসেফ শ্রীযুত কীর্ত্তিনাথ খাঙ্গিয়া ফুকন বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৪ মার্চ।

পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। এবং জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মাদপুরের মুনসেফ শ্রীযুত মুনশী দবীরুদ্দীন মহম্মদ গত মাসের ১৩ তারিখঅবধি ১৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন

১৮৪৬ সাল ৬ মার্চ।

জিলা পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৫১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২১ ফেব্রুআরি।

শ্রীযুত সি এস বেলাই সাহেব যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৬ সাল ২৩ ফেব্রুআরি।

শ্রীযুত ই এচ আনসন সাহেব পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৬ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৩ ফেব্রুআরি।

চাটিগাঁর মাজিষ্ট্রেট শ্রীযুত সি টি সিলী সাহেব ইউরোপে গমনার্থ স্বীয় কর্ম্মোপলক্ষে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৫ ফেব্রুআরি।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব সরকারী কর্ম্মোপলক্ষে মফঃস্বলে গমনার্থ দিনাজপুরের

Uncovenanted Deputy Collector Jonardun Bose, in order to proceed into the interior on public duty.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 381.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 25th February, 1846.

Mr. G. C. Fletcher to be Joint Magistrate and Deputy Collector of Furreedpore. This cancels his appointment of the 14th instant to be Magistrate of Purneah.

The appointment of Mr. G. L. Martin to be Joint Magistrate and Deputy Collector of Furreedpore, notified in the *Bengalee Government Gazette* of the 24th ultimo, is cancelled.

Mr. J. S. Torrens, Collector of Midnapore, to be also Post Master at that Station.

Mr. F. Tucker, Assistant to the Magistrate and Collector of Monghyr, to be also Register of Deeds under Act XXX. of 1838, in that District.

Mr. H. R. Alexander and Dr. W. A. Green } to be Members of the Local Committee of Education at Howrah.

Mr. W S. Hudson, Sub-Assistant to the Commissioner of Assam at Gowalparah, to exercise the full Judicial powers of a Magistrate and the Civil powers allowed to experienced Junior Assistants by the 3d Supplementary Clause of the Rules for the Administration of Civil Justice in Assam.

Dr. R. Collum, in charge of the Ex-Ameers of Scinde at Hazareebaugh, to exercise the powers of a second class Assistant to the Agent Governor General S. W. Frontier in that District.

Baboo Gowreepersaud Roy, Sudder Ameen of Gowalparah, to exercise the powers of a Principal Sudder Ameen in that District.

The 27th February, 1846.

Baboo Dwarkanauth Chatterjee, Graduate of the Medical College, to be Sub-Assistant Surgeon in Medical charge of Ramree.

The appointment dated 7th instant of Moulavie Mahomed Saeem to be Sudder Ameen and Sudder Moonsiff of Midnapore, notified in the *Bengalee Government Gazette* of the 17th ultimo, has been cancelled at his request.

LEAVES OF ABSENCE.

The 25th February, 1846.

Mr. J. Alexander, from the 2d to the 10th instant, the date on which the Steam Ship "Precursor" was left at sea by the Pilot.

Mr. T. Sandys, Collector of Patna, for fifteen days, under Section XII. of the absentee Rules, in extension of the leave of absence granted to him on the 4th instant.

[*Government Gazette,* 10*th March,* 1846.]

খাজনাখানার ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জনার্দ্দন বসুর প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

৩৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। অতএব পূরণিয়ার মাজিষ্ট্রেটী পদে বর্ত্তমান মাসের ১৪ তারিখে তাঁহার নিয়োগ রহিত হইল।

শ্রীযুত জি এল মার্টিন সাহেবের ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্মেতে যে নিয়োগ বর্ত্তমান মাসের ২৪ ফেব্রুআরি তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত জে এস টরেন্স হেব ঐ স্থানের ডাকের অধ্যক্ষও হইবেন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ টকর সাহেব ঐ জিলাতে ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত এচ আর আলেকজাণ্ডর সাহেব ও শ্রীযুত ডাক্তর ডবলিউ এ গ্রীন সাহেব হাবড়াতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

গোআলপাড়াতে আসামের কমিসনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব আসামে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থ বিধির ক্রোড়পত্রের ৩ প্রকরণের লিখিত নিপুণ জুনিয়র আসিষ্টান্ট সাহেবদিগকে যে দেওয়ানী ক্ষমতা অর্পণ হয় তদনুসারে এবং মাজিষ্ট্রেটের বিচারার্থ সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

হাজারীবাগে সিন্ধু দেশের রাজ্যচ্যুত আমীরেদের এতমামদার শ্রীযুত ডাক্তর আর কলম সাহেব ঐ জিলাতে দক্ষিণপশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

গোআলপাড়ার সদর আমীন শ্রীযুত বাবু গৌরীপ্রসাদ রায় ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৬ সাল ২৭ ফেব্রুআরি।

মেডিকাল কালেজের সুশিক্ষিত ছাত্র শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুয্যা সব-আসিষ্টান্ট চিকিৎসক হইয়া রামরী স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

মেদিনীপুরের সদর আমীন ও সদর মুনসেফী কর্ম্মে বর্ত্তমান মাসের ৭ তারিখে শ্রীযুত মৌলবী মহম্মদ সাইমের যে নিয়োগ ১৭ ফেব্রুআরি তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

ছুটী।

১৮৪৬ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত জে আলেকজাণ্ডর সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি ১০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। ঐ তারিখে আড়কাটি সাহেব "প্রিকর্সর" নামক বাষ্পীয় জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

পাটনার কালেক্টর শ্রীযুত টি সাণ্ডিস সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটী প্রাপণ বিষয়ক বিধির ১২ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

The 27th February, 1846.

Moulavie Ushruff Allee, Principal Sudder Ameen of Furreedpore, for one month, in extension of the leave of absence granted to him under Medical Certificate on the 3d ultimo.

NOTIFICATION.

The 28th February, 1846.

Mr. Henry Ricketts, Commissioner of the 16th or Chittagong Division, resumed charge of his office on the 20th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 398.

শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জে ফ্রেঞ্চ সাহেব ত্রিহুতের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ফরিদপুরের প্রধান সদর আমীন হইবেন। অতএব গত জানুআরি মাসের ১৪ তারিখের যে হুকুমক্রমে তিনি চাটিগাঁর দ্বিতীয় প্রধান সদর আমীনী কর্ম্মে নিযুক্ত হন তাহা রহিত হইল।

শ্রীযুত মৌলবী আশরফ আলী চাটিগাঁর দ্বিতীয় প্রধান সদর আমীনী পদে থাকিবেন। অতএব গত জানুআরি মাসের ১৪ তারিখের যে হুকুমক্রমে তিনি ফরিদপুরের প্রধান সদর আমীনী পদে নিযুক্ত হন তাহা রহিত হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপন।

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বৈতনিক সম্প্রদায়ের যেং পদ শূন্য হইয়াছে তাহা পূর্ণ করিবার নিমিত্তে ১৮৪৬ সালের আপ্রিল মাসের আরম্ভে উক্ত কালেজে ইমতিহান হইবেক। ঐং পদের বেতন মাসিক ৮৲ টাকা এবং তাহা পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে। ষোল বৎসরের ন্যূন কিম্বা বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে কোনমতে নিযুক্ত করা যাইবেক না।

ঐ পদাকাঙ্ক্ষি প্রত্যেক জনের আবশ্যক যে তিনি কোন সম্ভ্রান্ত লোকের স্থানে এক সুপারিশপত্র আনেন তাহাতে ইহা লেখা থাকিবেক যে তিনি সদাচারী এবং ঔষধ বিদ্যা শিক্ষা করণের যোগ্য বটেন।

যাঁহারা ঐ পদ পাইতে প্রার্থনা করেন তাঁহারদের অনন্যতা নিশ্চয় করণের অভিপ্রায়ে তাঁহারদের আবশ্যক যে ইমতিহানের দিবসের তিন দিন পূর্ব্বে তাঁহারা কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হন।

সকল পদাকাঙ্ক্ষির আবশ্যক যে তাঁহারা ইঙ্গরেজী ভাষা উত্তমরূপে জানেন ও শুদ্ধরূপে এবং সহজে তাহা পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে পারেন। আরো তাঁহারদের আবশ্যক যে তাঁহারা মিল্টন পারাডৈস লষ্ট কিম্বা রাবর্টসনের ইতিহাস পুস্তক কি তত্তুল্য উত্তম পুস্তকের কোন ভাগের অর্থ করিতে পারেন এবং অঙ্ক বিদ্যা ও বীজগণিত বিদ্যা ও ভূমিপরিমাপক বিদ্যা ও পদার্থনির্ণায়ক বিদ্যার মূল নিয়ম জানেন এবং তাঁহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের স্থানহইতে একটা সর্টিফিকট আনেন তাহাতে লেখা থাকিবেক যে তাঁহারা আবশ্যক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন এবং প্রস্তাবিত ইমতিহান দিতে পারেন। যাঁহারা উপরের লিখিত বিদ্যাবিষয়ে অধিক জ্ঞানপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাই অগ্রে মনোনীত হইবেন।

বৈতনিকভিন্ন অন্য ছাত্রেরদের গ্রাহ্য হইবার ইমতিহান সেই সময়ে হইবেক এবং উপরের লিখিত ইমতিহানের মত হইবেক।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ১ জানুআরি।

NOTIFICATION.

An Examination will be held early in April, 1846, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee language, to enable them to read and write it in the Persian or Devanagree character.

All Interpreters of Regiments and Battalions will be requested through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years: and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expence, and inconvenience have already been experienced by lads from distant stations being furnished with certificates, who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been adopted.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of Examination, in order that a proper descriptive roll may be prepared for transmission to the Examiners of the College of Fort William.

All Students in the Military Class, are amenable to the Articles of War, and regularly enlisted as soldiers.

No candidate will be admitted to the School who is physically unfit for the duties of a soldier.

By order of the Honourable the President and Council of Education.

F. J. Mouat, M. D.,

Secretary.

Council of Education, 1st January, 1846.

EDUCATION.

Notice is hereby given, that the next Meeting of the Committee for the Examination of Candidates for employment and promotion in the Education Department will be held in the Hindu College, on Saturday, the 4th of April, at 10 A. M. precisely.

Detailed particulars of the nature and extent of the Examination, the number of vacancies in the Department, &c. &c. will be afforded by the Secretary to the Council of Education, to all candidates, on personal application.

(By order,)

F. J. Mouat, M. D.,

Secretary Council of Education.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৪ মার্চ।]

বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৬ সালের আপ্রিল মাসের আরম্ভে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবেক যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে।

রেজিমেন্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এতদ্রূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্তে উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা লিখিত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্রেরা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবেক এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি ক্ষীণ শরীরপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ১ জানুআরি।

বিদ্যাধ্যাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে বিদ্যাধ্যাপনের সিরিশতায় যাহারা নিযুক্ত হইবার এবং উচ্চ পদ পাইবার আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহান লইবার কমিটির আগামি বৈঠক হিন্দু কালেজে ৪ আপ্রিল তারিখ প্রাতঃকালে ঠিক দশ ঘন্টার সময়ে হইবেক।

ঐ ইমতিহানের প্রকার ও তাহা কিপর্য্যন্ত হইবেক এবং ঐ সিরিশতায় কত পদ শূন্য আছে ইত্যাদি বিষয়ের সকল বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষিরা নিজে দরখাস্ত করিলে কৌন্সেলের সেক্রেটারী সাহেব তাহারদিগকে তাহা জানাইবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

NOTIFICATION

The following return of meritorious students for 1845-46 furnished by the Council of Education in pursuance of the Resolution of Government, dated the 10th October 1844, is published for general information.

Name.	Age.	Residence.	Institution at which educated.	Extent of acquirements.	Character and abilities.	Class attained and honorary distinctions and tokens of merit acquired.	Remarks.
Hurrymohun Chatterjee.	21	Chinsurah, Zillah Hooghly.	Hooghly College.	The Senior Scholarship Standard.	Character excellent. abilities very good. remarkable for industry.	Senior Scholarship. Prize at the Law Examination of 1844. ...	1st. Class.
Nowruttun Mullick, ..	22	Goontabazar. Zillah do.	Do.	Do.	Excellent character and good abilities.	Senior Scholarship. Gold Medal for English Essay in 1843. Certificate of creditable proficiency in law.	Do.
Nobinchunder Doss. ..	22	Chinsurah, Zillah do.	Do.	Do	Excellent character with considerable natural talent. and intelligence.	Senior Scholarship.	2d. Class.
Juggesur Ghose. ..	19	Bansbaria, Zillah do.	Do.	Do.	Excellent character and good abilities.	Junior Scholarship.	Do.
Judoonath Doss, ..	18½	Chinsurah, Zillah do.	Do	Do.	Excellent character and abilities very good indeed.	Senior Scholarship.	Do.
Gungachurn Sirkar, ..	22	Kakshealee, Zillah do.	Do	Do.	Excellent character and good abilities.	Do. Silver Medal for Bengalee Essay, 1845.	Do.
Gooroochurn Chatterjee,	21	Baboogunge, Zillah do.	Do.	Do.	Excellent character.	Senior Scholarship.	Do.
Gooroochurn Doss. ..	23	Chinsurah, Zillah do.	Do.	Do.	Excellent character. moderate abilities.	Do.	Do.

[*Government Gazette*, *24th March*, 1846.]

বিজ্ঞাপন।

১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের গবর্ণমেন্টের নির্দ্ধারণক্রমে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ১৮৪৫। ৪৬ সালের যোগ্য ছাত্রেরদের নীচের লিখিত যে রিপোর্ট পাঠাইয়াছেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

নাম	বয়স্	বাসস্থান	যে বিদ্যালয়ে শিক্ষিত হন্	যে পদপ্রাপ্ত হইয়াছেন	আচরণ ও ক্ষমতা	যে সম্প্রদায় প্রাপ্ত হইয়াছেন ও যোগ্যতার সম্ভ্রমসূচক যে সকল চিহ্ন পাইয়াছেন।	মন্তব্য কথা
হরিমোহন চাটুয্যা	২১	চুঁচুড়া জিলা হুগলী	হুগলী কালেজ	প্রধান বৃত্তিভোগির পদ	অতিশয় সদাচার ও অত্যুত্তম ক্ষমতা ও অতিশয় পরিশ্রমিতা	১৮৪৪ সালের আইনের পরীক্ষাতে প্রধান বৃত্তিভোগির পুরস্কার প্রাপ্ত হন্।	প্রথম সম্প্রদায়
নবরঙ্গ মল্লিক	১১	গুপ্তা বাঙ্গার জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ ও উত্তম ক্ষমতা	প্রধান বৃত্তিভোগী। ১৮৪৩ সালে ইঙ্গরেজী এসের নিমিত্তে সোণার মুদ্রাপ্রাপ্ত। আইনের বিষয়ে সুশিক্ষার সর্টিফিকট পান্।	ঐ
নবীনচন্দ্র দাস	১১	চুঁচুড়া জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ ও স্বাভাবিক অনেক গুণ ও জ্ঞান	প্রধান বৃত্তিভোগী	দ্বিতীয় সম্প্রদায়
যজ্ঞেশ্বর ঘোষ	১৯	বাঁশবাড়িয়া জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ ও উত্তম ক্ষমতা	দ্বিতীয় বৃত্তিভোগী	ঐ
যদুনাথ দাস	১৮।৬	চুঁচুড়া জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ এবং অতিউত্তম ক্ষমতা	প্রধান বৃত্তিভোগী	ঐ
গঙ্গাচরণ সরকার	২২	খেঁকসেয়ালী জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ ও উত্তম ক্ষমতা	১৮৪৫ সালে বাঙ্গলা এসের নিমিত্তে রূপার মুদ্রাপ্রাপ্ত হন্।	ঐ
গুরুচরণ চাটুয্যা	২১	বাকুলিয়া জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ	প্রধান বৃত্তিভোগী	ঐ
গুরুচরণ দাস	২৩	চুঁচুড়া জিলা ঐ	ঐ	ঐ	সদাচরণ মধ্যম ক্ষমতা	ঐ	ঐ

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৫। ২৪ মার্চ।]

GOVERNMENT ADVERTISEMENTS.

LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৪৫ সালের নবেম্বরপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারীর নিমিত্ত এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারীর ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৪৬ সালের ২৮ মার্চ মোতাবেক সন ১২৫২ সালের ১৬ চৈত্র রোজ শনিবার কালেক্টর সাহেবের কাছারীতে দ্বিতীয় নীলামে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ সাল তারিখ ২৮ ফেব্রুআরি সন ১২৫২ সাল তারিখ ১৮ ফাল্গুণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৫ সালের নবেম্বরপর্য্যন্তের পাওনা বাকী	কৈফিয়ৎ
২	ইস্তমুরারী জমা দাখিল না হওয়া মহাল	৫৩৫ খাস	সিরাজপুর পং শাহাবাদ	লবঙ্গ দাসী	।৷৪	।৷৪	এই মহাল প্রথমতঃ সন হালের ২৪ জানুআরি নীলাম হইবায় খরিদার বায়নার টাকা দাখিল করিয়া ৩০ দিনের মধ্যে মূল্যের অবশিষ্ট দাখিল না করিবায় দ্বিতীয় নীলামে বিক্রয় হইবেক ইতি।
ঐ	ঐ	ঐ	ঐ	কৃষ্ণরাম গোস্বামী	৶১০	৶১০	ঐ
ঐ	ঐ	১৩১২ খাস	সেলেমাবাদ পং হাবিলি	ওয়াসীল খাঁ	৷৶৭	৷৶৭	ঐ
ঐ	ঐ	১১২০ খাস	বোনকাপাসী দীং পং ইন্দ্রাণী	সুবলচন্দ্র রায়	২/১১	২/১১	ঐ
ঐ	ঐ	ঐ	ঐ	দিনহরি দত্ত	২।১১	২।১১	ঐ

G. D. WILKINS, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৪ মার্চ।]

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা চট্টগ্রাম।

যেহেতুক ১৮৪৫ সনের ১ প্রথম আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাকী খাজানা আদায় করার তারিখ বর্ত্তমান সনের ২৩ ফেব্রুআরি মকরর ছিল ঐ তারিখে আদায় হয় নাই অতএব উক্ত আইনের ১ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে ঐ সকল মহাল সন ১৮৪৬ ইঙ্গরেজীর মার্চ মাসের ২৩ তারিখ রোজ সোমবার জিলা মজকুরের কালেক্টরী কাছারিতে নীলাম হইবেক ইতি সন ১৮৪৬ ইঙ্গরেজী তারিখ ৩ মার্চ।

নম্বরের রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১৮৪৬ সনের ১৩ ফেব্রুআরির যে বাকী	কৈফিয়ৎ
	কায়মী	৪০৪	তং মনুহরধুরন্দী	দেবীরাম দত্ত	১১৮৶	১১৮৶	
	কায়মী	৬০১	তং ছত্রনার রন কাং	রামমোহন সেন	৮৯০ ॥৵৪	১৫/১	
	কায়মী	৯২৬	তং ভোলানাথ দেওয়ান	কৃষ্ণচরণ সদারাম	৪৩/৮	৩১ ।/৩	
	কায়মী	১১০৩	তং লোআরাজা	ফকির মাহামুদ ফকির শাহা	৪৯ ॥৵১১	৩৭ ।০	
	কায়মী	১৪৭৬	তং রামশরণ	রামকিশোর	১৪ ॥৶৬	৯ ॥৬	
	কায়মী	১৫৮৯	তং রাজুবিন্দাবন	রাজুবিন্দাবন	২১ ॥১১	১৬৵৮	
	কায়মী	১৬৪৯	তং সাকিরআলী পরাণ	সাকির আলি পরাণ	১৯৵২	৪ ॥/ ৭	
	কায়মী	১৮৭৬	তং সৈদ রকিমদ্দিন	পার্ব্বতী ও ভিত ও জীবন ও মৃত্যুঞ্জয়	১৮৸/৫	৮৵	
	কায়মী	২২৩১	তং শ্রীমন্তরাম বসু	ডাহিরাম সেন	১১ ॥/২	৮ ॥৵১০	
	বেকায়মী মোছালেহ	৯১২	তং রামদাস	খোদ	১১৶২	৫ ।/ ৭	
	ঐ	ঐ	মৌজে এলাহাবাদ তরফ আরমান বিবি মেহেরনিছা ...	ভবানীচরণ ঘোষ রামমোহন সেন	৫১৴৬	৩ ।/ ১	
	কায়মী	১৩৭	মৌজে মাণিকপুর থানে চকরিয়া তং মুনশী ওফান আলি	দেবীদাস দত্ত	৮৯৩ ।০	২৭৮ ॥০	
	ঐ	১১	মৌং নওয়াপাড়া তালুক রাধাকান্ত ভারতী পীং বলরাম ভরতীমোহন্ত	খোদ	৩০ ৸৵১১	১২ ৶৬	
	ঐ	১৪	মৌজে জানিপাতর তালুক জাদনবিবি আহালিএ মাহাং আছাদ চৌং	খোদ	১০ ৷৵১১	২৬	
	বেকায়মী	১৪৪	মৌজে চামুর তালুক উমেদালি ও ফকির মাহাং ও চান্দ বিবি	খোদ	১৮০ ।৵৯	১৫৫(?)	
	ঐ	১৩	মৌজে বরঘোনা তালুক ফকির মাহাং পীং তারি ...	খোদ	।৵৮	॥৵৩	
	ঐ	২০	তালুক হারিচান্দ পীং ফেরাঙ্গ ও আমদানি পীং চৌধুরী	খোদ	৪/৬	৭৸১	
	ঐ	১৮	তালুক মাগন আলি পীং মতনুপ	খোদ	।১২	॥১১	
	ঐ	৩৮	তালুক হাএদর আলী পীং আস্কর আলি ..	খোদ	৬২	১ ॥ ১০	

নম্বরের রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১৮৪৬ সনের ১৭ ফেব্রুআরির যে বাকী	কৈফিয়ত
	বেকারমী	৪১	তালুক জাফর আলি পীং গোলাম হোছন ও আকবর আলি পীং মাহাং আলি মোছন আলি পীং রহমত আলি ...	খোদ ...	১০৮৩	১১ ৷৮ ৪	
	ঐ	৪৪	তাং উমেদ আলি পীং এয়ার মাহাং শ্রীমতী ছাদকবিবি দোক্তার কুকুরচান্দ ...	খোদ ...	৩ ৷৶	২৶	
	ঐ	১০	মৌজে মনকিচর তালুক বদিজ্জীন পীং আমির মাহামুদ	খোদ ...	৷৷৵১	৷৵৫	
	ঐ	৪	মৌজে কাথরিয়া তালুক শ্রীমতী কর্মল আহালিএ ছহর শীকন্দার ...	খোদ ...	৶	৷৶	
	ঐ	৪২	তালুক আনিচ করিম বক্স পীং ন্যাজ ...	খোদ ...	৷৴২	৶২	
	ঐ	৪৩	তালুক নছরত আলি পীং মাহাং জাফর ভাণ্ডারি ...	খোদ ...	৷৷০	৷৮	
	ঐ	১১	মৌজে বাগমারা তালুক শ্রীমতী বিশ্বেশ্বরী আহালিএ রামলোচন ...	খোদ ...	৩ ৷৵৭	৩ ৷৶৩	
	ঐ	১	মৌজে রামখোলা তালুক শ্রীমতী পদ্ম আহালিএ বৃন্দাবন	খোদ ...	৩ ৷৷৯	৫ ৷৯	
	ঐ	৩	তালুক শ্রীমতী বিজান বিবি আহালিএ জাফর আলি ...	খোদ ...	৷৵৮	৷৷৶	
	ঐ	১	মৌজে কৈজা তালুক জেমাবতখাঁ পীছাব এআছিন খাঁ আবদুল খাঁ পীং জেমাবৎ খাঁ ...	খোদ ...	২৪ ৷৯	১২৶৩	
	ঐ	৪৭	জিং খতিপ আহাদ উল্লা ...	কালিন্দিরানি হারি বিবি ওগএরে গায়ের জিডিকরিবি দোক্তরে রাজা ধরম বক্স ...	৩৪ ৷৷৶৩	১৭ ৷৶৩	
	ঐ	২	মৌজে মাকন্দা তালুক মাহাং মছি পীং রাজাখাঁ ...	খোদ ...	৴১১	৶১০	
	ঐ	৬	মৌজে তেলির বিল তালুক কৃষ্ণচন্দ্র গুহ পীং গৌরীচরণ	খোদ ...	৵১১	৻৯	
	ঐ	১০	তালুক মমশের সদাগর পীং আবেদ ...	খোদ ...	৷৶	৴৬	
	ঐ	৬	মৌং জোয়বিয়ার বিল তাং জিতরাম পীং কালাচান্দ বলরাম পীং বিমন মণ্ডল ...	খোদ ...	১ ৷৶৫	৸৴৮	
	ঐ	১০	তালুক রামমণি মিত্র পীং সাছিরাম মিত্র ...	খোদ ...	৷৴২	৶	
	ঐ	২	মৌজে নাজল মোরা তাং মাহাং হোছন ইছপ পীং রোস্তম ...	খোদ ...	১ ৷৯৭	১ ৷৯৭	
	ঐ	৩	তালুক ফতে আলী পীং মাহাং তকী ...	খোদ ...	৸৩	৸৩	
	ঐ	৪	তাং আরদান আলী পীং দৌলত ...	খোদ ...	৸৶	৸৶	
	ঐ	৫	তালুক মুনশী হাবিবাস পীং মাহাং শাহ ...	খোদ ...	৸৯	৷৴৯	

নম্বরের রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১৮৪৬ সনের ২৩ ফেব্রুআরির যে বাকী	কৈফিয়ৎ
	বেকারমী	৬	তাং বোচাগাজি ভোলাগাজি পীং মাহাং মফি ...	খোদ	৶৬	৶৬	
	ঐ	৭	তালুক ইছুপ খাঁ পীং কায়দার ও ওমর শাহা পীং জিহচ	খোদ	৶৩	৶৩	
	ঐ	৮	তাং ফতেআলী পীং মাহাং তকি কমরআলী পীং হাএদর আলী	খোদ	/৭	/৭	
	ঐ	৯	তালুক আরবান আলী পীং দৌলত ফতে আলী পীং মাহাং তকী	খোদ	৶৩	৶৩	
	ঐ	৭৯	মৌজে আক্কার মাণিক বাবতে ছানি ... ... জিমের সেখ মাহাং আনিচ দংছমাউল্লা কালাগাজি রোশন	খোদ	২৶৩	৸৩	
	ঐ	৪৫	মৌজে মানঘর তালুক জগদীশ পীং রামলোচন রামকিনু পীং রামমণি	খোদহা	॥১১	৶১১	
	ঐ	২০	মৌং কৈয়াগর তালুক ঈশানচন্দ্র পীং পার্ব্বতীচরণ ও অপর্ণাচরণ পীং নীলমণি গৌরসুন্দর পীং ভবানীশঙ্কর	খোদ	১॥৴৩	৸৩	
	ঐ	১৪	মৌং বৈরাগ তালুক সমশের খাঁওন আহালিএ সমদানি চৌং..	খোদ	I০	I৶	
	ঐ	২৬	মৌং সোনকটা তাং রামলোচন পীং বাঁশীরাম মহাজন কমল পীং জয়নারায়ণ গঙ্গারাম পীং শান্তিরাম দর্পনারায়ণ পীং বাঁশীরাম..	খোদহা	॥৶	I/২	
	ঐ	২৬	মৌং বটতলি তালুক সাকির মাহাং পীং দামী ও জ্ঞাএ ও ননিছা আহালিএ মনছুরআলী	খোদহা	I০৬	৶১০	
	ঐ	১৪	মৌং পশ্চিমচান তালুক রহমত খাঁ পীং আতাউল্লা ..	খোদ	২৸৴১০	১৸৷	
	ঐ	১২৩	মৌং হাসিমপুর তালুক হাএদর আলী ও মতিউল্লা ও মেদানী পীং মিয়াজান	খোদ	৫৸৶৫	১১৸৶১০	
	ঐ	১২৯	তালুক কুকুরচান্দ পীং আনন্দিরাম	খোদ	৶	I৶	
	ঐ	১৪০	তালুক তামাজদ্দীন ধনিকা পীং মাহাং তরিমতোফা ...	খোদ	১/৬	২৶	
	ঐ	১৪৩	তালুক কানু পীং রামনিধি মণ্ডল যোতফা	খোদ	/৩	৶৩	
	ঐ	১৪৯	তালুক তিকচান্দ বরুয়া পীং কমল বরুয়া	খোদ	১॥২	৩৻৪	
	ঐ	৬	মৌজে বাগঘরি তালুক মৃত্যুঞ্জয় ঠাকুর পীং রামপ্রসাদ ঠাকুর	খোদ	I৴৬	॥৶১০	
	ঐ	১১	তালুক লুবিদ্দর্দ্দার পীং তাজ মাহাং	খোদ	I৴৩	৸৶	

নম্বরের রকম	মহালের রকম	মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	১৮৪৬ সনের ১৩ ফেব্রুআরির যে বাকী	কৈফিয়ৎ
	বেকায়মী	৪৩	তালুক রামকান্ত পীস্থরে রামজীবন ঠাকুর	খোদ	৷১০	৴৮	
	ঐ	২	মৌং থানে মহিরা তালুক হাএদর আলী পীং নওয়াগাজি	খোদ	৴৯	৴৯	
	ঐ	৮	তালুক আমান আলী পীং মাহাং আজিম সমশেরআলী পীং আরমল্লা	খোদ	১৴৬	১৴৬	
	ঐ	১৮	তালুক শ্রীমতী নুর বানু আহালিএ মাহাং দাএম	খোদ	॥৴৩	॥৴৩	
	ঐ	১০৭	মৌজে এলাহাবাদ তালুক আহমদ রহেমান মতওল্লি মখলুক রহেমান মোতফা ...	খোদ	১৩ ॥৴৬	১৩৴৬	
	ঐ	১৭	মৌজে চর লক্ষ্মা তাং হরিদাস পীং নরন বহর্দার	মাহাং কামিল	৫০ ৷৵৩	৩৮ ৷৵২	
	ঐ	৩২	মৌং সিলক তালুক কৃষ্ণচন্দ্র কাং পীং ইন্দ্রনারায়ণ	খোদ	৪৸৵২	৫ ৷৵২	
	ঐ	১০	মৌং পদুআ তালুক শ্রীমতী কালিন্দী রানি ও হাবি বিবি জওজে রাজা ধরমবকশ খাঁ ..	খোদ	১৭ ৷০	৮ ৷৵	
	ঐ	৫৬	মৌং বরউহান তালুক দেওয়ান বিবি আহালিএ শামদানি চৌধুরী	খোদ	৷৮	৵১১	
	ঐ	৫৭	তালুক দেওয়ান বিবি ও সমশের খাঁ ও আহালিএ শামদানি চৌধুরী ও মনু বিবি পেটান বিবি দোক্তরে মজলিস খাঁ ...	খোদ	৵	৵৬	
	ঐ	১৫১	মৌং মানিয়ারা তালুক হাএদর আলি পীং মুকীম ..	খোদ	৴৮	৷৬	
	ঐ	১৫৩	তালুক বাএআজ নেছা আহালিএ সৈদ দেওয়ানতউল্লা .	খোদ	৶৫	৴৩	
	ঐ	১৫৪	তালুক বক্সু নাজির পীং সেখ খএরুল্লা	খোদ	৸৶৩	৷১	
	ঐ	১৫	মৌং বাথুআ তালুক শ্রীমতী বিশ্বেশ্বরী আহালিএ বিশ্বম্ভর কানুগও	খোদ	৷৵	৷৴১১	
	ঐ	৮৪	মৌং কৈনপুরা তালুক গোপীনাথ রুদ্রনাথ পীং রামবল্লভ ঠাকুর	খোদ	৷৬	৷৴৩	
	ঐ	৮৫	তালুক আবেদুল আলী পীং জরে আজনদ্দীন	খোদ	৷৬	৷৬	
	ঐ	৩৮	মৌং মোটপারা বাবতে ছানি তালুক শ্রীমতী চন্দ্রপ্রভা আহালিএ রামদুলাল ...	খোদ	৴৫	৵১১	

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of BENJAMIN HARVEY, an Insolvent.

On Saturday, the 14th day of March instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 25,217-8-6 in his hands pay a dividend at the rate of Co.'s Rs. 30 per cent (which will amount to the sum of Co.'s Rs. 18,829-12-0) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given,
Assignee's Office, 16th March, 1846.

In the matter of CHARLES MOTTLEY, an Insolvent.

On Saturday, the 7th day of March instant, upon an application of the Assignee, in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 13,181-2-3 in his hands pay a dividend at the rate of Co.'s Rs. 12 per cent (which will amount to the sum of Co.'s Rs. 13,124-9-9) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given,
Assignee's Office, 16th March, 1846.

The like notice in the matter of ANDREW HEBERLET, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 2,619-3-9 a dividend at the rate of 10 Co.'s Rs. per 100 Sicca Rupees (amounting to Co.'s Rs. 2,209-11-2) be paid.

In the matter of KISTNOCHUNDER CHUCKERBUTTY, an Insolvent.

NOTICE is hereby given, that pursuant to an order bearing date this day, the hearing of the matters of the Petition of the Insolvent abovenamed, is adjourned to Saturday, the fourth day of April next.

W. F. GILLANDERS,
Insolvent's Attorney.

7th March, 1846.

In the matter of GEORGE ALBERT SHEPPARD, an Insolvent.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the seventh day of March instant, the Schedule of the said Insolvent has been amended, and can be referred to by any Creditor in the Office of the Chief Clerk, notice is also hereby given, that by the said order the hearing of the matters of the Petition of the said In-

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন বেঞ্জামিন হার্বি সাহেবের বিষয়ে

বর্ত্তমান মার্চ মাসের ১৪ তারিখ শনিবারে এই বিষয়ে আসৈনি সাহেব দরখাস্ত করাতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে সেই সকল দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাইতে সাব্যস্ত হইলে তাঁহার হাতে যে ২৫২১৭ ॥৶ টাকা থাকে তাহাহইতে তিনি শতকরা ৩০৲ টাকার ডিবিডেণ্ড অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৮৮২৯৸০ টাকা দেন্।

ইহার সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দপ্তরখানা।
১৮৪৬। ১৬ মার্চ।

যোত্রহীন চার্লস মটলি সাহেবের বিষয়ে

বর্ত্তমান মার্চ মাসের ৭ তারিখ শনিবারে এই বিষয় আসৈনি সাহেব দরখাস্ত করাতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলের লিখিত যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে সেই সকল দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাব্যস্ত হইলে তাঁহার হাতে যে ১৩১৮১৶৩ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১২৲ টাকার ডিবিডেণ্ড অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৩১২৪ ॥৶ ৯ টাকা দেন।

ইহার সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দপ্তরখানা।

১৮৪৬। ১৬ মার্চ।

যোত্রহীন আন্ড্রু হেবর্লেট সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল এই বিষয়ে হুকুম হইল যে ২৬৪৯৶৯ টাকাহইতে সিক্কা শত টাকার উপর কোম্পানির ১০৲ টাকার ডিবিডেণ্ড অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২২০৯ ॥৶২ টাকা দেওয়া যায়।

যোত্রহীন কৃষ্ণচন্দ্র চক্রবর্ত্তির

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে অদ্যকার হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক। ডবলিউ এফ গিলাণ্ডর্স।

যোত্রহীনের উকীল।

১৮৪৬। ৭ মার্চ।

যোত্রহীন জর্জ আলবর্ট সেপার্ড সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৭ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের তফসীল শুধরাণ গিয়াছে ও তাহা মহাজনেরা প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দেখিতে পারেন্। আরো ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল যে উক্ত হুকুম

solvent, has been adjourned to Saturday, the fourth day of April next.

JUDGE and BURKINYOUNG,
Insolvent's Attornies.

Calcutta, 19th March, 1846.

In the matter of JAMES COLQUHOUN, JAMES CHURCH and HUGH COLQUHOUN, Insolvents.

NOTICE is hereby given, that by an order of the said Court, made in this matter on the 7th day of March instant, it was ordered, that the Indentures of Assignments bearing date respectively the 13th and 22d days of January, 1842, from Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, to John Cowie and John Wallis Alexander, his late Co. Assignee, be declared vacated in so far as the same relates to the said John Cowie, but so nevertheless that no act or thing done by the said John Cowie, prior to the said order shall be annulled or in any wise affected thereby, it was further ordered, that the said John Cowie, do forthwith deliver up all the Estate and Effects, Books, Papers, Writings, Deeds and all other evidences relating thereto, as shall have come to his hands by virtue of the said assignments as aforesaid to Robert O'Dowda, as continuing Assignee of the Estate and Effects of the said Insolvents.

THOMPSON and ALLAN.

Calcutta, 18th March, 1846.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৪ মার্চ।]

ক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মধ্য অগামি আপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে শুনা যাইবেক।

জজ ও বর্কিন্যং।
যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৬। ১৯ মার্চ।

যোত্রহীন জেম্‌স কোহন ও জেম্‌স চর্চ ও হিউ কোহন সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মার্চ মাসের ৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে এ আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব ১৮৪২ সালের ১৩ এবং ২২ জানুআরি তারিখের আসৈনমেণ্টের যে খাতা শ্রীযুত জান কৌই সাহেব ও তাঁহার সহ আসৈনি শ্রীযুত জান ওয়ালিস আলেকজাণ্ডর সাহেবকে দেন সেই খাতা উক্ত জান কৌই সাহেবের বিষয়ে বাতিল হয় কিন্তু এমন হইবেক যে উক্ত হুকুম জারী হইবার পূর্ব্বে উক্ত জান কৌই সাহেব যে কোন কার্য্য করিয়াছেন তাহা কোনমতে বাতিল হইবেক না কিম্বা তাহার সঙ্গে কোন সম্পর্ক রাখিবেক না। আরো হুকুম হইল যে উক্ত আসৈনমেণ্টের বলক্রমে যে সকল মাল ও সম্পত্তি ও কেতাব ও কাগজ ও লিখনপঠন ও দলীলদস্তাবেজ এবং তৎসম্পর্কীয় যে সকল প্রমাণপত্র উক্ত জান কৌই সাহেবের হস্তে সমর্পণ হইয়াছিল তাহা তিনি অবিলম্বে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের প্রতি সমর্পণ করেন ঐ শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের মাল ও সম্পত্তির আসৈনিপদে থাকিবেন।

তামসন ও আলেন।

কলিকাতা। ১৮৪৬। ১৮ মার্চ।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 31, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৩১ মার্চ।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 22D NOVEMBER, 1845.

The following Act is brought up before the Legislative Council this day,—Resolved—That the Rules requiring that all Acts shall be brought up for second reading in two months or in three months from the date of the first reading be suspended in respect to the following Proposed Act, and that it be at once passed into Law—the assent of the Right Honourable the Governor General of India having been obtained and recorded.

ACT No. XXIII. OF 1845.

An Act to enable "The Union Bank of Calcutta" to sue and to be sued in the name of the Secretary or of the Treasurer of the said Company.

Whereas by and under a certain Deed of Partnership or Association or an Agreement in writing of that nature bearing date the 1st day of August 1839, several persons have formed themselves into a certain Company or Co-partnership by the name of "The Union Bank of Calcutta," by which said Deed or Agreement it was and is provided (amongst other things) that the business of the said Company should consist in issuing Promissory Notes payable to bearer on demand at their Office in Calcutta for any sum of not less than Eight Company's Rupees, and not exceeding One Thousand Company's Rupees, and Bills of Exchange payable at such time after date or sight as the Directors for the time being should fix to parties who should require the same and deposit the amount of such Bills in the said Bank, which deposit should bear interest at such rate as the Directors should fix, and also in

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২২ নবেম্বর।

নীচের লিখিত আইন ব্যবস্থাপক কৌন্সেলে অদ্য উপস্থিত করা গেল। তাহাতে নির্দ্ধারণ হইল যে সকল আইন প্রথমবার পাঠ হওনের তারিখের পর দুই কি তিন মাসের পর দ্বিতীয়বার পাঠ হওনের নিমিত্তে উপস্থিত করণের যে বিধান আছে সেই বিধান নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা একেবারে আইনস্বরূপ জারী হয়। তদ্বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর সম্মতি দিয়াছেন এবং ঐ সম্মতিপত্র কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৩ আইন।

কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কে আপনার সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামের দ্বারা নালিশ করিতে এবং অন্যেরদিগকে ঐ ব্যাঙ্কের সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামে নালিশ করিতে ক্ষমতা দেওনের আইন।

যেহেতুক ১৮৩৯ সালের ১ আগষ্ট তারিখের একটা অংশিপত্র অথবা সমাজপত্র কি সেই প্রকার লিখিত একরারনামার দ্বারা কএক ব্যক্তি "কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্ক" নামে এক কোম্পানি অথবা অংশিত্ব স্থাপন করিয়াছেন এবং ঐ পত্র অথবা একরারে যেমন অন্যান্য বিষয়ের ধার্য্য হইল তেমনি ইহাও নির্দ্ধার্য্য হইল ও নির্দ্ধার্য্য আছে যে উক্ত কোম্পানির এই ব্যবসা হইবেক বিশেষতঃ ৮৲ টাকার ন্যূন না হয় এবং ১০০০৲ টাকার অধিক না হয় এইমত যে প্রোমিসরি নোটের টাকা কলিকাতায় তাঁহারদের দফ্তরে দাওয়া হইলে বাহককে দিতে হইবেক এইমত নোট চালাওন এবং যে ব্যক্তিরা টাকা ব্যাঙ্কে আমানৎ করিয়া বিল অফ একসচেঞ্জ চাহেন তাঁহারদিগকে তৎকালীন ডৈরেক্টর্সেরা তারিখ বা দর্শনের পর যে মুদ্দৎ ধার্য্য করেন সেই মুদ্দতে ঐ বিল অফ এক্সচেঞ্জ দেওন এই আমানতী টাকার সুদ ডৈরেক্টর্সের দ্বারা ধার্য্যহওয়া হারঅনুসারে চলিবেক। এবং যে বিল অথবা প্রোমিসরি নোটের ডিসকৌণ্ট করণের তারিখঅবধি চারি মাসের অধিক মুদ্দৎ নাই

discounting Bills and Promissory Notes not having a longer period to run than four months from the time of discounting the same respectively, and also in lending money on the Security of personal property for any period not exceeding four months, or in cash accounts to persons depositing undoubted Security, such accounts to be settled at the end of every three months, and in all other branches of business usually transacted by Bankers in Calcutta, and by which said Deed or Agreement it was and is further provided, that the Capital Stock and Fund of the said Company should amount to the sum of 10,00,000 of Company's Rupees, with certain provisos for increasing the same when and if it should be deemed expedient. And whereas difficulties have arisen and may hereafter arise in recovering debts and monies due to the said Company called "The Union Bank of Calcutta," and in maintaining actions for damages done to the same Company, or to the property of the said Union Bank since by law all the Members for the time being of the said Company must be named in every action or suit carried on for such purpose. And whereas it would be convenient that persons having demands against the said Company should be entitled to sue one of the two Officers hereinafter mentioned or described in that behalf: therefore for obviating and removing the difficulties aforesaid—It is hereby enacted, that from and after the passing of this Act, all actions, suits and other proceedings whatsoever, at Law or in Equity, for any injury or wrong done to any real or personal property of the said Union Bank, in whomsoever the same may, for the time being be vested whether in the said Company, or in some person or persons in trust for the said Company, or upon or in respect of any present, liability or liabilities to the said Union Bank, or to any person or persons in trust for the said Union Bank, or upon any Bonds, Covenants, Contracts or Agreements which already have been or hereafter shall be given or entered into with the said Company, or to or with any person or persons whomsoever in trust for the said Union Bank, or wherein the said Union Bank is or shall be interested, and also all instruments and petitions to found any adjudication of Insolvency in any Court for the Relief of Insolvent Debtors against any person or persons indebted to the said Union Bank, and liable to have been made Insolvent by the Laws now or at any time hereafter in force relating to Insolvents in the East Indies, and generally all other proceedings whatsoever at Law or in Equity to be commenced, instituted or carried on by or on behalf of the said Union Bank, or wherein the said Union Bank is or shall be concerned or interested against any person or persons, body or bodies, politic or corporate, or others, whether such person or persons, body or bodies, politic or corporate, is or are or shall then be a Member or Members, Proprietor or Proprietors of, or in the said Union Bank, or not, shall and lawfully may be commenced, instituted, presented and prosecuted,

এইমত বিলপ্রভৃতি ডিসকৌণ্ট করণ এবং চারি মাসের অনধিক কাল মিয়াদে অস্থাবর সম্পত্তির জামিন লইয়া টাকা কর্জ দেওন অথবা যাঁহারা নিঃশঙ্ক সম্পত্তির জামিন দেন্ তাঁহারদের হিসাবে টাকা দেওন (এবং ঐ হিসাবের তিন২ মাসান্তরে নিষ্পত্তি হইবেক) এবং কলিকাতাস্থ বণিকেরা সামান্যতঃ যে২ ব্যবসা করিয়া থাকেন্ সেই প্রকার অন্য সকল ব্যবসা করণ। এবং ঐ দলীল অথবা একরারেতে আরো নির্দ্দিষ্ট হইল এবং নির্দ্দিষ্ট আছে যে উক্ত কোম্পানির মূলধন ও পুঁজি কোম্পানির ১০,০০,০০০৲ দশ লক্ষ টাকা হইবেক এবং যে সময়ে উচিত বোধ হয় সেই সময়ে ঐ মূলধন বৃদ্ধি করণের কতক২ নিয়ম ঐ দলীলের মধ্যে আছে। এবং যেহেতুক ঐ ব্যাঙ্ককর্ত্তৃক নালিশ হইলে ঐ ব্যাঙ্কের তৎসময়ে যত অংশী থাকেন তাঁহারদের প্রত্যেকের নাম ঐ২ মোকদ্দমায় আইনানুসারে লিখিতে হয় এবং এইপ্রযুক্ত "কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কনামক" উক্ত কোম্পানির যে টাকা পাওনা আছে তাহা আদায় করিতে দুষ্কর হইয়াছে এবং ইহার পর হইতে পারে এবং উক্ত কোম্পানির অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সম্পত্তির ক্ষতি যে ব্যক্তি করেন্ তাঁহার নামে নালিশ সিদ্ধ করা দুষ্কর হইয়াছে এবং উত্তর কালে হইতে পারে এবং যেহেতুক উক্ত কোম্পানির উপর যে সকল ব্যক্তির দাওয়া থাকে তাঁহারদিগকে পশ্চাৎ লিখিত দুই কর্ম্মকারকের অন্যতরের নামে তন্নিমিত্তে সেই বিষয়ে নালিশ করিতে ক্ষমতা দেওয়া গেলে সুগম হইবেক। অতএব পূর্ব্বোক্ত বিঘ্ন এড়াইবার এবং দূর করিবার নিমিত্তে— হুকুম হইল যে এই আইন জারী হওনঅবধি এবং তাহার পর ইউনিয়ন ব্যাঙ্কের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি তৎসময়ে যে কোন ব্যক্তির নিকটে অর্পিত থাকে অর্থাৎ ঐ কোম্পানিতে অর্পিত থাকিলে অথবা উক্ত কোম্পানির ট্রুষ্টের নিমিত্তে কোন ব্যক্তি বা ব্যক্তিরদের নিকটে অর্পিত থাকিলে ঐ ইউনিয়ন ব্যাঙ্কের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তির যে কোন ক্ষতি বা অন্যায় করা যায় তদ্বিষয়ি অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের কিম্বা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ট্রুষ্টসম্পর্কীয় ব্যক্তি বা ব্যক্তিরদের বর্ত্তমান সময়ে অন্যের উপর যে দাওয়া বা দাওয়াসকল থাকে তদ্বিষয়ি অথবা উক্ত কোম্পানির সঙ্গে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ট্রুষ্টস্বরূপ কোন ব্যক্তি বা ব্যক্তিরদের সঙ্গে যে কোন বণ্ড বা নিয়মপত্র কি চুক্তিপত্র বা একরারনামা এক্ষণে থাকে বা উত্তর কালে হয় অথবা যে সকল বণ্ডপ্রভৃতিতে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ক্ষতিবৃদ্ধি আছে সেই সকল বিষয়ের সকল নালিশ ও মোকদ্দমা ও আইন পক্ষে বা এক্যুটি পক্ষে সকলপ্রকার কার্য্য এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের টাকা ধারেন এবং ভারতবর্ষের যোত্রহীনের বিষয়ে এক্ষণে বা উত্তর কালে চলিত আইনের দ্বারা যোত্রহীন হইতে পারেন্ সেই ব্যক্তির বা ব্যক্তিদিগের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে যোত্রহীনতা ধার্য্য করণার্থ সকল দলীল এবং দরখাস্ত ও সামান্যতঃ আইন পক্ষে অথবা এক্যুটি পক্ষে যে সকল কার্য্য উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের দ্বারা অথবা তাহার পক্ষে আরম্ভ হয় অথবা উপস্থিত হয় বা নির্ব্বাহ হয় অথবা কোন ব্যক্তি বা ব্যক্তিরদের এবং কোন সমাজ বা সমাজসকলের বা চার্টরপ্রাপ্ত সমাজের বা অন্য ব্যক্তিরদের প্রতিকূলে যে কোন নালিশ ইউনিয়ন ব্যাঙ্কের থাকে সেই ব্যক্তি বা ব্যক্তিরা কি সেই সমাজ কি সমাজেরা কি সেই চার্টরপ্রাপ্ত সমাজ তৎসময়ে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা বা অংশী বা অংশিরা হউন বা না হউন সেই সকল নালিশ বা মোকদ্দমা বা কার্য্য আরম্ভ বা উপস্থিত হওনের সময়ে যে ব্যক্তি ইউনিয়ন ব্যাঙ্কের সেক্রেটারী অথবা খাজাঞ্চী হন্ তিনি আইনমতে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের পক্ষে অথবা নিমিত্তে ফরিয়াদী অথবা দরখাস্তকারী হইয়া আরম্ভ ও উপস্থিত ও দরপেশ এবং নির্ব্বাহ করিতে পারিবেন। এবং যে কোন ব্যক্তি বা ব্যক্তিসকলের ও সমাজ বা সমাজসকলের বা চার্টরপ্রাপ্ত সমাজের প্রতি ইউনিয়ন ব্যাঙ্কের বর্ত্তমান সময়ের বা উত্তর কালের কোন

or carried on in the name of the person who shall be the Secretary, or of the person who shall be the Treasurer of the said Union Bank at the time such action, suit or proceeding shall be commenced or instituted as the nominal plaintiff or petitioner for or on behalf of the said Union Bank, and all actions, suits and proceedings at Law or in Equity, as well for subsisting as future accruing claims, debts or demands to be commenced or instituted against the said Union Bank by any person or persons, body or bodies, politic or corporate, whether such person or persons, body or bodies, politic or corporate, is or are, or shall then be a Member or Members, Proprietor or Proprietors of, or in the said Union Bank or not, shall be commenced, instituted and prosecuted against the said Secretary for the time being of the said Union Bank, or of the said Treasurer for the time being of the said Union Bank, as the nominal defendant, respondent or defender for and on behalf of the said Union Bank, and the death, removal, resignation or any other act of such Secretary or Treasurer, or the Bankruptcy or Insolvency of such Secretary or Treasurer shall not abate or prejudice any action, suit or other proceeding at Law or in Equity commenced under this Act, but the same may be continued, prosecuted and carried on or defended in the name of any other the Secretary or Treasurer for the time being of the said Company.

দাওয়া বা কর্জের বাবতে আইন বা একুটি পক্ষে কোন নালিশ বা মোকদ্দমা কি কার্য্য আরম্ভ বা উপস্থিত করিতে হয় সেই ব্যক্তি বা ব্যক্তিসকল ও সমাজ বা সমাজসকল বা চার্টরপ্রাপ্ত সমাজ ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতী বা অংশী হউন বা না হউন সেই নালিশপ্রভৃতি উক্ত ব্যাঙ্কের তৎসময়ের সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামে আরম্ভ ও উপস্থিত ও নির্ব্বাহ হইবেক এবং ঐ সেক্রেটারী অথবা খাজাঞ্চী ইউনিয়ন ব্যাঙ্কের নিমিত্তে এবং তাহার পক্ষে আসামী ও রেসপাণ্ডেণ্ট হইবেন এবং উত্তর দিবেন। এবং ঐ সেক্রেটারী অথবা খাজাঞ্চী মরিলে বা বরতরফ হইলে কি ইশতাফা দিলে বা অন্য কোন কার্য্য করিলে অথবা উক্ত সেক্রেটারী বা খাজাঞ্চী দেউলিয়া কি খোত্রতান হইলে তাহাতে এই আইনানুসারে আরম্ভহওয়া আইন পক্ষে বা একুটি পক্ষে কোন নালিশ বা মোকদ্দমা কি কার্য্য রহিত বা তাহার ক্ষতি হইবেক না কিন্তু সেই মোকদ্দমাপ্রভৃতি উক্ত কোম্পানির তৎসময়ের অন্য কোন সেক্রেটারী বা খাজাঞ্চীর নামে চলিবেক ও নির্ব্বাহ হইবেক ও উত্তর দেওয়া যাইবেক ইতি।

II. And it is hereby enacted, that from and after the passing of this Act in all indictments, informations and other criminal proceedings brought, instituted or carried on by, or on the behalf of the said Union Bank for fraud or injury upon or against the said Union Bank, or for any felonies, taking, stealing or embezzlement, damaging or destroying, or for any offence whatever relating to any Money, Notes, Bills, Effects, Securities, or any real or personal property of the said Union Bank, or for any other offence against the said Union Bank, it shall be lawful to state such Money, Notes, Bills, Effects and Securities, and other real and personal property in whomsoever the same may be vested whether in the said Union Bank, or in some person or persons in trust for the said Union Bank, to be the Money, Notes, Bills, Effects and Securities, or property of the said Union Bank, or of such Secretary or Treasurer for the time being of the said Union Bank; and any offence committed with intent to injure or defraud the said Union Bank, shall and lawfully may in such prosecution be laid to have been committed with intent to injure or defraud the said Union Bank, or such Secretary or Treasurer for the time being of the said Union Bank, and any offender or offenders may hereupon be lawfully convicted of any such offence, and in all other allegations or indictments, informations, or other proceedings in which before the passing of this Act, it would have been necessary to state the names of the persons composing the said Union Bank, it shall be lawful and sufficient to state the name of such Secretary or Treasurer, and the death, resignation or removal of such Secretary or

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনঅবধি এবং তাহার পর উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের প্রতি যে সকল চাতুরী বা ক্ষতি হয় সেই বাবতে অথবা কোন ভারি অপরাধ বা কোন টাকা অপহরণ করণ বা চুরী করণ কি তছরুফ করণ কিম্বা ক্ষতি করণ বা নষ্ট করণের বাবতে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের কোন টাকা বা নোট বা বিল কি সম্পত্তি বা জামিনস্বরূপ প্রাপ্ত বিষয় বা কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির সম্পর্কে যে কোন অপরাধ হয় সেই বাবতে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের প্রতিকূলে অন্য যে কোন অপরাধ হয় সেই বাবতে ইউনিয়ন ব্যাঙ্কের দ্বারা বা তাহার পক্ষে যে সকল নালিশ বা এজহার কি ফৌজদারীসম্পর্কীয় অন্য কার্য্য আরম্ভ বা উপস্থিত কি নির্ব্বাহ হয় সেই সকল নালিশপ্রভৃতিতে ঐ সকল টাকা বা নোট কি বিল অথবা বিষয় কিম্বা জামিনস্বরূপ প্রাপ্ত বিষয় বা অন্য কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি যে কোন ব্যক্তির প্রতি অর্পিত থাকে বা হয় কি ইউনিয়ন ব্যাঙ্কে অর্পিত থাকিলে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ট্রষ্টী কোন ব্যক্তি বা ব্যক্তিসকলে অর্পিত থাকিলে তাহার বিষয়ে এইমাত্র লেখা যাইতে পারে যে ঐ টাকা বা নোট বা বিল বা বিষয় বা জামিনস্বরূপ প্রাপ্ত বিষয় উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সম্পত্তি অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎসময়ের সেক্রেটারী বা খাজাঞ্চীর সম্পত্তি। এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের ক্ষতি অথবা চাতুরী করণের অভিপ্রায়ে যে কোন অপরাধ হয় তাহা উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালের সেক্রেটারী কি খাজাঞ্চীর ক্ষতি বা তছরুফকরণার্থ হইয়াছে ইহা নালিশপত্রে লেখা যাইতে পারে। এবং ঐ নালিশক্রমে অপরাধী বা অপরাধিরা সেই অপরাধের নিমিত্তে আইনানুসারে দোষীকৃত হইতে পারে। এবং অন্য যে সকল বিজ্ঞাপন অথবা নালিশ কি এজহার অথবা অন্য কোন কার্য্যে এই আইন জারী হওনের পূর্ব্বে ইউনিয়ন ব্যাঙ্কের অন্তঃপাতি সকল ব্যক্তির নাম লিখনের আবশ্যক ছিল সেই বিজ্ঞাপনপ্রভৃতিতে উক্ত সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নাম লিখিলে তাহা আইনসিদ্ধ ও মাতবর হইবেক এবং ঐ সেক্রেটারী অথবা খাজাঞ্চী

[*Government Gazette*, 31*st March*, 1846.]

Treasurer, shall not abate or render defective or in any wise affect or prejudice such indictments, informations or other criminal proceedings.

III. And it is hereby further enacted, that no action which may be commenced against the said Union Bank, or the Secretary or Treasurer for the time being of the said Union Bank, upon or arising out of any contract entered into by or on behalf of the said Union Bank, shall be in any wise affected or defeated by, or by reason of the plaintiff or plaintiffs therein, or of any other person or persons who may be in any wise interested or concerned in such action being a Member or Members of, or a Shareholder or Shareholders, or a Partner or Partners in the said Union Bank, but any Member or Members or Shareholder or Shareholders of, or Partner or Partners in the said Union Bank, shall and may have the same right of action and remedy to be proceeded in and enforced in the same manner against the said Union Bank, or the Secretary or Treasurer for the time being thereof, upon any contract, and for any debt, damage or demand whatsoever which he or they might have had if he or they had been a stranger or strangers, and not a Member or Members, Shareholder or Shareholders, Partner or Partners of, or in the said Union Bank.

IV. And it is hereby further enacted, that no action commenced by or on behalf of the said Union Bank in the name of the Secretary or Treasurer for the time being thereof, by virtue of this Act upon, or arising out of any contract whatsoever entered into by or on behalf of the said Union Bank, or for the recovery of any debt or demand whatsoever due or owing to the said Union Bank, or for any other cause or any other account shall be in any wise affected or defeated by or by reason of the defendant or defendants therein, or any person or persons who may be in any wise interested or concerned in such action being a Member or Members, Shareholder or Shareholders, or Partner or Partners of or in the said Union Bank, but the said Union Bank shall and may have the same right of action and remedy to be proceeded in and enforced in the same manner against any Member or Members, Shareholder or Shareholders thereof either alone or jointly with any other person or persons upon any contract, and upon and for any debt, damage or demand whatsoever which the said Union Bank might have had if such cause of action had arisen with a stranger or strangers, and not with a Member or Members, or Shareholder or Shareholders, or Partner or Partners of or in the said Union Bank.

V. And it is hereby further enacted, that the Directors of the said Union Bank shall cause a Memorial in the form and to the effect expressed in the Schedule to this Act, or as near thereto as the circumstances of the case will admit of the name, residences and descriptions of the Directors, Secretary and Treasurer, and of the several persons being Members and Proprietors of the said Union Bank, to be verified by a declaration in writing to

মরিলে অথবা কর্ম্মে ইশ্‌তাফা দিলে কি বরতরফ হইলে তাহাতে ঐ নালিশ বা এজহার বা ফৌজদারীসম্পর্কীয় অন্য কোন কার্য্য রহিত হইবেক না অথবা অসম্পূর্ণ জ্ঞান হইবেক না কি কোনপ্রকারে তাহার হানি হইবেক না ইতি।

৩ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের দ্বারা অথবা তাহার পক্ষে করা কোন বন্দোবস্ত সম্পর্কে বা তৎপ্রযুক্ত উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নামে অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালীন সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামে কোন নালিশ আরম্ভ হইলে সেই নালিশের ফরিয়াদী বা ফরিয়াদীরা বা সেই মোকদ্দমাতে যাহার লাভনোকসান আছে বা তাহাতে লিপ্ত থাকেন্ এইমত অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা বা অংশী বা অংশিরা কি শরীক বা শরীকেরা আছেন বলিয়া ঐ নালিশের কিছু ক্ষতি হইবেক না এবং তাহা বিফল হইবেক না। কিন্তু উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা অথবা অংশী বা অংশিরা কি শরীক বা শরীকেরা অসম্পর্কীয় ব্যক্তি বা ব্যক্তিরা হইলে এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা বা অংশী বা অংশীরা কিম্বা শরীক বা শরীকেরা না হইলে যেরূপ হইত সেইরূপে কোন বন্দোবস্তপ্রযুক্ত বা কোন পাওনা টাকা বা ক্ষতি কি দাওয়াপ্রযুক্ত ইউনিয়ন ব্যাঙ্কের নামে অথবা তৎসময়ের তাহার সেক্রেটারী বা খাজাঞ্চীর নামে নালিশ করণের ও প্রতিকার পাওনের অধিকার থাকিবেক ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের দ্বারা বা তাহার তরফে করা কোন বন্দোবস্তপ্রযুক্ত অথবা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের যে কোন পাওনা টাকা অথবা দাওয়া থাকে তাহা আদায় করিবার নিমিত্তে কিম্বা অন্য কোন কারণ কি অন্য কোন হিসাবপ্রযুক্ত উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের দ্বারা কি তাহার পক্ষে তৎসময়ের সেক্রেটারীর বা খাজাঞ্চীর দ্বারা এই আইনের হুকুম অনুসারে যে কোন নালিশ আরম্ভ হয় সেই নালিশসম্পর্কীয় আসামী বা আসামীরা কিম্বা ঐ মোকদ্দমায় যাঁহারদের লাভনোকসান থাকে কি সেই মোকদ্দমায় যে ব্যক্তি লিপ্ত থাকেন তাঁহারা উক্ত ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা কি অংশী বা অংশিরা কিম্বা শরীক বা শরীকেরা আছেন বলিয়া ঐ মোকদ্দমার কিছু ক্ষতি হইবেক না, অথবা তাহা ব্যর্থ হইবেক না। কিন্তু উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর বা মেম্বরেরা বা অংশী বা অংশিরা কি শরীক বা শরীকেরা ছাড়া কোন অসম্পর্কীয় ব্যক্তি বা ব্যক্তিরদের নামে নালিশ করিবার কারণ থাকিলে যেরূপ হইত সেইরূপে কোন বন্দোবস্তপ্রযুক্ত বা পাওনা টাকা বা ক্ষতি কি দাওয়াপ্রযুক্ত উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক আপনার কোন মেম্বরের বা মেম্বরেরদের বা অংশির বা অংশিরদের বা শরীকের কি শরীকেরদের নামে একা বা অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিরদের এজমালীতে নালিশ করিবার বা প্রতিকার পাইবার দাওয়া করিতে পারেন্ ইতি।

৫ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অধ্যক্ষেরদের ও সেক্রেটারীর এবং খাজাঞ্চীর ও যে নানা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের মেম্বর এবং অংশী হন্ তাঁহারদের নাম ও নিবাস ও বিবরণের নিদর্শনপত্র এই আইনের তফসীলের পাঠ ও ভাব অনুসারে অথবা বিষয় বুঝিয়া তাহার সদৃশ যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ঐ ব্যাঙ্কের অধ্যক্ষেরা প্রস্তুত করাইবেন। এবং তৎকালের সেক্রেটারী সাহেব অথবা কোন এক অধ্যক্ষ

be made before the Master in Equity of Her Majesty's Supreme Court of Judicature at Fort William in Bengal, by the Secretary or some one of the said Directors for the time being, and the same shall be enrolled amongst the records of the said Supreme Court within 12 Calendar months next after the passing of this Act; and whenever any new Director or Directors, or Secretary or Treasurer shall be elected a like Memorial shall be verified and enrolled as aforesaid specifying in whose place or places he or they shall be appointed within 12 Calendar months after such appointment, and whenever any person or persons shall cease or discontinue to be a Proprietor or Proprietors of the said Union Bank a Memorial of his, her or their names shall be in like manner verified within 12 Calendar months after such person or persons shall have so ceased or discontinued to be such Proprietor or Proprietors in the Form expressed in the said Schedule for that purpose; and when any new Proprietor or Proprietors shall be admitted into the said Union Bank a Memorial of his, her or their names shall be in like manner verified and enrolled among the records of the said Supreme Court of Judicature within 12 Calendar months afterwards according to the Form in the said Schedule. Provided always that if any declaration so made shall be false or untrue in any material particular the person wilfully making such false declaration shall be guilty of a misdemeanor.

VI. And it is hereby further enacted, that until such Memorial as first hereinbefore mentioned shall have been deposited and enrolled as hereinbefore directed no action or suit shall be brought by the said Union Bank under the authority of this Act, and until the Memorial by this Act required to be deposited and enrolled in the event of any person or persons ceasing or discontinuing to be a Director or Secretary or Treasurer or Member of the said Union Bank, shall have been deposited and enrolled as hereinbefore mentioned, the person or persons whose names shall appear in the last Memorial which shall have been made and enrolled shall be and are hereby declared to be liable to all such actions, suits, and executions upon judgment or decree and other proceedings under this Act in the same manner as if he, she, or they had not ceased or discontinued to be a Director, Secretary, or Treasurer, or Proprietor of the said Union Bank.

VII. And it is hereby further enacted, that an examined copy of every Memorial to be deposited and enrolled pursuant to this Act, certified to be a true copy by and under the hand and signature of the Keeper of Records and Muniments for the time being of the said Supreme Court of Judicature shall be received in evidence as proof of the contents of such Memorial, and proof shall not be required that the person by whom the Memorial purports to be verified was at the time of such verification one of the Directors of the said Union Bank.

(To be continued.)

[*Government Gazette*, 31*st March*, 1846.]

সাহেব বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের মাষ্টর ইন একুটি সাহেবের সম্মুখে তাহা এক লিখিত এজহারের দ্বারা সাবাস্ত করিবেন। এবং এই আইন জারী হওনের পর বারো মাসের মধ্যে ঐ নিদর্শনপত্র উক্ত সুপ্রিম কোর্টের রোয়দাদের মধ্যে গাঁথা যাইবেক। এবং যখন কোন নুতন অধ্যক্ষ কি সেক্রেটারী বা খাজাঞ্চী মনোনীত হন্ তখন যাঁহার পরিবর্ত্তে ঐ ব্যক্তি বা ব্যক্তিরা নিযুক্ত হইয়াছেন তাহা জ্ঞাপক একটা তদ্রূপ নিদর্শনপত্র ঐ ব্যক্তির নিযুক্ত হওনের বারো মাসের মধ্যে সপ্রমাণ হইয়া সেই স্থানে দাখিল হইবেক। এবং যখন কোন ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশির বা অংশিরদের পদহইতে নিবৃত্ত বা রহিত হন তখন ঐ অংশির বা অংশিরদের পদহইতে নিবৃত্ত বা রহিত হওনের পর বারো মাসের মধ্যে তাঁহার বা তাঁহারদের নামের এক নিদর্শনপত্র সেইরূপে প্রমাণ করিতে হইবেক এবং এই আইনের শেষের লিখিত তফসীলের পাঠানুসারে সেই নিদর্শনপত্র প্রস্তুত হইবেক। এবং যখন ঐ ইউনিয়ন ব্যাঙ্কে কোন নূতন অংশী বা অংশিরা ভর্ত্তি হন্ তখন বারো মাসের মধ্যে উক্ত তফসীলের লিখিত পাঠানুসারে তাঁহার বা তাঁহারদের নামের এক নিদর্শনপত্র সপ্রমাণ হইয়া উক্ত সুপ্রিম কোর্টের রোয়দাদের মধ্যে গাঁথা যাইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এইরূপ কোন এজহার যদি কোন ভারি বিষয়ে মিথ্যা বা সত্যরহিত হয় তবে যে ব্যক্তি জানিয়া শুনিয়া এইরূপ মিথ্যা এজহার করেন্ সেই ব্যক্তিকে অপরাধী জ্ঞান করা যাইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে যে নিদর্শনপত্রের বিষয় উপরের উক্ত ধারায় লেখা আছে সেই নিদর্শনপত্র যাবৎ পূর্ব্বোক্তমতে দাখিল ও নথীর শামিল না হয় তাবৎ উক্ত ইউনিয়ন ব্যাঙ্ক এই আইনের ক্ষমতানুসারে কোন নালিশ বা মোকদ্দমা করিতে পারিবেন না। এবং কোন ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অধ্যক্ষ বা সেক্রেটারী কিম্বা খাজাঞ্চী অথবা অংশী হওয় ক্ষান্ত বা রহিত হওনের পরে এই আইনানুসারে যে নিদর্শনপত্র দাখিল ও নথীর শামিল করণের হুকুম আছে সেই নিদর্শনপত্র যাবৎ পূর্ব্বোক্তমতে দাখিল ও নথীর শামিল না হয় তাবৎ যে ব্যক্তির বা ব্যক্তিরদের নাম তাহার পূর্ব্বকরা ও দাখিল হওয়া নিদর্শনপত্রে লেখা আছে তাঁহারা উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অধ্যক্ষ বা সেক্রেটারী কি খাজাঞ্চী বা অংশির কর্ম্মহইতে ক্ষান্ত বা রহিত না হইলে যেরূপ তাঁহারদের নামে নালিশ বা মোকদ্দমা বা ফয়সলা কিম্বা ডিক্রী জারী কি এই আইনানুসারে অন্য কোন কার্য্য হইতে পারিত সেইরূপে তাঁহারদের নামে নালিশপ্রভৃতি হইতে পারিবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে এই আইনানুসারে যে প্রত্যেক নিদর্শনপত্র দাখিল ও নথীর শামিল করণের হুকুম আছে সেই নিদর্শনপত্রের মোকাবিলা হওয়া কোন নকলে যদি সুপ্রিম কোর্টের তৎসময়ের রোয়দাদ ও দলীল রাখণিয়া সাহেব এইমত সর্টিফিকট দিয়া সহী করেন্ যে ইহা ঐ নিদর্শনপত্রের যথার্থ নকল তবে তাহা ঐ নিদর্শনপত্রের কথার প্রমাণের ন্যায় গ্রাহ্য হইবেক। এবং যে ব্যক্তির দ্বারা ঐ নিদর্শনপত্রে সহী হইয়াছিল কহা গিয়াছে সেই ব্যক্তি ঐ সহী করণের সময়ে উক্ত ব্যাঙ্কের এক জন অধ্যক্ষ ছিলেন এই বিষয়ের আর কোন প্রমাণ লইবার আবশ্যক হইবেক না ইতি।

(ইহার শেষ আগামিতে প্রকাশ হইবেক।)

ফোর্ট উলিয়ম।
১৮৪৩ সাল ১১ মার্চ।
নির্দ্ধারণ।

১৮৪০ সালঅবধি ১৮৪৫ সালের আপ্রিল মাসপর্য্যন্ত বিশেষ২ মহাশয়েরা বাঙ্গলাপ্রভৃতি দেশে সাধারণ লোকেরদের উপকারার্থ যে সকল কর্ম্ম করিয়াছেন তাহার কৈফিয়ৎ নানা ডিপার্টমেন্টের প্রধান২ সাহেবেরা পাঠাইয়াছেন অতএব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব অতিশয় সন্তোষপূর্ব্বক হুকুম করেন যে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত ঐ সকল কৈফিয়তের নীচের লিখিত তফসীল ১৮৪১ সালের ২৮ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত কথার অতিরিক্ত কলিকাতা ও বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয়।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিশেষ লোকেরা নিজ খরচে সর্ব্ব সাধারণের উপকারার্থ যে২ কর্ম্ম করিয়াছেন তাহার কৈফিয়তের চুম্বক।

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম।	যে প্রকার কর্ম্ম।	যে স্থানে হয়।	খরচ।	মন্তব্য কথা।
সারণ	রামচরণ সাহু	পাকা সাঁকো	নৌরিহা		খরচ জানা গেল না।
ঐ	গঙ্গাদয়াল সাহু	পুষ্করিণী	কোথিরা		
ঐ	সংসার রায়	সাঁকো	সমৌতা		
ঐ	হরক ভারতী	পুষ্করিণী	কচনার		
মালদহ	আলমচাঁদ শাহা	রাস্তা	সাদুল্লাপুর	৮১১।০৩৮	
ঐ	আমীনচাঁদ শাহা	পুষ্করিণী	মালদহহইতে কলিকাতার যাইবার বড় রাস্তার নিকট	১৪০০৲	
মুঙ্গের	কতক জনের চাঁদা	পুষ্করিণী	মুঙ্গের নগর	২০০০৲	
ত্রিহুত	দ্বারভাঙ্গার মহারাজা রুদ্র সিংহ	রাস্তা	মজফরপুরঅবধি হাজীপুরপর্য্যন্ত	২০০০৲	
ঐ	বাবু খয়রাৎ সিংহ			৫০০৲	
ঐ	মীর আবদুল্লা			৫০০৲	
ঐ	বাবু রঘুনন্দন সিংহ ৫৩			৬০০৲	
ঐ	সুবা হীরালাল জা			৭০০৲	
ঐ	দ্বারভাঙ্গার মহারাজা রুদ্র সিংহ	ঐ	দ্বারভাঙ্গাপর্য্যন্ত	৮০০০৲	
ঐ	বাবু খয়রাৎ সিংহ			১০০০৲	
ঐ	বাবু রামপৎ সিংহ			১০০০৲	

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
ত্রিহুত	দ্বারভাঙ্গার মহারাজা রুদ্র সিংহ ...	গবর্ণমেন্টের পাঠশালা ...	মজফরপুর ...	৮০০০৲	
ঐ	বাবু খয়রাৎ সিংহ ...			৭০০৲	
ঐ	বাবু বাসুদেব সিংহ ...			২০০০৲	
ঐ	বাবু রামনারায়ণ সিংহ ...			৭০০৲	
ঐ	মীর আব্দুল্লা ...			১০০০৲	
ঐ	বাবু রঘুনন্দন সিংহ ওং ...			৬০০৲	
ঐ	দুবা হীরালাল ঝা ...			৫০০৲	
ঐ	দ্বারভাঙ্গার মহারাজা রুদ্র সিংহ ...	পুষ্করিণী ...	ঐ ...	১০০০০৲	
ঐ	ঐ ঐ ...	ঐ ...	দ্বারভাঙ্গা ...	৭৫০০০৲	এই কর্ম্ম এখনো সম্পন্ন হয় নাই তাহার আন্দাজী খরচ লেখা গেল
ঐ	ঐ ঐ ...	পুরনিয়ায় ৯।। সাড়ে ছয় ক্রোশ রাস্তা ...	তাজপুর মুঁড়িয়াঅবধি মণিগাছিপর্য্যন্ত ...	৮০০০৲	
ঐ	বাবু শিবশাহী শাহা ...	পুষ্করিণী ...	মজফরপুর ...	৬৬২১৫৲	
রঙ্গপুর	রাজমোহন চৌধুরী ...	পাকা সাঁকো ...	পরগনা কুণ্ডির সতনপুর তালুকের সরকারি রাস্তায় ...	২৫০৲	
ঐ	শুকর মহম্মদ শাহা ...	ইঁদারা ...	নালবেগ হাটের নিকট ...	১৫০৲	
ঐ	ইমাম বক্শ জমাদার ...	ঐ ...	মেহীগঞ্জঅবধি তাজহাটপর্য্যন্ত সরকারী রাস্তার ধারে ...	২০০৲	
ঐ	দেবী গরাণী ...	ঐ ...	ঐ ঐ শনিবাড়ীর নিকট ...	১২৫৲	
ঐ	রূপণ গরাণী ...	ঐ ...	মেহীগঞ্জ ঐ ঐ ...	১৫০৲	
বাকরগঞ্জ	রাজা সত্যচরণ ঘোষাল ও তাঁহার ভ্রাতারা ...	দুই ক্রোশপর্য্যন্ত পাকা রাস্তা ও তাহাতে চারিটা সাঁকো ...	পরগনা সলীমাবাদের ঝুলোকুঠীর বাজারঅবধি কৃষ্ণকুঠী এবং বিকনা গ্রামপর্য্যন্ত ...		খরচ লেখা যায় নাই কিন্তু বোধ হয় অধিক হইয়াছে
ঐ	বাবু গোপাললাল ঠাকুর ওং ...	পাঠশালা ...	বরিসাল ...	৮০০০৲	
পশ্চিম বর্দ্ধমান	লালমোহন বাঁড়ুয্যা ...	পুষ্করিণী ...	কেশবন্দী বাঁকুড়ার থানা ...	৪০০৲	
ঐ	সরূপমণ্ডল ও কৃষ্ণ নায়েব ওং ...	ঐ ...	ময়রাবান্দী ঐ ...	৬০০৲	
ঐ	নবীন দত্ত ...	ঐ ...	বাঁকুড়া ...	১৫০০৲	
ঐ	চৈতন কুণ্ডু ...	ঐ ...	ঐ ...	১৫০০৲	
ঐ	মৃত মুলচাঁদ নাজির ...	পাকা ইঁদারা ...	ঐ ...	১০০৲	
ঐ	পঞ্চানন সিংহ ...	পুষ্করিণী ...	জিলা বাঁকুড়ার বিকনা ...	৬০০৲	

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
পশ্চিম বর্দ্ধমান	মদন দে	পুষ্করিণী	কদমহাটী জিলা বাঁকুড়া	১০০০৲	
ঐ	জে আরস্কিন সাহেব	পাকা সাঁকো	সোণামুখী থানা সোণামুখী	১৮২৲	
ঐ	ঐ	ঐ	ঐ ঐ	১৬০৲	
ঐ	গণশীদাস তাঁতী	পুষ্করিণী	আকর ঘরিয়া থানা কোতলপুর	৭০০৲	
ঐ	সীতারাম দত্তওং	ঐ	কোতলপুর ঐ	৭০০৲	
ঐ	কিনু রায়	ঐ	ঐ ঐ	১৫০৲	
ঐ	কৃষ্ণ কর্ম্মকার	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	রমাকান্ত গাঙ্গুলি	ঐ	গাঁউতি ঐ	২২০৲	
ঐ	ব্রজমোহন ঘটক	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	বলাই নেউগী	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	কমলাকান্ত ঘটক	ঐ	ঐ ঐ	৩০০৲	
ঐ	সনাতন মাল	ঐ	ঐ ঐ	২০০৲	
ঐ	কমল রায়	ঐ	আউশদহ ঐ	২০০৲	
ঐ	ব্রজনাথ তেওয়ারী	ঐ	গগরা ঐ	৪০০৲	
ঐ	বংশী কামার	ঐ	পিল্লিলচক ঐ	৩০০৲	
ঐ	কৃষ্ণ পাইকারওং	ঐ	রায় বাইনী ঐ	২০০৲	
ঐ	কৃষ্ণ দাসওং	ঐ	ঐ ঐ	৩০০৲	
ঐ	সৃষ্টিধর পোদ্দার	ঐ	মিরজাপুর ঐ	১০০৲	
ঐ	পরীক্ষিত ঘটক	ঐ	যোত জয়রামপুর ঐ	৩০০৲	
ঐ	চূড়ামণি	ঐ	মৈটর ঐ	১০০৲	
ঐ	রামকিশোর মণ্ডল	ঐ	ঐ ঐ	২০০৲	
ঐ	মাণিক মুখুয্যা	ঐ	নামদীঘি ঐ	২০০৲	
ঐ	রাজা জয়সিংহ	ঐ	ঐ ঐ	১০০০৲	
ঐ	মাণিক মুখুয্যা	ঐ	মুগযোড় ঐ	১৫০৲	
ঐ	রূপচরণ পাল	ঐ	রামডাটা ঐ	৪০০৲	
ঐ	রাজীব রায়	ঐ	রামসাগর থানা ওন্দা	১৪০০৲	
ঐ	গোষ্ঠী ময়রা	ঐ	ঐ ঐ	২০০৲	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৩১ মার্চ।]

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
পশ্চিম বর্দ্ধমান	রাধিকা দাস	পুষ্করিণী	কলিয়ারী থানা ওন্দা	১০০০৲	
ঐ	পাত্তপুরের অনেক লোকের চাঁদা	ঐ	দামোদরবাটী ঐ	৭০০৲	
ঐ	রামমোহন চৌধুরী	ঐ	খামারবাড়িয়া ঐ	৫০০৲	
ঐ	কাশীনাথ মুখুয্যা	ঐ	ঐ ঐ	৭০০৲	
ঐ	রামমোহন চৌধুরী	ঐ	ঐ ঐ	১০০০৲	
ঐ	রামমোহন চৌধুরী	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	রামমোহন চৌধুরী	ঐ	ঐ ঐ	৫০০০৲	
ঐ	ক্ষেত্রমোহন গাঙ্গুলি	ঐ	ঐ ঐ	৭০০৲	
ঐ	প্যারী ব্রাহ্মণী	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	রাজীব শর্ম্মাওং	ঐ	গগরা ঐ	৭০০৲	
ঐ	রাজীব শর্ম্মা	ঐ	ঐ ঐ	২০০৲	
ঐ	রুক্মিণীকান্ত রায়	ঐ	ওন্দা ঐ	২০০০৲	
ঐ	কেনারাম বসু	ঐ	ঐ ঐ	১০০০৲	
ঐ	মধুসূদন	আম্রবাগান	তেজনা ঐ	২০০৲	
ঐ	গুরুচরণ লাওং	পুষ্করিণী	চন্দ্রকোণা ঐ	৫০০৲	
ঐ	রামমোহন পালওং	ঐ	সুদিত্রা ঐ	৬০০৲	
ঐ	গুরুচরণ সামন্ত	ঐ	ঐ ঐ	৭০০৲	
ঐ	রাধাই আচওং	ঐ	ঐ ঐ	৭০০৲	
ঐ	বলাই চৌধুরী	ঐ	মুড়াকাটা ঐ	৭০০৲	
ঐ	শ্রীমন্ত সেনওং	ঐ	ইক্ষু কাটার মাঠ ঐ	১০০০৲	
ঐ	কোতলপুরনিবাসির	ঐ	কোতলপুর ঐ	৫০০৲	
ঐ	বিশ্ব দত্তওং	ঐ	সায়রশ্বরা ঐ	১০০০৲	
ঐ	ভৈরব দাস বৈরাগী	আম্রবাগান	রঘুনাথ ঐ	২০০৲	
ঐ	সত্তোর নিবাসির	ঐ	সত্তোর ঐ	১০০৲	
ঐ	গুরুদাস হাজরা	সাঁকো	চাঁদড়া থানা পতন্যা	১২৫৲	
ঐ	প্রেম কলা	পুষ্করিণী	বুদবুদ ঐ	৩০০৲	
ঐ	উনিদাস সরকার	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	চৈতন পাল	ঐ	ঐ ঐ	২০০৲	

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
পশ্চিম বর্দ্ধমান	মাণিক পাল	পুষ্করিণী এবং আম্রবাগান	রাকণা থানা পতন্যা	২০০৲	
ঐ	গুরুচরণ সেন	আম্রবাগান	ঐ ঐ	১০০৲	
ঐ	গোপালচাঁদ বাবু	পুষ্করিণী	ঐ ঐ	১০০৲	
ঐ	চোবন চৌধুরী	ঐ	মাণিকবাজার ঐ	৮০০৲	
ঐ	ভাগবত কুণ্ডার	ঐ	গলি ঐ	১০০৮৲	
ঐ	ভাণ্ডারী	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	ধন সরকার	ঐ	বুলসিটি ঐ	২০০০৲	
ঐ	কালাচাঁদ পাঁকুই	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	সুবল কর	ঐ	শাঙ্কো ঐ	২০০০৲	
ঐ	সুবলচন্দ্র কর	ঐ	ঐ ঐ	২০০০৲	
ঐ	সওদাগর সীক	ঐ	সোসঙ্গ ঐ	৫০০৲	
ঐ	রামনারায়ণ বাঁড়ুয্যা	ঐ	নফোর্দ্দ থান. বিষ্ণুপুর	৬০০৲	
ঐ	লালমোহন পাল	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	মৃত আনন্দচন্দ্র	ঐ	ঐ ঐ	১০০০৲	
ঐ	তারাচাঁদ পালধি	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	বিষ্ণুপুরের মৃত রাজা	ঐ	বিষ্ণুপুর ঐ	১০০০৲	
ঐ	বিনোদমোহন গোস্বামী	ঐ	ঐ ঐ	৭০০৲	
ঐ	নবচন্দ্র ও ভৈরবচন্দ্র চাটুয্যা পদ্মপোদ্দার এবং কানাই পোদ্দার	পাঁচটি ইঁদার	ঐ ঐ	১৫০৲	
ঐ	মৃত জয়গোপাল শর্ম্মা	পুষ্করিণী	ঐ ঐ	২০০৲	
ঐ	মধুসূদন বিশ্বাস	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	গোপাল সিংহ এবং কৃষ্ণ পোদ্দার	ঐ	ঐ ঐ	৪০০০০৲	
ঐ	কুঁচিলপাল তাঁতী	ঐ	জঙ্গলের মধ্যে ঐ	১০০০৲	
ঐ	বীরসিংহ বাবু	ঐ	জয়পুর ঐ	৫০০৲	
ঐ	বলাই মিশ্র	ঐ	ঐ ঐ	৫০০৲	
ঐ	বলাইকৃষ্ণ	ঐ	ঐ ঐ	৪০০৲	
ঐ	রামমোহন গোস্বামী	ঐ	ঐ ঐ	১৫০০৲	
ঐ	নরহরি শর্ম্মা	ঐ	রাজাগ্রাম ঐ	৪০০৲	
ঐ	বীরসিংহ বাবু	ঐ	মলনহ ঐ	৪০০০৲	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৩। ৩১ মার্চ।]

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
শ্চিম বর্দ্ধমান	কৃষ্ণ মিশ্র	পুষ্করিণী	রাঙশূর থানা বিষ্ণুপুর	১০০৲	
ঐ	কৃষ্ণ মিশ্র	ঐ	কুম্ভস্তব ঐ	৩০০৲	
ঐ	মদন দাস	ঐ	বাস্তব বাগান ঐ	১০০৲	
ঐ	সীতানাথ পাণ্ডা	ঐ আম্রবাগান ...	বাগাড়োল ঐ	১০০০৲	
ঐ	ভোসেন	পাকা ইঁদারা ...	বিষ্ণুপুর ঐ	১৫০৲	
ঐ	হুকুমচাঁদ ভকত	ঐ	ঐ ঐ	১০০৲	
ঐ	বৈদ্যনাথ ঘোষ	পুষ্করিণী	ফকিরডাঙ্গা জঙ্গল	১০০০৲	
ঐ	মৃত লক্ষ্মীকান্ত	ঐ	বাঁকদহ ঐ	৫০০৲	
ঐ	বৈদ্যনাথ ঘোষ	ঐ	ফকিরডাঙ্গা ঐ	১৫০০৲	
ঐ	মহাদেব পাল	ঐ	জয়পুর ও বিষ্ণুপুরের মধ্যস্থ জঙ্গলে	৩০০০৲	
ঐ	মৃত পণ্ডিত গদাধর শিরোমণি	ঐ দুইটা বাঁধা ঘাট ..	সোণামুখীঅবধি বাঁকুড়াপর্য্যন্ত পোলীসের রাস্তার ধারে	২০০০৲	
ঐ	নফর পরামাণিক	ঐ	ঐ পলডাঙ্গাহইতে ঐ	৫০০৲	
ঐ	প্রসাদ নন্দী	ঐ	গোমারবন্নি থানা ওন্দা	২০০০৲	
ঐ	ঐ ঐ	ঐ	প্রিহ দোহারা ঐ	১৫০০৲	
ঐ	ঐ ঐ	ঐ	বোনাবন্দী ঐ	১০০০৲	
ঐ	মৃত প্রাণসই তাঁতী	ঐ	মৌজে মানুষমারী ঐ	২০০০৲	
ঐ	মগধ বাই বাকীল	ঐ	ঐ চৌরীগ্রাম ঐ	৪০০০৲	
র্দ্ধমান	মহারাজা মহতাবচন্দ্র বাহাদুর	দাওয়াইখানার নিমিত্তে এক দোতালা পাকা বাড়ী	বর্দ্ধমান শহরের প্রধান রাস্তায়	৩০০৲	তাহার খরচ নিশ্চয় নাই কিন্তু ঐ বাড়ীর ভাড়া মাসে ৭৲ কি ৮৲ টাকা ধরা যায় বর্দ্ধমানের মহারাজা এই দাওয়াই খানায় মাসিক ২০০৲ টাকা নিয়মিতরূপে দিয়া থাকেন।
হুগলী	নিত্যানন্দ কুণ্ডু চৌধুরী	ভিন্ন২ স্থানে রাস্তা ও সাঁকো ..	মৌড়িহইতে শিবপুরপর্য্যন্ত কোম্পানি বাহাদুরের বাগানের নিকটে চারি ক্রোশপর্য্যন্ত ...	৩০০৲	খরচ জানা গেল না সেই কর্ম্ম সম্পূর্ণরূপে সম্পন্ন হয় নাই।

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
হুগলী	রাজা রাজনারায়ণ রায়	এক রাস্তা এবং সাঁকো	আঁদুলহইতে রাজগঞ্জপর্য্যন্ত এক ক্রোশ	[illegible]০০৲	ঐ ঐ
যশোহর	কালীপ্রসাদ পোদ্দার	পাকা সাঁকো	দইতলার খালের উপর ঢাকার ডাকের রস্তাতে	২০০০৲	কালীপ্রসাদ পোদ্দারের অন্যং যে কর্ম্ম হইয়াছে তাহা নদীয়ার কর্ম্মের তালিকায় আছে।
ঐ	ঐ	ঐ	ভৈরব নদের উপর নীলগঞ্জ গ্রামে ঐ	৩৫০০৲*	
ঐ	চাঁদার দ্বারা	দানার্থ হাসপিটাল	যশোহর নগরে	১৮০০৲	* আন্দাজী খরচ।
নদীয়া	প্রেমদাস দাস	এক কাঁচা রাস্তা ও তাহাতে দুই সাঁকো	নদীয়া	৫০০৲	
ঐ	মৌলবী সৈয়দ সাকেদ হুসেন	ঐ ঐ	দৌলতগঞ্জ	২৫০৲	
ঐ	হিল্স ওয়াইট কোম্পানি ও শ্রীহরি রায় ওং	এক কাঁচা সাঁকো	ফকির খালি	৪৮৭ ॥৶	
ঐ	কালীপ্রসন্ন মুখুয্যা	এক রাস্তা তাহাতে সাতটা সাঁকো	গোবরডাঙ্গা	১৮২০৲	
ঐ	ঐ	ঐ ১ সাঁকো	গোইপুর	৩২৫৲	
ঐ	ঐ	ঐ ঐ	গোবরডাঙ্গাঅবধি গোইপুরপর্য্যন্ত	৬৫০৲	
ঐ	ঐ	ঐ ৯ সাঁকো	ঐ স্থানহইতে খাঁটুরাপর্য্যন্ত	৩১০০৲	
ঐ	কালীপ্রসাদ পোদ্দার	এক রাস্তা তাহাতে ৫ সাঁকো	বনগার প্রদারার ঘাটঅবধি চাকদহপর্য্যন্ত	৮০০৲	কবর্দ্দকনদীর উপর লোহার পুল করা যাইতেছে তাহার নিমিত্তে বাবু কালীপ্রসাদ পোদ্দার ৯০০০৲ টাকা দিয়াছেন বাকী খরচ গবর্ণমেণ্টের
ঐ	ঐ	সাঁকো	যাদবপুরের নিকট বেতনা নদীর উপর	৬০০০৲	
ঐ	ঐ	ঐ	জয়ন্তীপুরের নিকট হঙ্গর নদীর উপর	৪৫০০৲	
ঐ	ঐ	ঐ	হরিদাসপুরের নিকট সোভাঙ্গার উপর	৪৫০০৲	
ঐ	ঐ	রাস্তা	মালদহঅবধি পারলপাড়াপর্য্যন্ত	১০০৲	
ঐ	ঐ	ঐ	কৃষ্ণগঞ্জঅবধি চৌগাছাপর্য্যন্ত	১৫০৲	
ঐ	ঐ	ঐ ৭ সাঁকো	চাকদহঅবধি সুরাপর্য্যন্ত	৩৪০০৲	
ঐ	রামনদাস মুখুয্যা	৫ রাস্তা তাহাতে ১২ সাঁকো	বীরনগর	১২০০০৲	
ঐ	ঐ	এক পাকা পাঠশালা	ঐ	২৫০০৲	
ঐ	ঈশ্বরচন্দ্র মুস্তফী	ঐ	ঐ	৩০০৲	
ঐ	বৈকুণ্ঠ পালচৌধুরী	সাঁকো	হিজলী	৮০০৲	
ঐ	ভোমনসিংহ রায়	ঐ	নাকাসিপাড়া	১৫০৲	
ঐ	মুনসেফ কাশীশ্বর মিত্র ওং	পাঠশালার নিমিত্তে বাঙ্গলা	সুখসাগর	১২৫৲	
ঐ	পাদরি চার্লস	পাঠশালা	ঘোষপাড়া	১৫০০৲	
ঐ	জে এম মেজিষ্ট্রেট সাহেব ও রামমোহন সান্ন্যাল	ঐ	আমিরপুর	১৭৫৲	

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
নদীয়া	গোলোক নিকারি	রাস্তা	ঘোষপাড়াঅবধি চন্দ্রপুরের সরকারী রাস্তাপর্য্যন্ত	৮৭৫৲	
ঐ	নবীনচন্দ্র সিংহ	কাটুআ সাঁকো	যমুনা নদীর উপর	১৫০০৲	
ঐ	বংশীধর পালচৌধুরী	পাকা সাঁকো	শিবপুরের নিকট নদীর উপর	৫০০৲	
ঐ	নীলকমল পালচৌধুরী	রাস্তা ও ৪ সাঁকো	জয়পুরঅবধি রাণাঘাটপর্য্যন্ত	২৩০০৲	
ঐ	এ লাডেন্টর সাহেব	সাঁকো	হৃদাকুঠীর নিকট	২০০৲	
ঐ	ধীমতী মহাব	রাস্তা ও সাঁকো	ঘোষপাড়াঅবধি যপরাপর্য্যন্ত	২০০৲	
চব্বিশপরগনা	হালীনাথ রায় বৈকুণ্ঠনাথ রায় মথুরানাথ রায় কৃষ্ণনাথ রায় ও প্রিয়নাথ রায়	ঐ পাকা সাঁকো	বারাশতঅবধি টাকীপর্য্যন্ত	৮৫০০০৲	
ঐ	কেশবচন্দ্র রায়	রাস্তা	পলতাঅবধি বিষ্ণুপুরপর্য্যন্ত	১০০০০৲	
ঐ	ব্রজমোহন হালদার	ঐ	বিষ্ণুপুরঅবধি মল্লরচকপর্য্যন্ত	৬৩০০৲	
ঐ	তারিণীচরণ রায়	ঐ	বড়স্যাঅবধি টালীর নালাপর্য্যন্ত	১৫০০৲	
ঐ	রাজা রাধাকান্ত বাহাদুর	২ ঐ	নওয়াবগঞ্জ	১০০০৲	
ঐ	ঐ	১ রাস্তা	সুখচর	৭৩৫৲	
ঐ	রামরত্ন বাঁড়ুয্যা	ঐ	কল্যাণপুরঅবধি খাসমল্লিকপর্য্যন্ত	১৭০০৲	
ঐ	মুনশী আমীর	ঐ	গোঁসাইপুর	১০০০৲	
ঐ	রঘুরাম বসু	ঐ	মাজেরগাঁঅবধি নলকুঁড়াপর্য্যন্ত	২৩০০৲	
ঐ	বেণিমাধব চাটুয্যা	ঐ	হরিশপুর	৪৫০৲	
ঐ	প্রাণনাথ চৌধুরী	দোলান সাঁকো	আলীপুরে টালীর নালার উপর	৩২০০৲	
ঐ	তারিণীচরণ রায়	২ পাকা ঘাট	সেরেটী টালীর নালা	৩০০০৲	
ঐ	লক্ষ্মীনারায়ণ মণ্ডল	১ ঐ	মাহানগর ঐ	৩২০০৲	
ঐ	সত্যচরণ ঘোষাল	ঐ	চেতলা	১২০০৲	
ঐ	কুলমণি দাসী	ঐ	ঐ	১৫০০৲	
ঐ	ভগবতী গোআলিনী	ঐ	জিরহাট	৫৫০৲	
ঐ	জয়নারায়ণ মিত্র	ঐ	বরাহনগর	১০০০৲	
ঐ	জয়নারায়ণ বাঁড়ুয্যা	ঐ	ঐ	৫০০০৲	
ঐ	রামলোচন ঘোষ	ঐ	ঐ	১৫০০০৲	
ঐ	দাতারাম মণ্ডল	ঐ	দক্ষিণেশ্বর	১০০০০৲	
ঐ	কলবিন সাহেব	ঐ	ঐ	১২০০০	

জিলা	যাঁহার খরচে কর্ম্ম সম্পন্ন হয় তাঁহার নাম	যে প্রকার কর্ম্ম	যে স্থানে হয়	খরচ	মন্তব্য কথা
চব্বিশপরগনা	জয়গোপাল রায়	১ পাকা ঘাট	পানিহাটী	১০০০০৲	
ঐ	বিশ্বম্ভর সেন	ঐ	ঐ	২০০০৲	
ঐ	রাজকৃষ্ণ রায় চৌধুরী	ঐ	আড়িয়াদহ	৫০০০৲	
ঐ	কিশোরীমোহন গোস্বামী	ঐ	খড়দহ	৫০০০৲	
ঐ	প্রাণকৃষ্ণ বিশ্বাস	ঐ	ঐ	১০০০৲	
ঐ	প্যারী বৈষ্ণবী	ঐ	আগড়পাড়া	১০০০৲	
ঐ	রামলোচন ঘোষ	ঐ	ঐ	৫০০০৲	
ঐ	বারাণসী ঘোষ	ঐ	টিটাগড়ি	১৫০০৲	
ঐ	রাজা রাধাকান্ত দেব	ঐ	নওয়াবগঞ্জ	২২৫০৲	
ঐ	রামমোহন পাল	ঐ	ঐ	২৫০৲	
ঐ	গোপীমোহন ঠাকুর	ঐ	মল্লাযোড়	১০০০৮৲	
ঐ	রামনারায়ণ ঘোষ	ঐ	ঐ	১০০০০৲	
ঐ	বলরাম সরকার	ঐ	ভাটপাড়া	১৯৬১২৲	
ঐ	রঘুরাম মিত্র	ঐ	নৈহাটি	৫০০০৲	
ঐ	ঈশ্বরচন্দ্র মুখুয্যার বিধবা বিন্ধ্যবাসিনী দেবী	ঐ	বালী	৯০৫৫৲	
ঐ	রাধামোহন বাড়ুয্যা	ঐ	শালিখা	৩০০০৲	
ঐ	রামদুলাল সরকার	১ পাকা পোস্তা	ঐ	১৯৫৩৮৲	
ঐ	হরেকৃষ্ণ চাটুয্যা	পাকা ঘাট	বৈষ্ণবঘাটা	১৫০০৲	
ঐ	ভোটু	ঐ	ঘুসড়ি	৩০০০৲	
ঐ	গঙ্গানারায়ণ পালিত	ঐ	চেতলা	১৫০০৲	
কটকের মধ্যম অংশ	রাম শাহু	পুষ্করিণী	পতনা একরায়নগর পং সিঙ্গড়া ..	১৫০৲	
ঐ	কিশোরী রাউত্রা	ঐ	ঐ মালুয়া পং দারাবিসি	২০০৲	
ঐ	গোলাম সমদানী	ইঁদারা	কদমরসুলবাজার কটক নগর ...	৫০০৲	
ঐ	খতি শাহু	পুষ্করিণী	মৌজা কলিমপুর পং তাঙ্গপুর ...	১০০৲	
ঐ	রাধামাধব দাস	ঐ	ঐ চাতাবেড়	৫০০৲	
ঐ	ভোলার মা	ঐ	স্মাইলপুর পং কালামাটিয়া ...	১০০৲	
ঐ	রঙ্গাধর মাইতী	ঐ	নরাহাট পং কারয়া	১০০৲	

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 20th March, 1846.

Baboo Gungachurn Shome, Moonsiff of Suleemabad, East Burdwan, for one week in extension.

The 26th March, 1846.

Baboo Gopal Kissen Roy, Moonsiff of Byedbatty, Zillah Hooghly, for 5 weeks from the 26th instant.

B. J. COLVIN, *Offg. Register.*

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 11th March, 1846.

Baboo Ramgopaul Roy to be a Deputy Collector under Regulation IX. of 1833, in Chittagong.

The 13th March. 1846.

Mr. F. Lowth to be Magistrate, Collector and Salt Agent of Balasore, from the 5th ultimo.

Mr. C. T. Davidson to be Collector of Tirhoot, from the 17th December last.

Mr. W. Luke to be Collector of East Burdwan, from the 10th January last.

Mr. W. B. Beresford to be Collector of Mymensing, from the 5th ultimo.

The 14th March, 1846.

Mr. C. T. Buckland, Assistant to the Magistrate and Collector of Chittagong, is vested with the powers of a Joint Magistrate and Deputy Collector in that District.

Mr. F. A. E. Dalrymple to be an Assistant to the Magistrate and to the Collector of Hooghly.

Mr. R. H. Young to be a Member of the Ferry Fund Committee in Midnapore.

Mr. H. H. Bowling to be a Member of the Ferry Fund Committee in Tirhoot.

Baboo Kali Persaud Potdar t be a Member of the Ferry Fund Committee in Nuddeah.

Mr. J. Hill to be a Member of the Ferry Fund Committee in Chumparun.

LEAVES OF ABSENCE.

The 11th March, 1846.

Mr. J. F. Cathcart, Civil and Sessions Judge of Tirhoot, for one month, on private affairs.

Mr. R. J. Loughnan, Civil and Sessions Judge of Backergunge, for ten months, on Medical Certificate, in extension of the leave granted to him on the 12th June last.

[*Government Gazette*, 31st *March*, 1846.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ২০ মার্চ।

পূর্ব্ব বর্দ্ধমানের সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৬ মার্চ।

জিলা হুগলীর বৈদ্যবাটীর মুনসেফ শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ রায় বর্ত্তমান মাসের ২৬ তারিখঅবধি পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১১ মার্চ।

শ্রীযুত বাবু রামগোপাল রায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৬ সাল ১৩ মার্চ।

শ্রীযুত এফ লৌথ সাহেব গত মাসের ৫ তারিখঅবধি বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং নিমকের এজেন্ট হইবেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব গত ডিসেম্বর মাসের ১৭ তারিখঅবধি ত্রিহুতের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব গত জানুআরি মাসের ১০ তারিখঅবধি পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ বি বেরেসফোর্ড সাহেব গত মাসের ৫ তারিখঅবধি ময়মুনসিংহের কালেক্টর হইবেন।

১৮৪৬ সাল ১৪ মার্চ।

চাটিগাঁর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত আর এচ ইয়ং সাহেব মেদিনীপুরে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ এচ বৌলিং সাহেব ত্রিহুতে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু কালীপ্রসাদ পোদ্দার নদীয়াতে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে হিল সাহেব চম্পারণে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১১ মার্চ।

ত্রিহুতের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনান সাহেব গত জুন মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ মাসের ছুটী পাইয়াছেন।

Moulavie Mazum Hossein, Additional Principal Sudder Ameen of Purneah, for one month, on private affairs.

The 12th March, 1846.

Mr. B. Wood, Sub-Assistant to the Commissioner of Assam, for one month, on private affairs, in further extension of the leave granted to him on the 11th ultimo.

The 14th March, 1846.

The leave of absence, for one month, granted under Orders of the 21st January last, to the Revd. T. Wood, Chaplain of Dinapore, has been cancelled.

NOTIFICATIONS.

The 14th March, 1846.

Mr. H. C. Halkett, of the Civil Service, reported his return from Furlough on the Steam Ship "Hindoostan," which Vessel reached Kedgeree on the 9th instant.

Mr. R. P. Harrison and Mr. C. T. Sealy, of the Civil Service, embarked for England on board the Steam Ship "Bentinck," which Vessel was left by the Pilot at Sea on the 10th instant.

Mr. G. C. Cheap, Judge of Rajeshahye, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of that District on the 9th instant, previous to proceeding on circuit duty.

Mr. E. C. Ravenshaw, Commissioner of Patna, resumed charge of his duties on the 4th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY.
Secy. to the Govt. of Bengal.

No. 522.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 11th March, 1846

Baboo Ooma Churn Bhuttacharjee to be Deputy Collector under Regulation IX. of 1833, in Nuddea.

The 18th March, 1846.

Mr. B. J. Colvin to be a Member of the Council of Education.

LEAVE OF ABSENCE.

The 16th March, 1846.

Moulavie Khadeem Hossein, Law Officer of the Civil Court of Nuddea, for ten days, from the 18th instant, on private affairs.

NOTIFICATIONS.

The 18th March, 1846.

Mr. F. Gouldsbury, Civil and Sessions Judge of Bhaugulpore, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 25th ultimo, in order to proceed into the interior on a tour of inspection.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of Rungpore, resumed charge of his office on the 9th instant.

পূরণিয়ায় অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মাজুম হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১২ মার্চ।

আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত বি উড সাহেব গত মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৪ মার্চ।

গত জানুআরি মাসের ২১ তারিখের হুকুমক্রমে দানাপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি টি উড সাহেবকে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৪ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ সি হালকেট সাহেব "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা নিয়মিত ছুটীহইতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৯ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত আর পি হারিসন সাহেব ও শ্রীযুত সি টি সীলি সাহেব ... ... বেণ্টিঙ্কনামক বাষ্পীয় জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

রাজশাহীর জজ শ্রীযুত জি সি চীপ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

পাটনার কমিস্যনর শ্রীযুত ই সি রেবন্সা সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

---

৫২২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১১ মার্চ।

শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নদীয়াতে ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

শ্রীযুত বি জে কলবিন সাহেব বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৬ মার্চ।

নদীয়ার দেওয়ানী আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী খাদিম হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুল্সবেরি সাহেব দেশের তদারকের নিমিত্তে মফঃসলে গমনার্থ গত মাসের ২৫ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

Mr. A. T. Dick, Collector of Rungpore, made over charge of his Treasury to Baboo Mokoond Pershaud Roy, Uncovenanted Deputy Collector, on the 10th instant.

Mr. G. C. Fletcher, Joint Magistrate and Deputy Collector of Furreedpoor, assumed charge of his office on the 9th instant.

Mr. John Wilkie, Assistant Surgeon of Dinagepore, resumed charge of the Medical duties of the Station on the 25th ultimo.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY.
Secy. to the Govt. of Bengal.

No. 541.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 18th March, 1846.

Mr. W. T. Travers to officiate as Collector of Shahabad until further orders.

Mr. O. W. Malet to be Magistrate of Midnapore from the 10th instant.

Mr. E. F. Lautour to be Magistrate of Behar from the 10th instant.

Mr. J. A. O. Farquharson to be Magistrate of Chittagong from the 10th instant. Mr. E. H. Lushington will continue to officiate as Magistrate of Chittagong during Mr. Farquharson's absence on leave.

Mr. S. Wauchope to be a Joint Magistrate and Deputy Collector of the 2d Grade, from the 10th instant.

Moulavie Ibrahim Hossein, Additional Principal Sudder Ameen of Patna, is vested with the special powers described in Section 3, Clause 2, Regulation III. of 1821.

The 21st March, 1846.

The Reverend W. Ellis to be Assistant Chaplain of Midnapore.

Mr. H. J. Bamber to be Superintendent of Salt Chokies at Barripore.

Pundit Nurrohurry Siromonie, Sudder Ameen of Maldah, to be a Member of the Ferry Fund Committee of that District, vice Mr. David Gibson

LEAVES OF ABSENCE.

The 18th March, 1846.

Mr. R. N. Farquharson, Collector of Shahabad, for twelve months, under Medical Certificate, to proceed to Simla.

Mr. C. P. Hobhouse, Assistant to the Magistrate and Collector of Nuddea, for one month, on private affairs.

Mr. F. C. Fowle, Assistant to the Magistrate and Collector of Hooghly, for fifteen days, on private affairs, in extension of the leave granted to him on the 4th instant.

Mr. T. R. W. Betts, Deputy Collector under Regulation IX. of 1833 in Hooghly, for eight

[*Government Gazette*, 31*st March*, 1846.]

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার খাজানাখানার ভার অতিরিক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মুকুন্দপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করেন।

ফরিদপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

দিনাজপুরের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জান উইল্কি সাহেব গত মাসের ২৫ তারিখে ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরাবল ডেপুটী গবরনর সাহেবের অনুমতিক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারি।

---

৫৪১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরাবল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টি ট্রেবর্স সাহেব শাহাবাদের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি মেদিনীপুরের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ই এফ লাটুর সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি বেহারের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত জে এ ও ফার্কর্সন সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি চাটিগাঁর মাজিষ্ট্রেট হইবেন। ছুটীপ্রযুক্ত শ্রীযুত ফার্কর্সন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ই এচ লাশিংটন সাহেব চাটিগাঁর মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

পাটনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইব্রাহিম হুসেন ১৮২১ সালের ৩ আইনের ৩ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইলেন।

১৮৪৬ সাল ২১ মার্চ।

শ্রীযুত পাদরি ডবলিউ এলিস সাহেব মেদিনীপুরের আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এচ জে বাম্বর সাহেব বারুইপুরে নিমকচৌকির সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডেবিড গিবসন সাহেবের পরিবর্ত্তে মালদহের সদর আমীন শ্রীযুত পণ্ডিত নরহরি শিরোমণি ঐ জিলাতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

শাহাবাদের কালেক্টর শ্রীযুত আর এন ফার্কর্সন সাহেব চিকিৎসকের সার্টিফিকটক্রমে শিমলাতে গমনার্থ বারো মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি পি হবহৌস সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এফ সি ফৌল সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে হুগলীর ডেপুটী কালেক্টর শ্রীযুত টি আর ডবলিউ বেট্স সাহেব ১৮৪৫

weeks, under Medical Certificate, in extension of the leave of absence granted to him on the 24th December, 1845.

Mr. W. C. Costley, Deputy Collector under Regulation IX. of 1833 in Chittagong, for one week, on private affairs, in extension of the leave granted to him on the 19th November last.

Mr. R. J. Brassey, Civil Surgeon in Sarun, for one month, on private affairs.

The 21st March, 1846.

Mr. W. T. Tucker, a Student of the College of Fort William, for three months, on private affairs.

NOTIFICATIONS.

The 18th March, 1846.

The appointment of Mr. E. H. Lushington to be a Joint Magistrate and Deputy Collector of the 2d Grade, notified in the *Bengalee Government Gazette* of the 24th ultimo, is to take effect from the 9th idem, and that of Mr. R. J. Scott, from the 14th idem.

The 21st March, 1846.

Dr. A. Campbell, Superintendent of Darjeeling, resumed charge of his Office on the 11th instant, on his return from the Bootan Frontier.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. Halliday,
Secy. to the Govt. of Bengal.

No. 8.

ORDERS BY THE HONOURABLE THE PRESIDENT IN COUNCIL.

FORT WILLIAM, FINANCIAL DEPARTMENT, APPOINTMENTS.

The 6th March, 1846.

Mr. J. A. Dorin, Secretary to the Government of India in the Financial Department, to be Ex-Officio Accountant General to the Government of India.

Mr. R. Walker, Accountant to the Government of Bengal, to be Ex-Officio Deputy Accountant General to the Government of India, and Accountant in the Military Department.

J. A. Dorin,
Secy. to the Govt. of India.

No. 9.

FORT WILLIAM, FINANCIAL DEPARIMENT, APPOINTMENT.

The 6th March, 1846.

Mr. R. Walker to be Accountant to the Government of Bengal, a Director of the Bank of Bengal and a Member of the Mint Committee.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

J. A. Dorin,
Secy. to the Govt. of India.

সালের ২৪ ডিসেম্বর তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আট সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব গত নবেম্বর মাসের ১৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সারণের সিবিল চিকিৎসক শ্রীযুত আর জে ব্রাসি সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২১ মার্চ।

ফোর্ট উলিয়ম কালেজের এক জন ছাত্র শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

গত মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী পদে নিযুক্ত হওনের হুকুম ঐ মাসের ৯ তারিখঅবধি চলিবেক। এবং গত মাসের ২৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে শ্রীযুত আর জে স্কট সাহেবের উক্ত পদে নিযুক্ত হওনের হুকুম ঐ মাসের ১৪ তারিখঅবধি চলিবেক।

১৮৪৬ সাল ২১ মার্চ।

দারজিলিঙ্গের সুপারিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব বুটান অঞ্চলহইতে প্রত্যাগমন করিয়া বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল প্রেসীডেন্ট সাহেবের হুকুম।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট। নিয়োগ।

১৮৪৬ সাল ৬ মার্চ।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী শ্রীযুত জে এ ডোরিন সাহেব স্বীয় পদোপলক্ষে ভারতবর্ষের গবর্ণমেন্টের আকৌণ্টেণ্ট জেনরল হইবেন।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকৌণ্টেণ্ট শ্রীযুত আর ওয়াকর সাহেব স্বীয় পদোপলক্ষে ভারতবর্ষের গবর্ণমেন্টের ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল ও মিলিটারী ডিপার্টমেন্টের আকৌণ্টেণ্ট হইবেন।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৯ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট। নিয়োগ।

১৮৪৬ সাল ৬ মার্চ।

শ্রীযুত আর ওয়াকর সাহেব বাঙ্গলা দেশের আকৌণ্টেণ্ট ও বাঙ্গাল ব্যাঙ্কের এক জন ডৈরেক্টর এবং টাঁকশালের কমিটির মেম্বর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

No. 558.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 25th March, 1846.

Moulavie Muneeroodden Mahomed, Principal Sudder Ameen of Chittagong, is promoted to the 1st Grade.

Moulavie Nujumul Huq to be Principal Sudder Ameen of Beerbhoom.

Moulavie Fuzzul Rubbee to be Principal Sudder Ameen of Jessore.

Moulavie Mahomed Saeem to be Sudder Ameen of East Burdwan.

Mr. A. Davidson, Moonsiff of Sulkea, is promoted to the 1st Grade.

LEAVE OF ABSENCE.

The 18th March, 1846.

Baboo Govind Chunder Dutt, Deputy Magistrate under Act No. XV. of 1843 in Rajeshye, for one month and fifteen days, on private affairs, from the 3d February to 18th March.

NOTIFICATIONS.

The 18th March, 1846.

The Right Honourable the Governor General has been pleased to confer a "Khillut" and the title of "Roy" on Baboo Kalee Persaud Potdar of Bogcha in Jessore, as a mark of the regard in which he is held by the Government, on account of the praiseworthy liberality he has evinced in constructing at his own expense numerous works of great public utility.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

৫৫৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৫ মার্চ।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মনিরুদ্দীন মহম্মদ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী নজমুল হক বীরভূমের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী ফজল রব্বি যশোহরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ সায়িম পূর্ব্ব বর্দ্ধমানের সদর আমীন হইবেন।

শালিখার মুনসেফ শ্রীযুত এ ডেবিডসন সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র দত্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ফেব্রুআরি মাসের ৩ তারিখ অবধি ১৮ মার্চপর্য্যন্ত এক মাস পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৮ মার্চ।

যশোহর জিলার বাগচানিবাসি শ্রীযুত বাবু কালীপ্রসাদ পোদ্দার সাধারণ লোকেরদের অতিশয় উপকারার্থ অনেক কার্য্য আপন খরচে প্রস্তুত করিয়া যে প্রশংসনীয় বদান্যতা প্রকাশ করিয়াছেন তৎপ্রযুক্ত তাঁহাকে গবর্ণমেণ্ট যে সমাদর করেন তাহার চিহ্নস্বরূপ শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর তাঁহাকে এক খেলাৎ এবং রায় পদবী প্রদান করিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

A large quantity of Sappan wood (Bengalee and Hindoostanee Bukum) called also Cœsalpinia Sappan, used in dyeing, value about 1000 Rupees, has been found under suspicious circumstances at Ishera, near Serampore, in Zillah Hooghly, on the night of 26th March. The wood is in small logs or pieces, varying from ½ to 1½ cubits, and of different thicknesses.

It is supposed that this wood has been stolen or unlawfully obtained from ships or stores in Calcutta. The attention of Merchants and Insurers is requested to this advertisement, sample of the wood may be seen at Ishera or at Serampore, and every information and assistance will be given at the office of the undersigned. The expences of advertisement and other charges incurred must be paid by the party who establishes his claim to the property.

L. S. JACKSON,
Joint Magistrate.

Serampore, 28th March, 1846.

বিজ্ঞাপন।

জিলা হুগলীর শ্রীরামপুরের নিকট রিসিড়া গ্রামে মার্চ মাসের ২৬ তারিখের রাত্রে ন্যূনাধিক ১০০০৲ টাকা মূল্যের কতক সাপান অথবা সিসাল্‌পিনা সাপান কাঠ অর্থাৎ বাঙ্গলা ও হিন্দি ভাষায় বকম কাঠ বলিয়া যে কাঠ রঙ্গ দেওনের কার্য্যে ব্যবহার হয় তাহার কতক ধরা পড়িয়াছে ও তাহার বিষয়ে শোবে আছে। সেই কাঠ খণ্ড২ হইয়া আধ হাতঅবধি দেড় হাতপর্য্যন্ত লম্বা আছে ও কতক মোটা কতক পাতলাও আছে।

বোধ হয় যে ঐ কাঠ কলিকাতার কোন জাহাজ কিম্বা গুদাম ঘরহইতে চুরি হইয়াছে কিম্বা কোন প্রকার অনুপযুক্তমতে পাওয়া গিয়াছে। মহাজনেরা ও বিমাকারিরা এই বিজ্ঞাপনের বিষয়ে মনোযোগ করিবেন। ঐ কাঠের নমুনা রিসিড়াতে কিম্বা শ্রীরামপুরে দেখা যাইতে পারে এবং নীচের লিখিত সাহেবের সিরিশতায় তদ্বিষয়ের সকল বৃত্তান্ত ও সাহায্য পাওয়া যাইবেক। উক্ত বস্তুতে যে ব্যক্তির দাওয়া সাবুদ হয় সেই ব্যক্তির এই ইশ্‌তিহার প্রকাশ করিবার খরচা ও সেই বিষয়ে যে সকল খরচা লাগে তাহা দিতে হইবেক।

এল এস জাকসন। জাইণ্ট মাজিস্ট্রেট।

শ্রীরামপুর। ১৮৪৬। ২৮ মার্চ।

ফেক্টরি উজিরম আফিম দস্তুর সন ১৮৪৬ সাল তারিখ ১১ মার্চ মোতাবেকে বাঙ্গলা সন ১২৫২ সাল তারিখ ২৯ ফাল্গুন।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ৬ আপ্রিল মোতাবেকে বাঙ্গলা সন ১২৫২ সাল তারিখ ২৫ চৈত্র সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত ফেকদারি সন ১৮৪৪। ৪৫ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত সরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম	৩২০০
বানারসের পয়দায়শী আফিম	১৩০০
জুমলা সিন্দুক	
	৪৫০০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপে রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকট দেওয়া যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূন সংখ্যা কো২ ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ৪৫০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটিয়ায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরী হওনের পূর্ব্বে ফিলাট ১০০৲ টাকার অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবত দর্শান প্রামিস্বরি নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সাল ৯ আপ্রিল বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দফ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শান প্রামিস্বরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটিয়ায়ের আমানত পেশগীর হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিস্বরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৬ সালের ৯ আপ্রিল তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ঐ ৯ আপ্রিল তারিখে দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সব ট্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৬ সালের ৬ মে বুধবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিম্মতের বাবৎ ট্রেজরির রসীদ আর লওয়া যাইবেক না ও যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার পূর্ব্বে ফি ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার এ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরকার করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা সপষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ৩১ মার্চ।]

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সব ট্রেজরর সাহেবের রসীদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসীদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুর খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপরিন্টেণ্ডেন্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ এক হাজার টাকর হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ১০০ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সব ট্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহার ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফিলাট ১০০০ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিমত ফিসিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ পঞ্চাশ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমিল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের লিখিত তফসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম হুজরিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৪।৪৫ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এন্তিজাম ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচস্কা নিতান্ত পক্ক করিয়া পাঠাইতে এবং প্রতি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের কিতাবানহইতে ছয় সিন্দুক লইয়া কলিকাতায় যে ওজন করা গিয়া তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দফ্তরখানায় তলাস করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের নমুনাবশী যে চারি সিন্দুক বেহারের ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদৃষ্টে সেওদাগিরান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নিকস্থাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমবেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিছু অগ্র পশ্চাৎ নীলামে করা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমলা সিন্দুক।
১৭ মে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০০	৮০০	৩০০০
৩০ জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩৫০৩	১৫১১	৫০৩৪
	৫৭০৩	২৩১১	৮০৩৪

জানুআরি মাহার নীলামে		৯৫
ফেব্রুআরি	ঐ	৪০
আপ্রেল	ঐ	৮৫
মে	ঐ	১০
জুন	ঐ	৭০
সিন্দুক		৩০০

১৮ দফা। ইঙ্গরেজ ও ফরাশীস উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬ ছয় দফা মোতাবেক ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেয় তাহা হাশীয়ার লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তন্মধ্যে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মিয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ এক মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসী থাকিবেক তাহা তৎকিস্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

এচ টরেন্স সেক্রেটারী।

[*Government Gazette*, *31st March*, 1846.]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৪৫ সালের লাং কিস্তী ডিসেম্বরের পাওনা বাকী মালগুজারি আদায় নিমিত্ত এবং যে অন্য ২ দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৪৬ সালের ৭ আপ্রিল মোং সন ১২৫২ সালের ২৬ চৈত্র তারিখে জিলা নদীয়ার কালেক্টরি কাছারির প্রকাশ্য স্থানে নীলাম করা যাইবেক ইতি সন ১৮৪৬। ২১ মার্চ সন ১২৫২। ৯ চৈত্র।

শ্রেণীমত নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	যে সনের যে মাসের বাকী	মন্তব্য কথা
১	মেয়াদি	৬	পলাশীপাড়া নিশ্চিন্তপুর	মথুরানাথ মুখোপাধ্যায়	১০৩।৶	লাং সন ১২৫২ সালের অগ্রহায়ণের বাকী ৫১৲ একান্ন টাকামাত্র	সন ১৮৪৫ সালের এক আইনের ১৬ ধারার মর্ম্মানুসারে খরিদার ৩০ দিনের মধ্যে পণের টাকা দাখিল না করায় পুনর্নীলাম হইবেক।
২	ঐ	৩০	চর ধর্ম্মদহ	ঐ	১১০, ৪	১৭৬ ৪ সাতাত্তিশ টাকা চৌদ্দ আনা চারি পাই	ঐ
		৩৪	চর রাণীনগর	ঐ	১১৪।৩	৩১৲ একত্রিশ টাকামাত্র	ঐ

D. J. MONEY, *Collector.*

INSOLVENT COURT.

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

Under an order made by the above Court, this day, the matters of the Petition of SARAH BLACK, late of Mott's Lane, in Calcutta, widow, seeking the benefit of the Insolvent Act, are appointed to be heard on Saturday, the second day of May next.

The names of the Creditors of the said SARAH BLACK, appear in a Schedule filed with her said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

EMANUEL PANIOTY,
Insolvent's Attorney.

Calcutta, 10th March, 1846.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 21st day of March instant, the matters of the Schedule of RAMDHONE NUNDY, and RAMRUTTEN NUNDY, late of Jorasanko, in the Town of Calcutta, and now residing at Ramkistopore, in the district of the 24-Pergunnahs, in the Province of Bengal, and lately carrying on trade and business in Clive Street, in the Town of Calcutta, as Ship Banians and dealers in Marine Stores, against whom an adjudication of Insolvency was made and pronounced on the 25th day of February, 1846, on the Petition of one Hurrymohun Sircar, a Creditor of the said Insolvents, are appointed to be heard in the said Court, on Saturday, the 6th day of June next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said RAMDHONE NUNDY, and RAMRUTTEN NUNDY, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

THOMAS AND CAMPION,
Insolvents' Attornies.

Calcutta, 25th March, 1846.

In the matter of RADAKISSEN MULLICK, formerly of Colootollah, in the Town of Calcutta, and lately of Champatollah in Calcutta, aforesaid, Salt Merchant, and now residing at Chinsurah in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order of the said Court, made in this matter on the Eighteenth day of March instant, upon the application of Sibchunder Chatterjee, it was adjudged, that the Petition presented by the said Sibchunder Chatterjee, to the said Court, was true and that the said Radakissen Mullick, had committed an Act of Insolvency within the Provisions of the Statute of the Ninth year of George the Fourth, Chapter Seventy-three and by another order of the said Court, made in this matter on the said Eighteenth day of March instant, it was amongst other things ordered that Robert O'Dowda, Esquire, be appointed Assignee of the Estate and

যোত্রহীনেরদের আদালত।

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের মটলেন নিবাসি বিধবা

সেরা ব্লাক

যোত্রহীনেরদের বিষয়ি আইনদ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব অদ্য উক্ত আদালতে হুকুম হইল যে আগামি মে মাসের ২ তারিখ শনিবারে তাঁহার দরখাস্তের মর্ম্ম শুনা যায়।

উক্ত সেরা ব্লাকের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্ত সম্বলিত প্রধান ক্লর্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ইমানুএল পানিওটি।
যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৬। ১০ মার্চ।

পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের যোড়াসাঁকো নিবাসি এক্ষণে জিলা চব্বিশপরগনার রামকৃষ্ণপুর নিবাসি ও পূর্ব্বে কলিকাতা নগরের ক্লাইব ষ্ট্রিটে জাহাজের বনিক ও জাহাজের দ্রব্য যোগানকারি

রামধন নন্দী ও রামরত্ন নন্দী

যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ হরিমোহন সরকার নামক তাঁহারদের এক জন মহাজনের দরখাস্তমতে ১৮৪৬ সলের ২৫ ফেব্রুআরি তারিখে হইল। এই বিষয়ে বর্ত্তমান মার্চ মাসের ২১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলের মর্ম্ম আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত রামধন নন্দি ও রামরত্ন নন্দির মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

তামস ও চাম্পিয়ন।
যোত্রহীনেরদের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ২৫ মার্চ।

পূর্ব্বে কলিকাতা নগরের কলুটোলা নিবাসি এবং উক্ত কলিকাতা নগরের চাঁপাতলায় নিমকের মহাজন ও এক্ষণে বাঙ্গলা দেশের চুঁচুড়া নিবাসি

রাধাকৃষ্ণ মল্লিকের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে শিবচন্দ্র চাটুয্যার দরখাস্তমতে বর্ত্তমান মার্চ মাসের ১৮ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত শিবচন্দ্র চাটুয্যা যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য এবং চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধানে যে প্রকার যোত্রহীনেরদের বিষয়ে লেখা আছে উক্ত রাধাকৃষ্ণ মল্লিক সেই প্রকার যোত্রহীন বটেন। এবং এই বিষয়ে বর্ত্তমান মার্চ মাসের উক্ত ১৮ তারিখে উক্ত আদালতে অন্যং বিষয়ের মধ্যে ইহারও হুকুম হইল যে উক্ত আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহামলন

Effects of the said Radakissen Mullick, in the room of Patrick O'Hanlon, Esq., the Common Assignee of the said Court.

NATHNL. HUDSON,

Attorney for Petitioning Creditor.

Calcutta, March, 1846.

NOTICE is hereby given, that pursuant to an order of the said Court, bearing date the 7th day of March instant, the hearing of the matters of the Petition of JOHN WILLIAM SAGEMAN, otherwise called JOHN HENRY SAGEMAN, an Insolvent, has been adjourned to Saturday, the 4th day of April next.

E. PANIOTY,

Attorney for the Insolvent.

Calcutta, 21st March, 1846.

সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন।

নাথানিএল হডসন।

দরখাস্তকারি মহাজনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। মার্চ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ৭ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে দেওয়ানীন

জান উলিয়ম সেজমান অথবা জান হেনরি সেজমান

নামে ব্যক্তি সাহেবের দরখাস্তের মর্ম্ম আগামি অপ্রিল মাসের ৪ তারিখ শনিবারে শুনা যায়।

ই পানিওটি।

দেওয়ানীনের উকীল

কলিকাতা। ১৮৪৬। ২১ মার্চ।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

রিসীবর আফিস।

জমিদারিদিগের ইজারা।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১৫ অপ্রিল শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসীবর শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব তাঁহার আফিসে ৺ রাধামোহন বন্দ্যোপাধ্যায়ের ইষ্টেটের নীচের লিখিত জমিদারিদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা যশোহরের অন্তঃপাতি পরগনা মাহমুদশাহির রকম তিন আনা চারি গণ্ডা মায় অন্দর বৃদ্ধি।

ঐ পরগনা মাহমুদশাহির রকম ছয় আনা আট গণ্ডা।

ঐ জিলা যশোহর মতালক তালুক কামার কুণ্ড।

ঐ জিলা মতালক তালুক দলফা বাগুরা।

ঐ জিলা মতালক তালুক বাবা মালঞ্চি।

ঐ জিলা মতালক তরফ ফৈজুল্লাপুর।

অপর বৃত্তান্ত রিসীবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর্স আফিস কোর্ট হৌস।

তারিখ ২৬ মার্চ ১৮৪৬ সাল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ৩১ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 7, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৭ আপ্রিল।

ACTS.

Act No. XXIII. of 1845.

An Act to enable "The Union Bank of Calcutta" to sue and to be sued in the name of the Secretary or of the Treasurer of the said Company.

(*Continued from page* 189.)

VIII. And it is hereby further enacted, that all and every judgment and judgments, decree and decrees, order and orders, made or pronounced in any action, suit, or proceedings in any Court of Law or Equity within the limits of the Territories of the East India Company against the Secretary or Treasurer for the time being of the said Union Bank shall subject to the express provisions of this Act have the like effect and operation upon and against the property and funds of the said Union Bank as if such judgment, decree or order had been made or pronounced against all the Members of the said Union Bank, and as if all the Members of the said Union Bank had been parties before the Court to such action, suit and proceedings and as if this Act had not passed.

IX. Provided always and it is hereby further enacted, that in case execution upon any judgment or decree in any such action or suit obtained against the Secretary or Treasurer of the said Union Bank as defendant or respondent or otherwise shall have been issued and taken out against the funds and property of the said Union Bank under the Provisions of this Act, and shall be ineffectual for obtaining full payment and satisfaction for the sum or sums sought to be recovered, then and in such case execution upon any such judgment or decree shall be issued against any other Individual, Proprietor, or Proprietors of the said Union Bank successively as it may become necessary to enforce payment and satisfaction of the said judgment or

আইন।

ইঙ্গরেজী ১৮৪৫ সাল ২৩ আইন।

কলিকাতাস্থ ইউনিয়ন ব্যাঙ্কে আপনার সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামের দ্বারা নালিশ করিতে এবং অন্যেরদিগকে ঐ ব্যাঙ্কের সেক্রেটারী অথবা খাজাঞ্চীর নামে নালিশ করিতে ক্ষমতা দেওনের আইন।

(১৮৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৮ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের সীমাসরহদ্দের মধ্যে কোন আইন বা একুটির আদালতে কোন নালিশ বা মোকদ্দমা কি কার্য্যান্তরের যে ফয়সলা এবং ফয়সলাসকল বা ডিক্রী এবং ডিক্রীসকল বা হুকুম ও হুকুমসকল ইউনিয়ন ব্যাঙ্কের তৎকালের সেক্রেটারী কি খাজাঞ্চীর বিপরীতে হয় সেই ফয়সলা বা ডিক্রী কি হুকুম ইউনিয়ন ব্যাঙ্কের সকল অংশির বিপরীতে হইলে এবং উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সকল অংশী আদালতের সম্মুখে ঐ মোকদ্দমা কি নালিশ বা কার্য্যের অংশী হইলে এবং এই আইন জারী না হইলে যেরূপ হইত সেইরূপে এই আইনের বিশেষ নিয়মে দৃষ্টি রাখিয়া উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সম্পত্তি ও টাকার উপর ঐ ফয়সলাপ্রভৃতির তুল্য ফল হইবেক ইতি।

৯ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে আরো হুকুম হইল যে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের সেক্রেটারীর অথবা খাজাঞ্চীর নামে আসামী বা রেস্পাণ্ডেণ্ট স্বরূপ বা অন্য কোন প্রকারে কোন নালিশে বা মোকদ্দমায় করা কোন ফয়সলা বা ডিক্রী যদি এই আইনের বিধির অনুসারে উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অর্থ ও সম্পত্তির প্রতিকূলে জারী হয় এবং যদি তাহাতে পাওনা টাকা বা টাকাসকল সম্পূর্ণরূপে আদায় না হয় তবে সেই গতিকে যেমতে টাকা আদায় করণার্থ এবং ডিক্রী বা ডিক্রীসকল প্রতিপালন করণার্থ আবশ্যক হয় সেইমতে ঐ ফয়সলা বা ডিক্রীর হুকুম একাদিক্রমে অন্য কোন ব্যক্তি অর্থাৎ উক্ত ইউনিয়ন ব্যাঙ্কের অংশির বা অংশিরদের বিরুদ্ধে জারী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে এইমত যে সেক্রেটারী বা খাজাঞ্চীর নামে কোন নালিশ অথবা মোকদ্দমা আরম্ভ হয় বা চালান যায় বা জওয়াব দেওয়া যায় এবং

In the matter of ALEXANDER GRANT GLASS, late of Calcutta, in the Province of Bengal, Merchant, heretofore carrying on trade and business in Calcutta, aforesaid, under the name, style and firm of Glass and Company, and now residing within the French Settlement of Chandernagore.

NOTICE is hereby given, that by an order made in this Court, in this matter, on and bearing date the eleventh day of June instant, upon the Petition of Pearymohun Day, of Collootollah, in the town of Calcutta, a Creditor of the said Insolvent, it was by the said Court adjudged, that the Petition of the said Pearymohun Day, was true,

শহর কলিকাতার অক্ষম ঋণিদিগের পরিত্রাণার্থ আদালত।

মিলিটারী ডিপার্টমেন্টে আক্কৌন্টেন্ট সাহেবের দফ্তরখানায় আসিষ্টান্ট ও কলিকাতার শহরতলী ইটালির দক্ষিণ রাস্তা নিবাসি

নরমান কর্ সাহেব

এইক্ষণে কলিকাতা নগরের সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনঅনুসারে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জুলাই মাসের ৪ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত নরমান কর্ সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

নাথানিএল হডসন।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৬। ৬ জুন।

গ্লাস কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে বাণিজ্যকারি ও ব্যবসায়ি এক্ষণে ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগর নিবাসি বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগর

আলেকজাণ্ডর গ্রাণ্ট গ্লাস সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত যোত্রহীনের এক জন মহাজন কলিকাতা নগরের কলুটোলানিবাসি প্যারীমোহন দের দরখাস্তমতে এই আদালতের বর্ত্তমান জুন মাসের ১১ তারিখের হুকুমক্রমে উক্ত প্যারীমোহন দের দরখাস্ত সত্য এবং উক্ত আলেকজাণ্ডর

and that the said Alexander Grant Glass, had committed an Act of Insolvency.

W. H. POE,

Attorney for the said Pearymohun Day.

Calcutta, 13th June, 1846.

In the matter of ALEXANDER GRANT GLASS, late of Calcutta, in the Province of Bengal, Merchant, heretofore carrying on trade and business in Calcutta, aforesaid, under the name, style and firm of Glass and Company, and now residing within the French Settlement of Chandernagore.

NOTICE is hereby given, that by an order made in this Court, in this matter, on and bearing date the eleventh day of June instant, it was ordered, that Robert O'Dowda, Esquire, should be appointed Assignee of the Estate of the said Alexander Grant Glass.

BAILLIE, MOLLOY AND MACKINTOSH,

Attornies for the said Assignee.

Calcutta, 13th June, 1846.

In the matter of RAMKISTO BOGCHEE, late of Churuckdangah, in the Town of Calcutta, in the Province of Bengal, Merchant and Trader, and now residing at Cossipore, in the suburbs of Calcutta.

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the fifth day of June instant, it was adjudged, that the Petition of Gourmohun Sein, a Creditor of the said Ramkisto Bogchee, was true, and that the said Ramkisto Bogchee had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed Assignee of the Estate of the said Insolvent, dated this 11th day of June, one thousand eight hundred and forty-six.

PAUL AND SMELT,

Attornies for Robert O'Dowda, Esquire.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 12th day of the present month of June, the matters of the Petition of DAVID CLARK, of Kyd Street, in the town of Calcutta, an Assistant in the General Treasury, and lately a Prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of His late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the first day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said DAVID CLARK, appear in the Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

SHAW and LYONS,

Attornies for the said Insolvent.

Calcutta, 15th June, 1846.

[*Government Gazette*, 16*th June*, 1846]

গ্রাণ্ট গ্লাস সাহেব দেউলিয়া বটেন এমত নিষ্পত্তি হইয়াছে।

ডবলিউ এচ পো।

উক্ত প্যারীমোহন দের উকীল।

কলিকাতা ১৮৪৬ সাল ১৩ জুন।

গ্লাস কোম্পানির নামে কলিকাতা নগরে বাণিজ্যকারি ও ব্যবসায়ি এক্ষণে ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগর নিবাসি ও পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগর

আলেকজাণ্ডর গ্রাণ্ট গ্লাস সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই আদালতের বর্ত্তমান জুন মাসের ১১ তারিখের হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত আলেকজাণ্ডর গ্রাণ্ট গ্লাস সাহেবের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন্।

বেলি ও মলয় ও মাকিন্টশ।

উক্ত আসৈনির উকীল।

কলিকাতা ১৮৪৬। ১৩ জুন।

পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের চড়কডাঙ্গা-নিবাসি সওদাগর ও ব্যবসায়ি এক্ষণে কলিকাতার শহরতলী কাশীপুর নিবাসি

রামকৃষ্ণ বাগচীর

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ৫ তারিখে উক্ত আদালতে নির্দ্ধারণ হইল যে উক্ত রামকৃষ্ণ বাগচীর মহাজন গৌরমোহন সেন যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য এবং উক্ত রামকৃষ্ণ বাগচী দেউলিয়া বটেন এবং উক্ত আদালতের ঐ দিবসের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেব উক্ত দেউলিয়ার ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন্ ইতি ১৮৪৬ সাল ১১ জুন।

পাউল ও স্মেল্ট।

শ্রীযুত রাবর্ট ওডোডা সাহেবের উকীল।

জেনরল ট্রেজুরীর আসিষ্টান্ট কলিকাতা নগরের কিড ষ্ট্রিট নিবাসি

ডেবিড ক্লার্ক সাহেব

পূর্ব্বে কলিকাতা নগরের সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের দেউলিয়া ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের বর্ত্তমান জুন মাসের ১২ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ১ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে শুনা যাইবেক।

উক্ত ডেবিড ক্লার্ক সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

শা ও লায়ন্স।

উক্ত দেউলিয়ার উকীল।

কলিকাতা ১৮৪৬। ১৫ জুন।

১০০৲ টাকা পুরস্কার।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে শহর কলিকাতার সান্নিধ্য বালিগ্রাম নিবাসি শ্রীমধুসূদন কর্ম্মকারনামক এক ব্যক্তি ইংরাজী প্রকারের স্বর্ণ রৌপ্যাদি ও জড়াউ অলঙ্কার গঠনের কর্ম্ম করিত ঐ ব্যক্তি প্রায় এক মাস গত হইল অনেক স্বর্ণ রৌপ্য এবং বহুমূল্যের নানা প্রকার প্রস্তরাদি লইয়া আপন বাসস্থানহইতে পলায়ন করিয়াছে যে কেহ তাহার অনুসন্ধান করিয়া উক্ত বালিগ্রামাধিপতি শ্রীলশ্রীযুক্ত রাজা অন্নদাপ্রসাদ রায় মহাশয়ের সমীপে সংবাদ দিবেক সে উপর উক্ত পুরস্কার প্রাপ্ত হইবেক।

উক্ত মধুসূদন কর্ম্মকারের বয়ঃক্রম ৩৮ বৎসর হইবেক তাহার আকৃতি দীর্ঘা শরীর কৃশ উজ্জ্বল শ্যামবর্ণ কথা ঈষৎ তোতলা গোঁপ আছে চুল খাট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১৬ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 23, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ২৩ জুন।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 13.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of——

With reference to Circular Order No. 19, dated the 22d September last, I am directed by the Sudder Board of Revenue to intimate for your information, and for communication to the authorities subordinate to you, that the Sub-Treasurer has been empowered by Government to act on the requisitions of Public Officers without the special intervention of the Government in drawing interest on Government Promissory Notes deposited by them in the General Treasury as security for the performance of official duties by their subordinates.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, 22d May, 1846.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

গত বৎসরের ২২ সেপ্টেম্বর তারিখের ১৯ নম্বরী সরক্যুলর অর্ডর উপলক্ষে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে তোমাকে জ্ঞাত করিতেছি যে সরকারী কার্য্যকারকেরদের অধীন আমলারদের আপনং সরকারী কর্ম্ম উত্তমরূপে নির্ব্বাহ করণের নিমিত্তে জামিনস্বরূপ যে প্রোমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ কলিকাতাস্থ ত্রেজুরীতে আমানৎ আছে সেই কাগজের বিষয়ে গবর্ণমেণ্ট সব-ত্রেজুরর সাহেবকে এই হুকুম দিয়াছেন যে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি না লইয়া তিনি সরকারী কর্ম্মকারক সাহেবেরদের প্রার্থনাক্রমে সেই সকল নোটের সুদ বাহির করেন্।

জি প্লোডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬ সাল ২২ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 12.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to transmit to you Extracts from two Dispatches of the Honourable the Court of Directors, and to request a report on the measures which have been taken for making known the provisions of Act XIX. 1843, the system which has been adopted for keeping the registry Books of deeds and making them available for reference by the people, and the effect, gene-

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১২ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দুই পত্রের চুম্বক সদর আদালতের সাহেবেরদের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে ১৮৪৩ সালের ১৯ আইনের বিধি প্রচার করিবার এবং দলীলদস্তাবেজের রেজিষ্টরী বহী রাখিবার নিমিত্ত এবং যাহাতে সকল লোক তাহার তদারক করিতে পারে এনিমিত্ত যেং উদ্যোগ হইয়াছে তাহার রিপোর্ট কর এবং সামান্যতঃ ঐ আইন এবং ১৮৪৫

rally with which the operation of that law, and of Act IV. 1845, has been attended.

Extract (paragraphs 3 to 10,) from a Dispatch from the Honourable the Court of Directors, under date the 24th July, 1844, No. 17.

Para. 3. "It appears from the voluminous correspondence here referred to* that the subject of the registration of deeds affecting the title of real property, has for several years past been under your consideration."

4. "A system of registry had prevailed throughout the provinces of the three Presidencies, but registered deeds did not take precedence of those of earlier date which were unregistered when the party registering had knowledge of the existence of such unregistered deeds, this had led to much perjury, forgery, and fraudulent concealment, and had materially affected the security of transactions connected with real property. At the Presidencies there had never been any registration of deeds."

5. "In the first draft of an Act on the subject, it was proposed that in each Presidency Town, and in each Zillah, or smaller district, an Office should be established for the registration of all deeds affecting the title to real property; that, after a certain date to be fixed, every such deed should be void as against any other deed previously registered; and that this provision should not be affected, as formerly, by notice of any deed previously executed though not previously registered."

6. "On further consideration it was judged advisable that, for the present, the system of registration should not be extended to the Presidency Towns, and, also, that it should be confined to deeds of sale or gift and to Mortgages, excluding from its operation decrees of Court, and deeds for the temporary transfer of real property, Wills and written authorities from husbands to their wives to adopt a son after the husband's decease. Act I. of 1843, was passed accordingly."

7. "It was discovered however, that the intended limitations had not been observed in the terms in which that Act was framed, and that its provisions would have been applicable to other conveyances and instruments than those for the sale or gift of real property, or for mortgages on security of that nature. Act XIX. of 1843 has therefore been passed with provisions restricted to the objects you had in view."

8. "We trust that the utmost pains have been taken that the new law shall be fully known and understood by all parties liable to be affected by it.

* "Act I. of 1843, for the amendment of the Law concerning registration of written conveyances, &c. within the Mofussil territories of the three Presidencies."

"Draft Act for the establishment in the Islands of Bombay and Colaba of an Office for the registration of certain writings."

সালের ৪ আইনের যেং ফল হইয়াছে তাহা জ্ঞাত কর।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৪৪ সালের ২৪ জুলাই তারিখের ১৭ নম্বরী পত্রের চুম্বক অর্থাৎ ৩ দফাঅবধি ১০ দফাপর্য্যন্ত।

৩। পশ্চাৎ লিখিত * বহুসংখ্যক লিখনপঠনের দ্বারা দৃষ্ট হইতেছে যে যে দলীলের দ্বারা স্থাবর সম্পত্তির স্বত্বের স্থৈর্য্যাস্থৈর্য্য হয় তাহার রেজিষ্টরী করণের বিষয়ে কএক বৎসরঅবধি তোমারদের বিবেচনা হইতেছে।

৪। ইহার পূর্ব্বে তিন রাজধানীর অধীন নানা প্রদেশে রেজিষ্টরীর এক রীতি হইয়া আসিতেছিল কিন্তু তাহার এই নিয়ম ছিল যে রেজিষ্টরীকরণিয়া ব্যক্তির যখন এমত বোধ ছিল যে এই বিষয়ের রেজিষ্টরী না হওয়া দলীল আছে তখন পূর্ব্বকার তারিখের করা রেজিষ্টরী না হওয়া দলীলঅপেক্ষা রেজিষ্টরীহওয়া দলীল অগ্রগণ্য হইত না। ইহাতে অনেক মিথ্যা শপথ ও জালসাজীর কর্ম্ম এবং চাতুরীপূর্ব্বক দলীল গোপন রাখা হইত এবং তাহাতে স্থাবর সম্পত্তিবিষয়ক কার্য্যের স্থৈর্য্যের অনেক ব্যাঘাত হইত। নিজ রাজধানীতে দলীলদস্তাবেজের কোন রেজিষ্টরী কখন ছিল না।

৫। এই বিষয়ের আইনের প্রথম মুসাবিদাতে এই প্রস্তাব হইয়াছিল যে যে সকল দলীলদস্তাবেজের দ্বারা স্থাবর সম্পত্তির স্বত্বের স্থৈর্য্যাস্থৈর্য্য হয় তাহার রেজিষ্টরী করণার্থ প্রত্যেক রাজধানীর শহরে এবং প্রত্যেক জিলায় অথবা তদপেক্ষা ক্ষুদ্র প্রদেশে এক দফ্তর স্থাপন হয় এবং কোন এক নির্দ্দিষ্ট তারিখের পর এইমত প্রত্যেক দলীল পূর্ব্বে রেজিষ্টরীকরা অন্য দলীল থাকিতে ব্যর্থ হইবেক এবং পূর্ব্বে যেমন নিয়ম ছিল অর্থাৎ পূর্ব্বের সহীহওয়া কিন্তু পূর্ব্বের রেজিষ্টরী না হওয়া দলীলের এত্তেলা হইলে এই বিধান ব্যর্থ হইবেক সেইমত নিয়ম আর থাকিবেক না।

৬। কিন্তু সেই বিষয় পুনর্ব্বার বিবেচনা করিয়া ইহা উপযুক্ত বোধ হইল যে এক্ষণে রেজিষ্টরী করণের নিয়ম রাজধানীর শহরে স্থাপন না হয় এবং রেজিষ্টরী করণের এই নূতন নিয়ম কেবল বিক্রয়পত্র অথবা দানপত্র এবং বন্ধকী পত্রের দলীলের বিষয়ে আমলে আইসে এবং আদালতের ডিক্রী এবং স্থাবর সম্পত্তির ক্ষণেকের জন্যে হস্তান্তর করণের দলীল এবং উইল ও স্বামির মরণানন্তর দত্তক পুত্র করিতে স্বামী আপন স্ত্রীকে লিখিত যে অনুমতিপত্র দেয় এইং বিষয় বর্জ্জিত থাকিবেক। এই নিমিত্তে ১৮৪৩ সালের ১ আইন জারী হয়।

৭। তৎপরে দৃষ্ট হইল যে ঐ আইনের লিখিত অভিপ্রায়ানুসারে কল্পিত বর্জ্জনীয় বিষয়ের নিয়ম প্রতিপালন হয় নাই এবং স্থাবর সম্পত্তির বিক্রয়পত্র অথবা দানপত্র কি স্থাবর সম্পত্তির জামিনস্বরূপ বন্ধকী পত্র ছাড়া অন্য প্রকার দলীলদস্তাবেজের বিষয়েও ঐ আইনের নিয়ম খাটিতে পারে। এই নিমিত্তে ১৮৪৩ সালের ১৯ আইন জারী হয় এবং তাহাতে এই হুকুম ছিল যে তোমারদের যেং অভিপ্রায় কেবল সেইং অভিপ্রায়ের বিষয়ে এই আইন খাটিবেক।

৮। আমারদের ভরসা আছে যে এই নূতন আইনেতে যে সকল ব্যক্তির লাভনোকসান হইতে পারে সেই সকল ব্যক্তিকে তাহা জানাইতে এবং তাহার

* "তিন রাজধানীর অধীন দেশে ভূমির অধিকার এবং ভূমিবিষয়ক অন্যান্য লাভসম্পর্কীয় লিখিত পাট্টা দলীলদস্তাবেজপ্রভৃতি রেজিষ্টরী করণবিষয়ক আইন সংশোধনের আইন"।

"বোম্বাই ও কলাবা উপদ্বীপে কোন ২ দলীল রেজিষ্টরী করণার্থ দফ্তর স্থাপনের আইনের মুসাবিদা"।

Deeds of Sale, gift or mortgage, are seldom, we believe, drawn up in India, as in England, by professional persons who make it their business to be correctly informed what is required by law to render them effectual, and it would obviously be a great hardship to annul the titles by which property is held by parties, who, in acquiring it, acted with entire good faith and according to long and well established practice. In introducing an improved practice such a hardship may in some degree be inevitable ; but the degree will greatly depend upon the means adopted for the purpose of guarding against it."

9. "We trust also that enquiries have been set on foot with respect to the best and safest mode of keeping the Registry of Deeds, and of making it easily available for reference by persons having occasion to examine it. A distinct and accurate index will be indispensable. Each page of the register, as well as every erasure and interlineation, must be duly authenticated. The custody of such a record will need to be carefully provided for, so as to protect it both from fraud and from accident. We do not think that precautions of such a nature can be left to the judgment and experience of the several individuals composing a numerous body of public officers, spread all over India, and, unless they are well devised, uniform, and correctly observed, the new law may be attended with the greatest confusion and injustice."

10. "We desire that we may be apprized of the measures which have been adopted on both the points above explained, and also of the effect with which the operation of the new law may have been attended."

Extract (paragraphs 5 to 7,) from another Despatch, under date the 14th January, 1846, No. 1.

20 to 25, Act IV. of 1845, for the amendment of the law regarding the registration of deeds.

5. "We are by no means satisfied that the provisions of law recently introduced on this subject are not liable to produce the greatest confusion and injustice. Prior to the passing of Act I. of 1843, registered deeds took no precedence of unregistered deeds of earlier date, when the party registering was aware of the existence of such unregistered deeds. That Act gave them precedence in all cases. Owing to some error in framing the Act, it was amended by Act XIX. of 1843, with respect to which we took occasion to point out the necessity of making its provisions, fully known to those liable to be affected by it. We observed that deeds are seldom drawn up in India as they are in England by professional persons, and that it would be a great hardship to annul the titles by which property may have been transferred in perfect good

অভিপ্রায় বুঝাইতে অত্যন্ত উদ্যোগ হইয়াছে। ইঙ্গলণ্ড দেশে বিক্রয়পত্র বা দানপত্র কি বন্ধকী পত্র আইন ব্যবসায়ি ব্যক্তিরদের দ্বারা প্রস্তুত হইয়া থাকে এবং ঐ সকল দলীল সিদ্ধ করিবার নিমিত্তে আইনে যে নানা নিয়ম আছে তাহা অতিঠিকরূপে জানা তাঁহারদের ব্যবসা। আমারদের বোধ হয় যে ভারতবর্ষে এমত ব্যবহার নাই অতএব যাহারা স্থাবর সম্পত্তি প্রাপণের কালে অত্যন্ত সরলতাপূর্ব্বক এবং বহু কালাবধি স্থাপিত ব্যবহারক্রমে কার্য্য করিয়াছিল তাহারা যে দলীলক্রমে ঐ সম্পত্তির দখল রাখে সেই দলীল অন্যথা করা স্পষ্টতঃ অতি ক্লেশকর ব্যবহার। এমত হইতে পারে যে পূর্ব্বাপেক্ষা উত্তম কোন নিয়ম স্থাপন করণেতে এইমত ক্লেশকর ব্যবহার নিবারণ হইতে পারে না কিন্তু উদ্যোগ করিলে সেই ক্লেশের কিঞ্চিৎ উপশম হইতে পারে।

৯। আমারদের ভরসা আছে যে দলীলের রেজিষ্টরী বহী সর্ব্বাপেক্ষা উত্তম ও নির্বিঘ্নরূপে রাখিবার বিষয়ে তোমরা অনুসন্ধান করিয়াছ এবং যাহারদের ঐ বহীতে তদারক করণের আবশ্যক হয় তাহারা অনায়াসে তাহা করিতে পারে এই বিষয়েরও বিবেচনা তোমরা করিয়াছ। বিশেষ২ এবং অতিঠিক একটা সূচি করা অত্যাবশ্যক। রেজিষ্টরী বহীর প্রত্যেক পৃষ্ঠা এবং প্রত্যেক কাটা কথা এবং উভয় পংক্তির মধ্যে যে নূতন কথা বসান যায় তাহার উপযুক্ত প্রমাণের আবশ্যক হইবেক। এই বহীর মধ্যে কোন চাতুরী না হয় ও দৈবাৎ তাহা নষ্ট না হয় এই নিমিত্তে তাহা রক্ষা করিবার বিশেষ উদ্যোগ করা উচিত। আমারদের বোধ হয় যে ভারতবর্ষের নানা প্রদেশে বিস্তৃত বহুসংখ্যক সরকারী কর্ম্মকারক অর্থাৎ রেজিষ্টরীকরণিয়া প্রত্যেকের বিবেচনা ও কর্ম্মদক্ষতার উপর এইরূপ নির্ভর রাখা যাইতে পারে না যে তাঁহারা আপনারাই সেইরূপ সাবধান কর্ম্ম করিবেন এবং ঐ সাবধানবিষয়ক নিয়ম যদি উত্তমরূপে নির্দ্ধার্য্য না হয় এবং একিপ্রকার না হয় এবং তাহা যদি অবিকল প্রতিপালন না হয় তবে এই নূতন আইনে অনেক গোলমাল ও অযথার্থ হইতে পারে।

১০। অতএব আমরা হুকুম করিতেছি যে পূর্ব্বোক্ত দুই বিষয়ে যে উদ্যোগ করা গিয়াছে এবং নূতন আইনের কি ফল হইয়াছে ইহার বিষয় আমারদিগকে জ্ঞাত করাণ যায়।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৪৬ সালের ১৪ জানুআরি তারিখের ১ নম্বরী অন্য এক পত্রের চুম্বক অর্থাৎ ৫। ৬। ৭ দফা।

২০ অবধি ২৫ পর্য্যন্ত দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণের আইন সংশোধনের ১৮৪৫ সালের ৪ আইন।

৫। এই বিষয়ে সম্প্রতি যে আইন হইয়াছে তাহার বিধানের দ্বারা অত্যন্ত গোলমাল ও অযথার্থ হইবেক এমত আমারদের আশঙ্কা আছে। ১৮৪৩ সালের ১ আইন জারী হওনের পূর্ব্বে যখন রেজিষ্টরীকরাণিয়া ব্যক্তি সেই বিষয়ের রেজিষ্টরী না হওয়া দলীল থাকনের বিষয় অবগত ছিল তখন তাহার রেজিষ্টরীকরা দলীল পূর্ব্বকার তারিখের রেজিষ্টরী না হওয়া দলীল অপেক্ষা অগ্রগণ্য হইত না। সেই আইনের দ্বারা রেজিষ্টরীহওয়া দলীল সকল বিষয়ে অগ্রগণ্য ধার্য্য হইল। কিন্তু ঐ আইন প্রস্তুত করণে কিছু ভ্রম হওয়াতে ১৮৪৩ সালের ১৯ আইনের দ্বারা তাহার সংশোধন হইল। তাহার বিষয়ে আমরা তোমারদের নিকটে লিখিলাম যে সেই আইনেতে যে ব্যক্তিরদের লাভনোকসান আছে তাহারদিগকে তাহার বিধান সম্পূর্ণরূপে জানান অত্যাবশ্যক। আমরা আরো লিখিলাম যে ইঙ্গলণ্ড দেশে আইনব্যবসায়ি ব্যক্তিরা দলীল প্রস্তুত করিয়া থাকেন কিন্তু ভারতবর্ষের মধ্যে প্রায় এমত ব্যবহার নাই অতএব যে দলীলের দ্বারা স্থাবর সম্পত্তি অতিসরলতাপূর্ব্বক

faith and according to long and well established usage. 'We also remarked that the utmost pains would be requisite as to the mode of keeping the registry of deeds, and making it easily available for reference, and protecting it both from fraud and from accident. These precautions could not in our judgment, be safely left to the discretion and experience of the several individuals composing a numerous body of public officers spread all over India."

6. "The information on the foregoing points, furnished with your letter of the 28th June, No. 18, 1845, certainly is not such as to show that our apprehensions are unfounded."

7. By Act IV. of 1845, the passing of which is reported in your present letter, it is further enacted that deeds may be registered in any 'registry office within the Presidency of Fort William in Bengal, whether such office be in the District where the property or any part thereof to which such deeds relate is situated or not.' This new provision will increase the liability of a fair title to property becoming void, through some undiscovered Act of registration, and makes it still more indispensibly necessary that the registers should be easy of access to parties requiring to examine them, and should be effectually protected against fraud and accident. The subject so universally and essentially concerns the interests of the community, that we must again desire that the various points affecting it, which were stated in our letter of the 24th July, 1844, No. 17, above referred to, may be fully enquired into, and may receive your deliberate consideration."

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 8th May, 1846.

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 4.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

1st. Constructions Nos. 454, 820 and 1221 and the Circular Order, Nizamut Adawlut, No. 14, dated the 5th December, 1828, having received the reconsideration of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut for the Lower and North-Western Provinces and being found at variance with other instructions* on the same subject, which declare preliminary enquiry and commitment, in cases of forgery brought to light in the course of judicial proceedings, to be the peculiar duty of the Civil Courts, are hereby rescinded.

2d. In such cases, it will be no longer optional with the Civil Courts, as implied in the several Constructions and the Circular Orders hereby revoked, either to commit the accused for trial be-

* Construction No. 572, Para. 3, Construction No. 704, Circular Order No. 160, dated 29th May, 1835.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

এবং বহু কালের স্থাপিত ব্যবহারক্রমে হস্তান্তর হইতেছে তাহা রহিত করা অত্যন্ত ক্লেশকর বিষয়। আমরা পুনশ্চ কহিলাম যে দলীলের রেজিষ্টরী বহী প্রস্তুত করণের নিয়মের বিষয় এবং অনায়াসে লোকেরা তাহা অনুসন্ধান করিতে পারে এবং চাতুরী বা দৈবঘটনাপ্রযুক্ত তাহার কিছু অপকার না হয় ইত্যাদি বিষয়ে অত্যন্ত যত্ন করিতে হইবেক। এবং আমারদের বোধ ছিল যে ভারতবর্ষের নানা প্রদেশে বিস্তৃত বহুসংখ্যক সরকারী কর্ম্মকারক অর্থাৎ রেজিষ্টরীকরণিয়ারদের প্রত্যেক বিশেষ ব্যক্তির বিবেচনা ও কর্ম্মদক্ষতার উপর নির্ভর রাখা যাইতে পারে না যে তাঁহারা আপনারাই এইমত সাবধানতার উদ্যোগ করিতে পারেন।

৬। তোমারদের ১৮৪৫ সালের ১৮ জুন তারিখের ১৮ নম্বরী পত্রে পূর্ব্বোক্ত নানা বিষয়ে যে সম্বাদ দিয়াছ তাহাতে অবশ্য বোধ হয় যে আমারদের ভয় অমুলক ছিল না।

৭। তোমারদের এক্ষণকার পত্রে ১৮৪৫ সালের ৪ আইন জারী করণের সম্বাদ লেখা আছে ঐ আইনের দ্বারা আরো এই হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অন্তঃপাতি কোন জিলায় রেজিষ্টরী দপ্তরে দলীলদস্তাবেজের রেজিষ্টরী হইতে পারে। ঐ দলীলসম্পর্কীয় সম্পত্তি বা তাহার কোন অংশ সেই জিলার মধ্যে থাকুক বা না থাকুক সেই জিলায় রেজিষ্টরী হইতে পারে। এই নূতন বিধানেতে অজ্ঞাত কোন রেজিষ্টরীহওয়া দলীলের দ্বারা সম্পত্তির যথার্থ স্বত্ব লোপ হইবার পূর্ব্বাপেক্ষা অধিক সম্ভাবনা হইবেক অতএব পূর্ব্বাপেক্ষা অধিক আবশ্যক হইয়াছে যে রেজিষ্টরী বহীর মধ্যে যে কোন ব্যক্তি অনুসন্ধান করিতে চাহে সেই ব্যক্তি অনায়াসে তাহা করিতে পারে এবং ঐ বহীতে কোন চাতুরী হইতে না পারে এবং দৈবঘটনাপ্রযুক্ত তাহা নষ্ট হইতে না পারে। এই বিষয়ে সর্ব্ব সাধারণ লোকেরদের অত্যন্ত ক্ষতিবৃদ্ধি আছে অতএব আমরা পুনরায় আদেশ করিতেছি যে ১৮৪৪ সালের ২৪ জুলাই তারিখের ১৭ নম্বরী পত্রে এই রেজিষ্টরীর সম্পর্কে যে নানা বিষয় লেখা আছে তাহা অতিসূক্ষ্মরূপে বিবেচনা কর। ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৮ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

৪৫৪ এবং ৮২০ নম্বরী এবং ১২২১ নম্বরী আইনের অর্থ এবং ১৮২৮ সালের ৫ ডিসেম্বর তারিখের নিজামৎ আদালতের ১৪ নম্বরী সরকুলর অর্ডর আগ্রাস্থ ও কলিকাতাস্থ সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবরা পুনরায় বিবেচনা করিয়া দেখিয়াছেন যে সেই বিধি অন্যান্য হুকুমে * নির্দ্দিষ্ট আছে যে আদালতসম্পর্কীয় কার্য্যক্রমে জালকাগজ করণের অপরাধ দৃষ্ট হইলে তাহার আদৌ তজবীজ এবং অপরাধিকে সোপর্দ্দ করণের ভার দেওয়ানী আদালতের বিশেষ কর্ম্ম। এই উভয় হুকুমের পরস্পর বৈলক্ষণ্য আছে অতএব পূর্ব্বোক্ত আইনের অর্থ ও সরকুলর অর্ডর রদ হইল।

২। এক্ষণে রদহওয়া নানা আইনের অর্থ ও সরকুলর অর্ডরের অভিপ্রায় এই ছিল যে দেওয়ানী আদালতের সাহেবেরদের যেমত উচিত বোধ হয় সেই মতে তাঁহারা অপরাধি ব্যক্তিকে বিশেষ সেশনে বিচার

* ৫৭২ নম্বরী আইনের অর্থের ৩ দফা এবং ৭০৪ নম্বরী আইনের অর্থ এবং ১৮৩৫ সালের ২৯ মে তারিখের ১৬৯ নম্বরী সরকুলর অর্ডর।

fore a Special Sessions, or to direct a prosecution for forgery, or to declare the party aggrieved by such forgery at liberty to institute a prosecution in the Criminal Court, as to them may seem fitting, but it will be incumbent on those Courts, in all cases of forgery brought to light in the course of judicial proceedings, to conform strictly to the rules prescribed for adoption in cases of perjury by Section 2, Regulation III. of 1801, by Section 3, Regulation VII. of 1813, Section 14, Regulation IV. of 1793, (corresponding with Section 8 Regulation III. of 1803,) and Section 14, Regulation XVII. of 1817.

3rd. The same rule is to be considered applicable, *mutatis mutandis,* to cases of forgery, brought to light in the course of judicial proceedings in a Criminal Court.

4th. These instructions are not intended to exclude from the cognizance of the Magisterial authorities criminal prosecutions for forgery, which may be instituted irrespectively of proceedings in any Civil or Criminal Court.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, 13th March, 1846.

No. 6.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to prescribe the following additions to the rules for the preparation of criminal statements.

Supplementary rules for the preparation of the Magistrate's Statements.

Para. 137. That the Court may be enabled to ascertain to whom delay in the examination and discharge of witnesses may be attributable, the Magistrates will be pleased to make the following addition to Statement No. 2, Part 3, exhibiting the number of witnesses examined by each Magisterial Agent, and the periods during which they were detained in attendance by each. The responsibility of delay, and the duty of explaining its cause, will rest on the officer, whether Magistrate, Assistant or other, before whom it may occur.

The subjoined form can be appended without difficulty to Part 3, Statement No. 2, by simply prolonging the columns and filling up the first column in the manner shown in the exemplar.

হওনার্থ সোপর্দ্দ করিতে পারেন্ অথবা জালসাজীর বিষয়ে নালিশকরণের হুকুম দিতে পারেন অথবা ঐ জালসাজীর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ফৌজদারী আদালতে নালিশ করিতে অনুমতি দিতে পারেন্। কিন্তু এক্ষণে দেওয়ানী আদালতের সাহেবেরা আপনারদের বিবেচনানুসারে এই অন্যতর কার্য্য করিতে পারিবেন না কিন্তু উত্তর কালে আদালতের কার্য্যক্রমে কোন জালসাজী দৃষ্ট হইলে ঐ দেওয়ানী আদালতের সাহেবেরদের এই উচিত হইবেক যে ১৮০১ সালের ৩ আইনের ২ ধারা এবং ১৮১৩ সালের ৭ আইনের ৩ ধারা এবং ১৭৯৩ সালের ৪ আইনের ১৪ ধারা (এবং তদনুযায়ি ১৮০৩ সালের ৩ আইনের ৮ ধারা) এবং ১৮১৭ সালের ১৭ আইনের ১৪ ধারায় মিথ্যা শপথ দেওনের অপরাধের বিষয়ে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তদনুসারে অবিকল কার্য্য করেন্।

৩। যে জালসাজী ফৌজদারী আদালতের কার্য্যক্রমে দৃষ্ট হয় তাহার বিষয়ে বিনয়বিশেষে পূর্ব্বোক্ত বিধান খাটিবেক।

৪। কিন্তু এই হুকুমের এমত অভিপ্রায় নহে যে কোন দেওয়ানী বা ফৌজদারী আদালতের কার্য্যের অসম্পর্কে জালসাজীর বিষয়ে যে ফৌজদারী নালিশ হব তাহা মাজিষ্ট্রেটীসম্পর্কীয় কর্ম্মকারকেরা গ্রাহ্য করিতে পারেন্ না।

ডবলিউ কর্কপাত্রিক ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৩ মার্চ।

---

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা দেওয়ানী কৈফিয়ৎ প্রস্তুত করণার্থ নীচের লিখিত অতিরিক্ত বিধান নির্দ্দিষ্ট করিতেছেন।

মাজিষ্ট্রেটী কৈফিয়ৎ প্রস্তুত করণার্থ অতিরিক্ত বিধি।

১৩৭ দফা। সাক্ষিরদের জোবানবন্দী লওন ও তাহারদিগকে বিদায় করণের বিলম্ব হইলে সেই অপরাধ কাহার শিরে পড়ে ইহা সদর নিজামৎ আদালত অবগত হইতে পারেন্ এতদর্থে মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি হুকুম হইল যে তিন ভাগের ২ নম্বরী কৈফিয়তে অতিরিক্ত ইহা লেখেন্ যে প্রত্যেক মাজিষ্ট্রেটী কর্ম্মকারক কত সাক্ষির জোবানবন্দী লইলেন এবং প্রত্যেকের সম্মুখে তাহারা কত কালপর্য্যন্ত হাজির ছিল। অতএব বিলম্বের ঝুঁকী এবং তাহার কারণ জানাইবার ভার যে কর্ম্মকারকের কাছারীতে বিলম্ব হইয়াছিল কি মাজিষ্ট্রেট কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট কি অন্য ব্যক্তির প্রতি থাকিবেক।

তিন ভাগের ২ নম্বরী কৈফিয়তের সঙ্গে পশ্চাৎ লিখিত পাঠ অনায়াসে সংযোগ হইতে পারে। সুদ্ধ ঘর কিছু লম্বা করিলে এবং নীচের মুসাবিদাঅনুসারে প্রথম ঘরে কথা লিখিলে কার্য্যসিদ্ধি হইতে পারিবেক।

By Mr. —— Magistrate.																
„ —— „																
„ —— „																
„ —— „																
„ —— „																
„ —— „																

Fort William, 29th April, 1846.

W. KIRKPATRICK, *Deputy Register.*

[*Government Gazette,* 23d *June,* 1846.]

শ্রীযুত ——মাজিষ্ট্রেট।

" ——— "

" ——— "

" ——— "

" ——— "

" ——— "

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২৯ আপ্রিল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 5th June, 1846.

LEAVES OF ABSENCE.

Moulvy Gholam Sufdur, Mahomedan Law Officer of Zillah Midnapore, for 20 days, from the 17th instant.

Baboo Kalleenath Chatterjee, Moonsiff of Pertappore, Midnapore, for fifteen days, in extension of that given before.

The 12th June, 1846.

Mahomed Amah, Moonsiff of Ameergong, Tipperah, for seven days, from the 25th instant, under Medical Certificate.

Raja Bejoynarain, Moonsiff of Durrung, Assam, for one month. from the 25th ultimo, under Medical Certificate.

Moonshee Gureeboollah, Moonsiff of Dhumnagore, Cuttack, for one day.

The leave of absence for 20 days, granted on the 20th ultimo, to Baboo Beneemadhub Shome, Moonsiff of Kuddumgatchee, 24-Pergunnahs, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৬ সাল ৫ জুন।

ছুটী।

জিলা মেদিনীপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী গোলাম সফদর বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি বিশ দিনের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরে প্রতাপপুরের মুনসেফ শ্রীযুত বাবু কালীনাথ চাটুর্য্যা পূর্ব্বে যে ছুটী পান্ তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১২ জুন।

ত্রিপুরার আমীরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মহম্মদ আমা চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

আসামে ডরঙ্গের মুনসেফ শ্রীযুত রাজা বিজয়নারায়ণ চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

কটকের ধূমনগরের মুনসেফ শ্রীযুত মুনশী গরীবুল্লা এক দিনের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার কদম্গাছীর মুনসেফ শ্রীযুত বাবু বেণিমাধব সোমকে গত মাসের ২০ তারিখে যে বিশ দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন।
একটিং রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 1090.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th June, 1846.

Mr. W. St. George Williams to have Medical charge of Sandoway in Arracan. This cancels the appointment of Dr. Stokes, dated the 13th ultimo.

The 10th June, 1846.

Mr. A. Grant, ..., Moulavie Mohummut Nazim, ..., Baboo Rajkissen Roy, ... } to be Members of the Ferry Fund Committee of Furreedpore, vice Mr. J. R. Muspratt, Mahomed Idris Khan and Seebchunder Mookerjee.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

রাজকর্ম্মে নিয়োগ।

১০৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৬ জুন

শ্রীযুত ডবলিউ সেন্ট জর্জ উলিয়ম্স সাহেব আরাকাণে সান্দোএর চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন অতএব গত মাসের ১৩ তারিখে শ্রীযুত ডাক্তর ষ্টোক্স সাহেবের যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ১০ জুন।

শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব ও শ্রীযুত মহম্মদ ইদ্রিস খাঁ এবং শ্রীযুত শিবচন্দ্র মুখুয্যার পরিবর্ত্তে শ্রীযুত এ গ্রান্ট সাহেব ও শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ও শ্রীযুত বাবু রাজকৃষ্ণ রায় ফরিদপুরে খেয়াঘাটের নৌকার দ্বারা প্রাপ্য ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

The 12*th June*, 1846.

Mr. W. J. H. Money to be Additional Judge of Chittagong.

Mr. W. M. Dirom to be Collector of Moorshedabad.

Mr. W. Bell to be Magistrate of Rajeshye, continuing to officiate as Collector of Behar until further orders.

Mr. R. H. Russell to be Magistrate of Sarun.

Mr. W. S. Seton Karr to be a Joint Magistrate and Deputy Collector of the Second Grade.

The appointment of Captain J. Moore to be Commandant of the Local Corps at Moulmein, and Police Magistrate for that Town, published in the *Bengalee Government Gazette* on the 2d instant, is cancelled.

The 13*th June*, 1846.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 3d instant, to proceed on Circuit duty.

Mr. Welby Jackson, Officiating Temporary Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, resumed charge of his office on the 9th instant.

Mr. H. B. Brownlow, Civil and Sessions Judge of Cuttack, resumed charge of his office, and that of the Special Commissioner of Cuttack on the 1st instant.

Mr. M. S. Gilmore, Magistrate, Collector and Salt Agent of Central Cuttack, resumed charge of his office on the 1st instant.

Mr. A. Smelt, Civil and Sessions Judge of East Burdwan assumed charge of his office on the 6th instant.

Mr. W. Luke, Collector of East Burdwan, resumed charge of his office on the 8th instant.

Mr. G. D. Wilkins, Magistrate of East Burdwan, resumed charge of his office on the 8th instant.

LEAVE OF ABSENCE.

The 10*th June*, 1846.

Baboo Radhanath Gangolee, Deputy Collector under Regulation IX. of 1833 in 24-Pergunnahs, for two weeks under Medical Certificate.

NOTIFICATION.

The 10*th June*, 1846.

The Reverend Charles Dillon Hamilton, appointed by the Honourable the Court of Directors an Assistant Chaplain on the Bengal Establishment, reported his arrival on board the Ship "Plantagenet," which Vessel reached Kedgeree on the 2d instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 23*d June*, 1846.]

১৮৪৬ সাল ১২ জুন।

শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব চাটিগাঁর অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব মুরশিদাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ বেল সাহেব রাজশাহীর মাজিস্ট্রেট হইবেন ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত বেহারের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব সারণের মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

মৌলমিনে সৈন্যেরদের অধ্যক্ষতা কর্ম্মে এবং ঐ নগরের পোলীসের মাজিস্ট্রেটী কর্ম্মে শ্রীযুত কাপ্তান জে মোর সাহেবের যে নিয়োগ বর্ত্তমান মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইয়াছে।

১৮৪৬ সাল ১৩ জুন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কিঞ্চিৎ কালের একটিং জজ শ্রীযুত ওএলবি জাকসন সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি ব্রৌণলো সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের এবং কটকের স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

মধ্যম কটকের মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত এ স্মেল্ট সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ডবলিউ লুক সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিস্ট্রেট শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ছুটী।

১৮৪৬ সাল ১০ জুন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনাতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১০ জুন।

শ্রীযুত পাদরি চার্লস ডিলন হামিল্টন সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টান্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "প্লান্টাজিনেট" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্ ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

No. 1108.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 17th June, 1846.

Mr. A. R. Young to be an Under Secretary to the Government of Bengal.

Mr. W. Luke, Dr. A. C. Macrae, } to be Members of the Ferry Fund Committee of East Burdwan.

Mr. J. Macleod, Deputy Collector under Regulation IX. of 1833, in Shahabad, is promoted to the first Grade.

Mr. W. Ainslie to be an Assistant to the Magistrate and Collector of Cuttack.

LEAVES OF ABSENCE.

The 13th June, 1846.

Lieutenant C. S. Reynolds, Junior Assistant to the Commissioner of Assam, for one month, from the 2d instant to the 2d proximo, on private affairs.

The 15th June, 1846.

Mr. E. Jackson, Assistant to the Magistrate and to the Collector of Shahabad, for one month, under Section XI. of the Amended Absentee Rules.

NOTIFICATIONS.

The 17th June, 1816.

Mr. R. E. Cunliffe, Magistrate and Collector of Dacca, made over charge of his offices to Mr. B. H. Cooper on the 9th instant.

Mr. H. Atherton, Officiating Collector of Backergunge, made over charge of the Treasury and current duties of his office to Mr. A. Money on the 12th instant, preparatory to proceeding to the interior on public duty.

Mr. R. T. Tucker, of the Civil Service, embarked for England on board the Ship "Swithamby," which Vessel was left by the Pilot at Sea on the 11th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 1127.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 17th June, 1846.

Mr. R. N. Shore to be Superintendent of Survey in Bhaugulpore, and to exercise the full powers of a Collector under Regulations VII. 1822 and IX. 1825, in Purneah, Bhaugulpore, Dinagepore, Rungpore, Maldah, Monghyr, Beerbhoom and Moorshedabad.

১১০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৭ জুন।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব ও শ্রীযুত ডাক্তর এ সি মাক্রে সাহেব পূর্ব্ব বর্দ্ধমানে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শাহাবাদে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকলৌড সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৩ জুন।

আসামের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেনল্‌ড্‌স সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি আগামি মাসের ২ তারিখপর্য্যন্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৫ জুন।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ই জাকসন সাহেব ছুটী প্রাপণবিষয়ক শুদ্ধ বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৭ জুন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ই কন লিফ সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের প্রতি অর্পণ করেন।

বাকরগঞ্জের একটিং কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ১২ তারিখে খাজানাখানার এবং আপনার কাছারীর চলিত কর্ম্মের ভার শ্রীযুত এ মনি সাহেবের প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর টি টকর সাহেব "সুইথাম্বি" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১২৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৭ জুন।

শ্রীযুত আর এন শোর সাহেব ভাগলপুরে জরিপী কর্ম্মের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে পূরণিয়াতে ও ভাগলপুরে ও দিনাজপুরে ও রঙ্গপুরে ও মালদহে ও মুঙ্গেরে ও বীরভূমে এবং মুরশিদাবাদে কালেক্টর সাহেবের সম্পূর্ণ ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

Mr. W. B. Buckle to be a Joint Magistrate and Deputy Collector of the 2d Grade.

Mr. E. Jackson to be a Member of the Ferry Fund Committee of Shahabad.

Mr. C. Archer, Civil Assistant Surgeon of Nuddea, to be also Register of Deeds in that District.

Mr. J. H. Reilly, Deputy Collector under Regulation IX. of 1833, in Jessore, is promoted to the 1st Grade.

Mr. R. T. W. Betts, Deputy Collector under Regulation IX. of 1833, in Hooghly, is promoted to the 1st Grade.

The 20th June, 1846.

Baboo Radhamohun Chowdry, Moonsiff of Rajarampore in Dinagepore, to be a Moonsiff of the 1st Grade, vice Moulavie Gholam Nujjuff deceased.

LEAVES OF ABSENCE.

The 17th June, 1846.

Baboo Oomakaunt Sein, Commissioner of Soonderbuns, for six weeks, under Medical Certificate, making over charge of his office to Mr. Uncovenanted Deputy Collector A. T. Smith.

Bhogeruth Bur Sanaputty, Sudder Ameen of Luckimpore, to the 1st proximo, in extension of the leave of absence granted to him on the 16th ultimo.

Baboo Kalachund Dey, Sub-Assistant Surgeon, attached to the Bhowanipore Dispensary, for three months, under Medical Certificate.

Baboo Chunder Sein Roy, Principal Sudder Ameen of Kamroop, from the 2d to the 16th instant, on private affairs.

NOTIFICATIONS.

The 20th June, 1846.

Mr. W. M. Dirom made over charge of the Sarun Collectorate to Mr. J. Combe on the 10th instant.

Mr. H. Nelson assumed charge of the Sub-Division of Farruckabad on the 9th instant.

By order of the Honourable the Deputy Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education department, will be held in the Hindoo College, on Saturday, the 4th of July, 1846, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the examination: the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application.

(By order,)
F. J. MOUAT, M. D.,
Secretary.

Council of Education, 19th June, 1846.

[*Government Gazette, 23d June*, 1846.]

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ই জাকসন সাহেব শাহাবাদে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

নদীয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত সি আর্চর সাহেব ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টরও হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে হুগলীতে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত আর টি ডবলিউ বেট্স সাহেব প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ২০ জুন।

মৌলবী গোলাম নজফের মৃত্যু হওয়াতে দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৭ জুন।

সুন্দরবনের কমিস্যনর শ্রীযুত বাবু উমাকান্ত সেন চিকিৎসকের সার্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন ও আপনার সিরিশ্তার কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত এ টি স্মিথ সাহেবের প্রতি অর্পণ করিয়াছেন।

লক্ষ্মীপুরের সদর আমীন শ্রীযুত ভগীরথ বর সেনাপতি গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ভবানীপুরের ঔষধালয়ে নিযুক্ত সহ-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রসেন রায় স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২০ জুন।

শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখে সারণের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত জে কুম সাহেবের প্রতি অর্পণ করেন্।

শ্রীযুত এচ নেলসন সাহেব বর্ত্তমান মাসের ৯ তারিখে ফরক্কাবাদের এলাকার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের ইশ্তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৪৬ সালের ৪ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘন্টার সময়ে হিন্দূ কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষ হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেন্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষী যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে নিজে উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।
এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬ সাল ১৯ জুন।

OPIUM. আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৬ সাল তারিখ ৮ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ২৭ জ্যৈষ্ঠ।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ২৯ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ১৬ আষাঢ় সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘন্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৪।৪৫ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত সরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম ৩৪৭৬/
বানারসের পয়দায়শী আফিম........................ ১৫৬২/
জুমলা সিন্দুক—————————————
৫০৩৮/

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপ রপ্তানির মালভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূনসংখ্যা কোং ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ৫০৩৮/ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিস্টরী হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানৎ পেশগী বাবতে দর্শানি প্রামিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ২ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শানি প্রামিস্বরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগীর হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনাফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিস্বরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪৬ সালের ২ জুলাই তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বিবেচনা হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ২ জুলাই তারিখে দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সব সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৬ সালের ২৯ জুলাই বুধবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবৎ ট্রেজরীর রসিদ আর লওয়া যাইবেক না যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানৎ পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখে যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরাজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেসি পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবট্রেজরর রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেণ্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রিণ্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহার যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲ টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৩ জুন।]

বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

তাহাতে শ্রীযুত টকর সাহেব কহিলেন যে "উক্ত লিপিতে এই মোকদ্দমায় সরকারী উকীলের যে মত লিখিত আছে তাহাতে আমার সম্পূর্ণ ঐক্য আছে। যখন মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত হয় তখন আইন এবং কেবল আইনের দ্বারা সেই মোকদ্দমার নিষ্পত্তি করিতে হইবেক বাইলাএর ক্ষমতা আইনের তুল্য ক্ষমতা হওনের নিমিত্তে আবশ্যক যে আইনে অধীনস্থ ব্যক্তিরদের উপদেশ ও কার্য্য সাধনের নিমিত্তে নিয়ম করিতে কোন কর্ম্মকারককে ক্ষমতা দেন এবং ঐ বাইলা গবর্ণমেন্টের দ্বারা মঞ্জুর হইলে তাহার ক্ষমতা আইনের তুল্য ইহা প্রকাশ হয়। ১৮১৯ সালের ১০ আইনে আমি এইমত কোন নিয়ম দেখি না অতএব বোর্ডের সরক্যুলর অর্ডরের দ্বারা জজ সাহেব বদ্ধ নহেন।"

তাহাতে শ্রীযুত রেটরি সাহেব ও শ্রীযুত ডিক সাহেব শ্রীযুত টকর সাহেবের মতে ঐক্য হওয়াতে শ্রীযুত রীড সাহেব জিলার জজ সাহেবের হুকুম বহাল রাখিতে আজ্ঞা দিলেন।

১৮৪৬ সাল ২৪ মার্চ।

ফরিয়াদী মৃত ব্যক্তিকে আসামী করাতে ননসুট হইল।

পঞ্চানন রায় দরখাস্তকারী।

দরখাস্তকারী পূর্ব্ব বর্দ্ধমানের প্রধান সদর আমীনের আদালতে নীলকিশোর বাঁড়ুয্যা ও অম্বিকাচরণ চাটুয্যা ও অন্যেরদের নামে নালিশ করে তাহাতে মোকদ্দমা উপস্থিত হওনের কতক কাল পূর্ব্বে অম্বিকাচরণ মরিয়াছে ইহার প্রমাণ হওয়াতে মোকদ্দমা ননসুট হইল। প্রধান সদর আমীন ইহা বলিয়া ঐ হুকুম দিলেন যে ঐ মোকদ্দমা ১৭৯৩ সালের ৯ আইনের ৩ ধারার বিরুদ্ধ হইয়াছে এবং ঐ হুকুম আপীল হইয়া প্রথমে জিলার জজ সাহেব তৎপরে সদর দেওয়ানী আদালতের দ্বারা মঞ্জুর হইল।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

গোরহরি বসু স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২০ আগষ্ট।

পূর্ব্ব বর্দ্ধমানের মুনসেফ শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) আগামি দশহরার বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ৮ আগষ্ট।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জে ই এস লিলি সাহেব (Mr. J. E. S. Lillie,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে কিম্বা অষ্ট্রেলিয়াতে গমন করণার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr. W. M. Dirom,) আপন কর্ম্মের ভার ঐ

জিলার মাজিষ্ট্রেট শ্রীযুক্ত এচ এম রীড সাহেবের (Mr. H. M. Reid,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুক্ত রীড সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত ঐ কর্ম্ম চালাইবেন।

১৮৪৬ সাল ১০ আগষ্ট।

মুরশিদাবাদের শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট শ্রীযুক্ত মেজর জেনরল এফ বি রেপর সাহেব (Major General F. V. Raper,) এক মাসের ছুটী পাইয়াছেন কিন্তু ঐ মাসে আপন কর্ম্মের ভারও রাখিবেন।

১৮৪৬ সাল ১১ আগষ্ট।

পূরণিয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুক্ত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr. E. J. C. Richardson.) ছুটী প্রাপণবিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

মৌলমিনের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত জান টেট সাহেব (Mr. John Tait.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

চাটিগাঁর একটিং কালেক্টর শ্রীযুক্ত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) গত মাসের ২৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনগ্রহণ করেন্।

পূরণিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুক্ত জর্জ মার্টিন সাহেব (Mr. George Martin,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুক্ত ই জেনকিন্স সাহেবের (Mr. E. Jenkins.) প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

শ্রীযুক্ত জে জি ডেনহাম সাহেব (Mr. J. G. Denham.) ও শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ সরকার ও শ্রীযুক্ত মৌলবী হিদায়ৎ আলী ও শ্রীযুক্ত শিব শাস্ত্র উকীল ও শ্রীযুক্ত বাবু দিয়ানৎ রায় ও শ্রীযুক্ত জমট হুসেন ও শ্রীযুক্ত হরেকৃষ্ণ লাহিড়ী গমাস্তা ও শ্রীযুক্ত বিশ্বেশ্বর চারুরী গয়ালী গয়া ও সাহেবগঞ্জ নগরের শোভার্থে চৌকীদারীর ফাজিল টাকা ব্যয় করণের কমিটি হইবেন।

সরবের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত সি বি ক্বিণ্টিন সাহেব (Mr. C. B. Quintin,) এবং ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত সৈয়দ ওবাজীউল্লা ও শ্রীযুক্ত হাফিজ সরফরাজ আলী পূরণিয়াতে ও মালদহে ১৮২১ সালের ৭ আইনের ও ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

সরবের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore.) ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত জে ব্রোন সাহেব (Mr. J. Brown,) ও শ্রীযুক্ত ক্ষেত্রমোহন মুখুয্যা ও শ্রীযুক্ত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) ও শ্রীযুক্ত মৌলবী আলী আহমদ ও শ্রীযুক্ত রাধানাথ বসু জিলাতে ১৮২১ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুক্ত মৌলবী মহম্মদ রফিক আগামি দশহরার বন্দের অতিরিক্ত একুশ দিনের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত কাপ্তান ই আর লায়ন্স সাহেব (Captain E. R. Lyons,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মৌলমিনের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত জে টেট সাহেব (Mr. J. Tait,) গত মাসের ২১ তারিখে থনাসরীম প্রদেশের কমিসানর সাহেবের স্থানে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek) গত মাসের ২৯ তারিখে যে দশ দিনের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৩ তারিখে রহিত হইল ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বহরমপুরের ডাকের অধ্যক্ষ শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট জে ব্রিস্টো সাহেব (Lieut. J. Bristow,) আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন তিনি আপন কর্ম্মের ভার এদেশীয় ৩৯ পল্টনের কাপ্তান শ্রীযুক্ত এফ ই বয়ল সাহেবের (Captain F. E. Voyle,) প্রতি অর্পণ করেন তিনি শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট ব্রিষ্টো সাহেবের অনুপস্থানপর্য্যন্ত ঐ কর্ম্ম চালাইবেন।

বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুক্ত পাদরি ডবলিউ উইঞ্চেষ্টর সাহেব (Rev. W. Winchester,) ছুটী বিষয়ক শুধরা বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের একটিং সদর আমীন শ্রীযুক্ত জে তামস সাহেব (Mr. J. Thomas) আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১২ আগষ্ট।

শ্রীযুক্ত জর্জ আগষ্টস পাকষ্টন সাহেব (Mr. George Augustus Paxton,) শ্রীযুক্ত অনরবিল কোর্ট অফ ডেরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিল সম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া "এসেক্স" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্ ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮৬ সালের সকলের দৃষ্টিগোচর পরীক্ষা।

১। প্রধান বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের এবং ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে যে ফর্দ্দ বৎসরে২ বিদ্যাধ্যাপনের কৌন্সেলে দিবার হুকুম আছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহান নীচের লিখিত তারিখে ও ঘণ্টায় টৌনহালে হইবেক।

তারিখ।	বিষয়।	
সেপ্টেম্বর	প্রধান বৃত্তি।	দ্বিতীয় বৃত্তি।
১৬ বুধবার	সাধারণ শাস্ত্র বিদ্যা	ইঙ্গরেজী ব্যাকরণ।
১৭ বৃহস্পতিবার	পুরাবৃত্ত	পুরাবৃত্ত।
১৮ শুক্রবার	ক্ষেত্রপরিমাপক বিদ্যা	ক্ষেত্র পরিমাপক বিদ্যা।
১৯ শনিবার	পদার্থ বিদ্যা	গোলাধ্যায়।
২১ সোমবার	ইঙ্গরেজী এসে	অনুবাদ।
২২ মঙ্গলবার	বাঙ্গলা এসে	পাঠ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৫ আগষ্ট।]

পরীক্ষার কার্য্য প্রতিদিবস পূর্ব্বাহ্নে ঠিক দশ ঘন্টার সময়ে আরম্ভ হইয়া পাঁচ ঘন্টার সময়ে শেষ হইবেক ঐ সময়ে সকল উত্তর দাখিল করিতে হইবেক। কর্ম্মাকাঙ্ক্ষির-দের আপন২ স্থানে বৈসনইত্যাদি কার্য্যেতে বিলম্ব না হয় এইহেতুক তাহারদিগকে নিরূপিত সময়ের পোওয়া ঘন্টা থাকিতে উপস্থিত হইতে পরামর্শ দেওয়া যাইতেছে।

২। নীচের লিখিত যে২ সাহেবের নামের পার্শ্বে যে২ বিষয় লেখা আছে ঐ সাহেবেরা সেই২ বিষয়ের কাগজ অবিকল বৃত্তির নূতন নিয়মানুসারে প্রস্তুত করিবেন।

ইঙ্গরেজী বৃত্তি

প্রধান।

ইঙ্গরেজী এসে……	শ্রীযুত সর হর্‌টি মাডক সাহেব।
শাস্ত্রবিদ্যা………	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
পুরাবৃত্ত………	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়ট সাহেব।
পদার্থ বিদ্যা……	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা	শ্রীযুত পাদরি ● ফিসর সাহেব।
বাঙ্গলা ভাষার এসে কিম্বা কর্ম্মাকাঙ্ক্ষী চাহিলে লাটিন ভাষার এসে	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বাঁড়ুয্যা। শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।

দ্বিতীয় বৃত্তি।

ইঙ্গরেজী ব্যাকরণ …	শ্রীযুত সি বীডন সাহেব।
গোলাধ্যায় … …	শ্রীযুত ই এ সামুয়েল্‌স সাহেব।
পুরাবৃত্ত .. … …	শ্রীযুত বি জে কলবিন সাহেব।
ক্ষেত্রপরিমাপক বিদ্যা .. …	শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব।
অনুবাদ … ..	শ্রীযুত কাপ্তান জি টি মার্সাল সাহেব।

সংস্কৃত বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় (সকল বিষয়ে) … …	শ্রীযুত কাপ্তান জি টি মার্সাল সাহেব।

আরবী বৃত্তি।

প্রধান ও দ্বিতীয় …	শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল রাইলি সাহেব।

৩। শাস্ত্রবিদ্যা ও পুরাবৃত্তের যে২ বিষয় ইমতিহানের নিমিত্তে ১৮৪৫ সালের আগস্ট মাসে মনোনীত হইয়াছিল তাহা নীচে লেখা যাইতেছে। বর্ত্তমান বৎসরের ইমতিহানের সকল কাগজ তাহাহইতে প্রস্তুত হইবেক।

শাস্ত্রবিদ্যা।

গদ্য।

বেকনের নোবম অর্গেনম ও জনসনের রামব্লর ও রাসিলাস।

পদ্য।

মিলটনের "পারাডৈস লষ্ট" ও কৌপরের কাব্যের যে২ ভাগ রিচার্ডসন সাহেবের সিলেকসান পুস্তকের মধ্যে অর্পণ আছে তাহা। সেক্সপিয়রের নাটকের দ্বিতীয় রিচার্ড রাজার এবং চতুর্থ হেনরি রাজার প্রথম ও দ্বিতীয় ভাগ।

পুরাবৃত্ত।

ইঙ্গলণ্ড।

রাজ্যতান্ত্রর কালাবধি বর্ত্তমান কালপর্য্যন্ত।

গ্রিস।

আদি বিবরণাবধি পিলোপোনিসান যুদ্ধপর্য্যন্ত (মিটফর্ড ও থর্লওয়াল সাহেবের গ্রন্থ)।

ভারতবর্ষ।

ওয়ারণ হেষ্টিংস সাহেবের আমলের আরম্ভঅবধি লার্ড কর্ণওয়ালিসের আমলের শেষপর্য্যন্ত রাজস্বসম্পর্কীয় ফলের প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া মিল সাহেবের ব্রিটিশ ইণ্ডিয়ার বিবরণের ৫ এবং ৬ গ্রন্থ। তাহার সঙ্গে বৌটস সাহেবের রাজস্বের মূল নিয়ম গ্রন্থ অধ্যয়ন হইবেক।

[*Government Gazette, 25th August, 1846.*]

৪। এই পরীক্ষা পূর্ব্বাপেক্ষা অতিশয় গুরুতর হইয়াছে এবং পূর্ব্ববৎ কেবল গবর্ণমেণ্টের কালেজের ছাত্রেরা এবিষয়ে প্রতিযোগী নহে অতএব পরীক্ষার ফল সম্পূর্ণরূপে ও যথার্থমতে ও বিনাপক্ষপাতে রিপোর্ট হয় এই বিষয়ে সাধারণ লোকের এবং গবর্ণমেণ্টের অতিহৃদ্বোধ করণ আবশ্যক বিধায় নীচের লিখিত সাহেবেরা ছাত্রেরদের উত্তরের পরীক্ষা করিবেন।

শাস্ত্রবিদ্যা … …	শ্রীযুত অনরবিল সি এচ কমিরণ সাহেব।
পুরাবৃত্ত … … …	শ্রীযুত সর হেনরি সিটন সাহেব ও শ্রীযুত ডি এলিয়ট সাহেব।
ক্ষেত্র পরিমাপক ও পদার্থ বিদ্যা … …	শ্রীযুত এ ডবলিউ কৃষ্টফর সাহেব।
লাটিন এসে … …	শ্রীযুত অনরবিল সি এচ কামিরণ সাহেব।
ইঙ্গরেজী এসে ..	শ্রীযুত জে ডবলিউ কলবিল সাহেব।
বাঙ্গলা এসে … …	শ্রীযুত পাদরি কৃষ্ণমোহন বঁড়ুয্যা।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা টৌন হালে এই পরীক্ষার কার্য্যের তত্ত্বাবধারণ করিবেন এবং সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত হালিডে সাহেব ও শ্রীযুত ইয়ং সাহেব তাঁহারদের সাহায্য করিবেন বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত সি বীডন সাহেব পরীক্ষার কাল ব্যাপিয়া তথায় উপস্থিত হইবেন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের শ্রীযুত সেক্রেটারী সাহেব হুগলীতে মহম্মদ মসিনের কালেজের সকল পরীক্ষার তত্ত্বাবধারণ করিবেন।

৫। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের বিজ্ঞাপনানুসারে কর্ম্মাকাঙ্ক্ষিরদের নামের যে ফর্দ্দ বৎসরে২ গবর্ণমেণ্টকে দিবার হুকুম হইয়াছে সেই ফর্দ্দেতে লিখিবার যোগ্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের ইমতিহানের নীচের লিখিত বিধান সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে পুনর্ব্বার প্রকাশ হইতেছে।

১। যাহার আঠার বৎসরের কম কি তেইশ বৎসরের অধিক বয়স হয় এবং যে জন ইমতিহান দেওনের সময়ে গবর্ণমেণ্টের কোন এক কালেজের অথবা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের স্বীকৃত কোন বিদ্যালয়ের ছাত্র না হয় সেই জন বার্ষিক রিপোর্টে আপন নাম লিখনের আকাঙ্ক্ষিরদের মধ্যে গণ্য হইতে পারে না। কর্ম্মাকাঙ্ক্ষি সকল লোকের আবশ্যক যে আপনারদের সদাচারিতার বিষয়ে হৃদ্বোধজনক প্রমাণ দেয়।

২। প্রত্যেক জন কর্ম্মাকাঙ্ক্ষী গবর্ণমেণ্টের কোন কালেজের সম্পর্কীয় হউক কিম্বা বিশেষ বিদ্যালয়ের সম্পর্কীয় হউক ইঙ্গরেজী প্রধান বৃত্তি প্রাপণার্থ ছাত্রেরা বৎসরে২ যে ইমতিহান দিয়া থাকে তাহা দিবেক কিন্তু কর্ম্মাকাঙ্ক্ষী আপন ইচ্ছামতে এদেশীয় ভাষায় এসে অর্থাৎ রচনা না লিখিয়া লাটিন ভাষায় লিখিতে পারে।

৩। যোগ্যতার দুই সম্প্রদায় হইবেক। যাহারদের প্রধান বৃত্তি ভোগের শেষ বৎসর হইয়াছে অথবা যাহারদের নিতান্তই শেষ বৎসর হয় নাই কিন্তু তাহারদের বৃত্তি পাইবার যোগ্য হওন সময়ে বৃত্তি শূন্য থাকিলে এবং তাহারা তাহা পাইলে এক্ষণে ঐ বৃত্তির শেষ বৎসর হইত অথবা যাহারা কোন বিশেষ বিদ্যালয়ে দশ বৎসর পর্য্যন্ত বিদ্যা শিক্ষা করিয়াছে এবং ইমতিহানের প্রত্যেক বিষয়ে যত চিহ্ন নির্দ্দিষ্ট আছে তাহার চারি

অংশের অন্যূন তিন অংশ পায় তাহারা প্রথম শ্রেণীভুক্ত হইতে পারে। এবং ইঙ্গরেজী প্রধান বৃত্তি পাইবার নিমিত্তে যে২ বিষয়ে ইমতিহান দিতে হয় তাহার প্রত্যেক বিষয়ে নির্দ্দিষ্ট চিহ্নের অন্যূন অর্দ্ধ অংশ যাহারা পায় এমত অন্য সকল কর্ম্মাকাঙ্ক্ষী দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেক।

৪। ইমতিহানের সময়ে কৃতকার্য্য কর্ম্মাকাঙ্ক্ষিরদের গুণের তারতম্য বুঝিয়া তাহারা সম্প্রদায়ের প্রথম দ্বিতীয়াদি স্থানে ভর্ত্তি হইবেক।

৫। যাহারা কৌন্সেলের ফর্দ্দে নাম লেখাইতে আকাঙ্ক্ষা রাখে তাহারদের ইমতিহানে প্রতিযোগিতা করণের অনুমতি পাইবার পূর্ব্বে কোং ৫৲ টাকা ফিস দিতে হইবেক।

৬। যে কোন ছাত্র কৌন্সেলের ফর্দ্দেতে আপন নাম লেখাইবার যোগ্যতার প্রমাণ না দেয় সে তিনবারের অধিক ইমতিহান দিতে পারিবেক না এবং সেই প্রত্যেকবারের পূর্ব্বে তাহার উক্ত ফিস দিতে হইবেক।

৭। যে কর্ম্মাকাঙ্ক্ষির নাম ফর্দ্দেতে লেখা যায় সেই জন উচ্চ শ্রেণী পাইবার অভিপ্রায়ে পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি পাইবেক না।

৮। গবর্ণমেন্টের ও বিশেষ বিদ্যালয়ের সকল কর্ম্মাকাঙ্ক্ষী স্পষ্টরূপে জানিবেক যে তাহারদের নাম ফর্দ্দেতে লিখিত হইলেই তাহারা নিতান্ত কর্ম্ম পাইবেক এমত নহে কেননা বিদ্যাতে নিপুণতা এবং সদাচারিতা ভিন্ন অন্যান্য গুণেরও আবশ্যক হইবেক।

৯। ইমতিহানের এই২ নিয়ম হইবেক এবং প্রথম ইঙ্গরেজী বৃত্তির যে হার ২ বিধিতে লেখা আছে তাহা এই।

বিদ্যার নানা শাখার বিষয়ে নানা প্রশ্ন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের হুকুমানুসারে প্রস্তুত হইবেক এবং যে দিবসে ইমতিহান হইবেক তাহা উপযুক্ত সময় থাকিতে তাহারদের দ্বারা নিরূপণ হইবেক।

ছাত্রেরা এক কুঠরীর মধ্যে একত্র হইবেক তাহারদের কোন কেতাব বা কাগজ কি যাহাতে কিছু অবগত হইতে পারে এমত কিছু থাকিবেক না ইমতিহানের সময়ে তাহারদের পরস্পর কোন কথা বা লিখনপঠন হইবেক না এবং সেই নিমিত্তে তাহারা উপযুক্তমতে দূরে পৃথক২ হইয়া বসিবেক।

কোন সাহায্যবিনা তাহারদের সকল জিজ্ঞাসার উত্তর দিতে হইবেক এবং এসে লিখিতে হইবেক এবং তাহারদের কোন সাহায্য না হয় এতদর্থে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এক জন কামরার মধ্যে থাকিবেন এবং সমস্ত ইমতিহানের কর্ত্তৃত্ব করিবেন।

যদি কোন কপট কর্ম্ম হয় বা তাহার উদ্যোগ হয় তবে অপরাধি ব্যক্তি ইমতিহানহইতে বহিষ্কৃত হইবেক এবং কৌন্সেলের সাহেবেরদের রিপোর্টের মধ্যে তাহার নাম লেখা যাইবেক না এবং সেই নিমিত্তে সে সরকারী কর্ম্মে নিযুক্ত হইবার অযোগ্য হইবেক।

প্রত্যেক প্রশ্নের গুরুত্বঅনুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেল তাহার মূল্যের একি প্রকার হার নিরূপণ করিবেন। যদ্যপি সেই প্রশ্নের ঠিক এবং সম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে সেই প্রশ্নের যত চিহ্ন নিরূপণ আছে তাহার সম্পূর্ণ সংখ্যা কৃতকার্য্য ছাত্র পাইবেক কিন্তু যদি তাহার অসম্পূর্ণ উত্তর দেওয়া যায় তবে যেপর্য্যন্ত তাহা ঠিক ও পূর্ণ হয় তাহার হিসাব করিয়া সম্পূর্ণ চিহ্নের অংশ দেওয়া যাইবেক। কিন্তু ইমতিহানের সকল প্রশ্নের সমুদয়ে যত চিহ্ন নিরূপণ আছে তাহার অর্দ্ধেকপর্য্যন্ত যে ছাত্র না পায় সে প্রধান বৃত্তিভোগির তুল্য জ্ঞান হইতে পারিবেক না।

ইঙ্গরেজী ভাষাতে ছাত্রেরদের প্রধান বৃত্তি প্রাপণার্থে এই২ বিদ্যাতে নিপুণত্বগুণের আবশ্যক।

ইঙ্গরেজী ভাষার রচনা। পদাকাঙ্ক্ষি ব্যক্তির ইঙ্গরেজী ভাষাতে উপযুক্তমতে এসে অর্থাৎ রচনা করিতে হইবেক।

পুরাবৃত্তের বিবরণ।—সাধারণ পুরাবৃত্তের প্রধান২ বিষয় তাহার জানিতে হইবেক এবং গ্রিক দেশ ও রূম ও ভারতবর্ষ ও ইঙ্গলণ্ড ও ইদানীন্তন ইউরোপের নব্য ইতিহাসের বিশেষ জ্ঞাত থাকিতে হইবেক প্রত্যেক বার্ষিক ইমতিহানে পুরাবৃত্তের শ্রেণীর বিষয়ে যে পরীক্ষা হইবেক তাহা পূর্ব্ব বৎসরের ১৫ জুন তারিখে কি তাহার পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা জ্ঞাত করিবেন।

সাধারণ বিদ্যা। প্রধান২ গ্রন্থকর্ত্তারদের গ্রন্থহইতে মনোনীতকরা গদ্য ও পদ্যের প্রকরণের অর্থ করিতে হইবেক। উত্তর কালে আগামি বৎসরের নিমিত্ত যে গ্রন্থহইতে সেইমত প্রকরণ বাচনী হইবেক তাহা প্রত্যেক বার্ষিক ইমতিহানের অন্যূন এক বৎসর পূর্ব্বে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ধার্য্য করিবেন।

ক্ষেত্রপরিমাণাদি বিদ্যা। বীজগণিত বিদ্যার পিকক সাহেবের গ্রন্থ জ্ঞাত থাকিতে হইবেক এবং উড সাহেবের বীজগণিত বিদ্যার "অনুমান" এই বিষয়ের অধ্যায় জ্ঞাত থাকিতে হইবেক। ইউক্লিডের প্রথম চারি গ্রন্থ এবং পঞ্চম গ্রন্থের পঞ্চম ব্যাখ্যা এবং ষষ্ঠ গ্রন্থ এবং একাদশ গ্রন্থের ২১ প্রস্তাব এবং হাইণ্ড ও স্নোবল ও উডহৌসের রচিত প্লেন এবং স্ফেরিকাল ত্রিকোণ পরিমাপক বিদ্যা এবং কোনিক সেকস্যান্স।

পদার্থ বিদ্যা। পশ্চাৎ লিখিত * গ্রন্থে যেরূপ জ্যোতির্বিদ্যা ও শিল্পবিদ্যা ও দূরবস্তুর নিরূপক ও বায়ুনিরূপক বিদ্যা ও দৃষ্টিনিরূপক বিদ্যার জ্ঞান থাকে সেইরূপ তাহারদের থাকিবেক অর্থাৎ হর্সল সাহেবের পদার্থ বিদ্যার অধ্যয়নবিষয়ক ভূমিকা এবং বিবি সমরবিলের প্রকৃতির বিদ্যার সম্বন্ধ এই দুই গ্রন্থ যাহাতে উত্তমরূপে বুঝিতে পারে সেইপর্য্যন্ত উপরের উক্ত গ্রন্থ পাঠ করিতে হইবেক। এবং কর্ম্মণ্য বিদ্যাপ্রতিপোষক সোসৈটির প্রকাশিত গ্রন্থের মধ্যে ক্ষেত্রপরিমাণ ও প্রকৃতিসম্পর্কীয় ভূগোলীয় বিদ্যা জানিতে হইবেক।

এতদ্দেশীয় এসে। এতদ্দেশীয় ভাষাতে উপযুক্ত এসে অর্থাৎ রচনা লিখিতে হইবেক।

৬। এই সকল রিপোর্ট পাইলে পর যত শীঘ্র সাধ্য সর্ব্ব সাধারণ লোককে জানাইবার ও বিতরণ হইবার নিমিত্তে বৃত্তিবিষয়ক প্রশ্ন এবং ইঙ্গরেজী বিদ্যা ও পুরাবৃত্ত বিষয়ক সর্ব্বাপেক্ষা অত্যুত্তম উত্তর ও অত্যুত্তম এসে ছাপা হইবেক।

গবর্ণমেন্টের কালেজ ভিন্ন অন্যান্য স্থানের বৃত্ত্যাকাঙ্ক্ষিরদের অতিউত্তম২ উত্তরও ছাপা হইবেক।

প্রত্যেক বিষয়েতে যে২ উত্তর দেওয়া যায় তাহা অনায়াসে শ্রেণীপূর্ব্বক সাজান যায় ও পরীক্ষ করা যায় এই অভিপ্রায়ে সকল বৃত্ত্যাকাঙ্ক্ষির প্রতি হুকুম হইতেছে যে কাগজের কেবল এক দিগে আপন২ উত্তর লেখেন এবং এক ফর্দ্দ কাগজে এক জিজ্ঞাসার অধিক উত্তর না লেখেন।

উক্ত বিধানক্রমে যে২ উত্তর লেখা না যায় তাহা অগ্রাহ্য হইবেক।

বিদ্যাধ্যাপনের শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট ও কৌন্সেলের হুকুমক্রমে।

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৬। ১০ জুলাই।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৬। ২৫ আগস্ট।]

* ব্রিঙ্কলি সাহেবের জ্যোতির্বিদ্যা গ্রন্থ কিম্বা কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির পদার্থবিদ্যার পুস্তকের মধ্যে জ্যোতির্বিদ্যা। এবং শিল্পবিদ্যাবিষয়ে হিউএল সাহেবের পুস্তক ও দূরবস্তুনিরূপক বিদ্যাবিষয়ে উএবষ্টর সাহেবের পুস্তক ও দৃষ্টিনিরূপক বিদ্যাবিষয়ে ফেল সাহেবের পুস্তক এবং বায়ুনিরূপক বিদ্যাবিষয়ে কর্ম্মণ্য বিদ্যা প্রতিপোষক সোসৈটির গ্রন্থ।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দরঙ্গের তৌজি ভুক্ত অনাবাদী নীচের লিখিত মহালহায় সন ১২৫২ সালের বকেয়া বাকী রাজস্বের নিমিত্তে সন ১৮৪৬ সালের ৯ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৫৩ সনের ১৭ ভাদ্র মঙ্গলবার রোজ উক্ত জেলার শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৬ ইঙ্গরেজী ১২ আগস্ট মোতাবেক সন ১২৫৩ সন ২৯ শ্রাবণ।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	নাম মহাল	মালিকের নাম	সদর জমা	বাকী সন ১৮৪৬ ইঙ্গরেজীর ৩০ আপ্রেল তক বাকী	মন্তব্য কথা
২ নং	ইস্তমরারি জমা ধার্য্য নাহওয়া মহাল	৪	দেশ দরঙ্গ	রাজা প্রেমনারায়ণ	৮১০ ।৴২	১৬৬১ ৷৵৯	মছলম হক যাহা এই মহালের ২০ মৌজাতে আছে তাহা বিক্রয় হবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।
ঐ	ঐ	৭	ঐ	গন্ধর্ব্বনারায়ণ কোঙর	১০২৸৶১	১৪০৲	মছলম হক যাহা এই মহালের ৩ মৌজায় আছে তাহা বিক্রয় হবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।
ঐ	ঐ	১২	ঐ	কেশবনারায়ণ কোঙর	৮৯ ।৶৩	১২২ ৷৬	মছলম হক যাহা এই মহালের ৬ মৌজাতে আছে তাহা বিক্রয় হবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।
ঐ	ঐ	১৮	ঐ	বরকণ কোঙর	৩৪ ।৴১১	১২ ।	মছলম হক যাহা এই মহালের ১ মৌজাতে আছে তাহা বিক্রয় হবেক আর এই মাটী খেরাজী আধা নিরিখে জমা ধার্য্য আছে পরন্তু মাটীতে উত্তম ফসল হয় ইতি।

J. T. GORDON, *Collector*.

[*Government Gazette, 25th August,* 1846.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of ROBERT HAMMOND WATLING, late of Circular Road, in the town of Calcutta, Trader and now a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the 17th day of October next.

The names of the Creditors of the said ROBERT HAMMOND WATLING, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court to which any Creditor may refer.

C. STRETTELL,
Insolvent's Attorney.

Calcutta, August, 1846.

In the matter of FRANK BONYNGE, late of Khoojoo, in Assam, cultivator of the tea plant, and afterwards of Old Court House Street in Calcutta, and now a Prisoner for debt in the Common Jail in Calcutta.

NOTICE is hereby given, that by an order of the said Court, made and pronounced on this twentieth day of August instant, in the above matter of Frank Bonynge, an Insolvent, seeking the benefit of the Act of the ninth year of the Reign of His Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, Saturday, the seventeenth day of October next, was and is appointed for hearing of the matters of his petition.

The names of the Creditors of the said FRANK BONYNGE, will appear on the face of the Schedule filed in the Office of the Chief Clerk of this Court, on this day, and to which all Creditors of the said Frank Bonynge may refer for their better satisfaction, dated this 20th day of August, 1846.

A. D. KEMP,
Attorney for the Insolvent, Frank Bonynge.

In the matter of HENRY CHAPMAN KEMP, carrying on trade and business as Merchant and Agent, at Clive Street, in the Town of Calcutta, under the style and firm of T. Hyde Gardiner and Company, and also carrying on trade and business in copartnership with Robert Seymour Strickland, in Clive Street aforesaid, as Secretaries to the Alliance Insurance Company, under the firm of Kemp, Strickland and Company, lately of the French Settlement of Chandernagore, but now of Theatre Street, in the Town of Calcutta, and against whom

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

বিজ্ঞাপন।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার

রাবর্ট হামণ্ড ওয়াটলিং

যিনি পূর্ব্বে শহর কলিকাতার সরকুলর রোডে বাস করিতেন এবং এক্ষণে শহর কলিকাতার প্রধান কারাগারে বদ্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থে হইয়াছে সেই নিয়মানুসারে উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন ঐ দরখাস্ত শ্রবণের নিমিত্ত আগামি ১৭ অক্টোবর শনিবার নির্দ্ধারিত হইয়াছে।

ঐ রাবর্ট হামণ্ড ওয়াটলিং সাহেবের মহাজনদিগের নাম এক ফর্দ্দে নির্দ্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্ত সম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্কের দফ্তরখানায় দাখিল হইয়াছে তাঁহাতে যে মহাজনের বাঞ্ছা হয় ঐ দফ্তরখানায় যাইয়া দেখিবেন।

সি জি ষ্ট্রেটেল। ইনসালবেন্টের উকীল।

কলিকাতা। ১৮৪৬ আগষ্ট

পূর্ব্বে আসামের খুজুনিবাসি চা গাছের কৃষিকারক পরে কলিকাতা নগরের ওলড কোর্ট হৌস ষ্ট্রিট নিবাসি এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্তকয়েদী

ফ্রাঙ্ক বনিং সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে তিনি যোত্রহীন হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করেন অতএব বর্ত্তমান আগষ্ট মাসের ২০ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত ফ্রাঙ্ক বনিং সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া অদ্য এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা আপনারদের খাতিরজমার জন্যে তাহা দেখিতে পারেন। ইতি ১৮৪৬ সাল ২০ আগষ্ট।

এ ডি কেম্প।
যোত্রহীন ফ্রাঙ্ক বনিঙ্গের উকীল।

টি হাইড গার্ডিনর কোম্পানির নামে ক্লাইব ষ্ট্রিটে সওদাগর ও একেন্টী কর্ম্মকারি এবং কেম্প ষ্ট্রিকলাণ্ড কোম্পানির নামে উক্ত ক্লাইব ষ্ট্রিটে রাবর্ট সিমোর ষ্ট্রিকলাণ্ড সাহেবের সঙ্গে আলয়ন্স ইনসুরান্স কোম্পানির সেক্রেটারীর কর্ম্মকারি।

হেনরি চাপমান কেম্প সাহেব

পূর্ব্বে ফরাসীয়েরদের অধীন চন্দননগরনিবাসী ছিলেন এক্ষণে কলিকাতা নগরের নাচ ঘর রাস্তানিবাসী আছেন। ১৮৪৬ সালের ৯ জুলাই তারিখে উক্ত যোত্রহীনের

an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the ninth day of July, one thousand eight hundred and forty-six, on the application of John Lackersteen, Charles Robert Lackersteen, William Richard Lackersteen, Augustus Alexander Lackersteen, and George Francis Lackersteen, carrying on trade and business at Clive Street, in the Town of Calcutta, in copartnership, under the style and firm of John Lackersteen Brothers, Creditors of the said Insolvent.

NOTICE is hereby given, that by an order of the said Court, made and pronounced on the 21st day of August instant, in the above matters of HENRY CHAPMAN KEMP, that he the said Chapman Kemp, is an Insolvent, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, Saturday, the 17th day of October next, was, and is appointed for the hearing of the said matters.

The names of the Creditors of the said HENRY CHAPMAN KEMP, will appear in the face of the Schedule filed in the Office of the Chief Clerk of this Court, on this day, and to which all Creditors of the said Henry Chapman Kemp, can refer for their better satisfaction Dated this 22d day of August, 1846.

A. D. KEMP,
Attorney for the Insolvent
Henry Chapman Kemp.

মহাজন জান লাকর্ষ্টিন ব্রাদর কোম্পানির নামে কলিকাতার ক্লাইব ষ্ট্রিটে কর্ম্মকারি জান লাকর্ষ্টিন সাহেব ও চার্লস রাবর্ট লাকষ্টিন সাহেব ও উলিয়ম রিচার্ড লাকর্ষ্টিন সাহেব ও আগষ্টস আলেকজাণ্ডর লাকর্ষ্টিন সাহেব ও জর্জ ফ্রান্সিস লাকর্ষ্টিন সাহেবের দরখাস্তমতে তিনি দেউলিয়া হইলেন এমত নির্দ্ধারণ উক্ত আদালতে হইল।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হেনরি চাপমান কেম্প সাহেবের বিষয়ে বর্ত্তমান আগষ্ট মাসের ২১ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত হেনরি চাপমান কেম্প সাহেব দেউলিয়া হইয়া ভারতবর্ষের দেউলিয়া খাতকদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করাতে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অকটোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত হেনরি চাপমান কেম্প সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া অদ্য এই আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফতরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা আপনারদের খাতিরজমার জন্যে তাহা দেখিতে পারেন ইতি। ১৮৪৬ সাল ২২ আগষ্ট।

এ ডি কেম্প।
উক্ত দেউলিয়ার উকীল।

[*Government Gazette. 25th August, 1846.*]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্ক মার্শমান সাহেব কর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 1, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১ সেপ্টেম্বর।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 19.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court of Sudder Dewanny Adawlut promulgate the subjoined Resolution for the guidance of the Civil Authorities in the Lower Provinces and the information of all parties interested.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 17th July, 1846.

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, under date the 17th July, 1846.

Present.

R. H. Rattray,
C. Tucker,
J. F. M. Reid, and
A. Dick, Esquires, Judges.

With reference to the provisions of Act XIX. of 1843, and with the view to obviate the disputes which not unfrequently arise owing to the alleged alienation of property pledged as security in civil cases, the Court resolve :—

That all security bonds, for whatever purpose the security may be required, whether for costs of respondent in appeals to the Queen in Council, or under the terms of Clause 1, Section 5, Regulation II. of 1806, or any other law or authoritative order, shall be duly registered according to the rules now in force or which may be hereafter enjoined, and that the registration of such bonds shall be deemed indispensable to their acceptance, as good and valid securities.

Ordered,

That this resolution be communicated to the Civil Authorities in the lower provinces for their

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর কার্য্যকারকেরদের উপদেশের নিমিত্তে এবং নীচের লিখিত বিষয়ে যে সকল লোক লিপ্ত থাকেন তাঁহারদের বিজ্ঞাপনার্থে নীচের লিখিত নির্দ্ধারণ প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৭ জুলাই।

সদর দেওয়ানী আদালতের ১৮৪৬ সালের ১৭ জুলাই তারিখের নির্দ্ধারণ।

বর্ত্তমান জজ।

শ্রীযুত আর এচ রাট্রি সাহেব।
শ্রীযুত সি টকর সাহেব।
শ্রীযুত জে এফ এম রীড সাহেব।
শ্রীযুত এ ডিক সাহেব।

১৮৪৩ সালের ১৯ আইনের বিধানের উপলক্ষে এবং দেওয়ানী মোকদ্দমায় যে সম্পত্তির জামিন দেওয়া যায় তাহা হস্তান্তর হইয়াছে বলিয়া অনেকবার বিবাদ হইয়া থাকে অতএব সেই বিবাদ নিবারণার্থ সদর আদালতের সাহেবেরা নির্দ্ধারণ করিয়াছেন যে

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে আপীল হয় তাহার রেস্পাণ্ডেন্টের খরচের জন্যে কিম্বা ১৮০৬ সালের ২ আইনের ৫ ধারার ১ প্রকরণের নিয়মক্রমে কি অন্য কোন আইন অথবা প্রবল হুকুমক্রমে যে কোন কারণে মালজামিন দিতে হয় তাহার জামিনীপত্র এক্ষণকার চলিত বিধানক্রমে কিম্বা উত্তর কালে যে কোন বিধান নির্দ্দিষ্ট হয় তদনুসারে যথারীতি রেজিষ্টরী করা যাইবেক এবং ঐ জামিনীপত্র রেজিষ্টরী না হইলে তাহা উত্তম ও মাতবর জামিনস্বরূপ গ্রাহ্য হইবেক না।

হুকুম হইল

যে এই নির্দ্ধারণ বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানীর কার্য্যকারকেরদের বিজ্ঞাপনার্থে তাঁহারদের নিকটে পা-

information, and that a translation thereof be suspended in the Court house for a period of one month for general information.

(Signed) B. J. Colvin,
Offg. Register.

(True Copy.)

W. Kirkpatrick, *Deputy Register.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Criminal Authorities in the Lower Provinces.

Pursuant to the orders of Government, the Court publish for the information of the Criminal Authorities the accompanying Copy of the Advocate General's further opinion on the subject of their Circular Order No. 8, of the 12th ultimo, viz. the nature of the assistance which Magistrates are expected to afford the Sheriff's Officers entrusted with the execution of Writs of *Capias* issued by the Supreme Court against parties residing in the Mofussil.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, the 10th July, 1846.

Opinion.

My observations, regarding Mr. Campbell's supposed misapprehension of the Sheriff's Officer's authority, had reference to Mr. C.'s proposition (which distinctly appeared in the papers before me) that he was not bound to give the aid required, because the Writ was not a *Writ of Assistance.* It therefore seemed to be not wholly beside the question to shew that, if the Magistrate were bound to assist in the execution of the one Writ, he was, by parity of reasoning, equally bound to assist in the execution of the other.

It now appears, though to the best of my recollection it did not appear from the former case, that the arrest has been effected, and, since no escape or rescue is mentioned, I conclude that the prisoner is still in custody. The simple question referred to me seems to be, is, under these circumstances, the Magistrate to grant to the Sheriff's Officer who is under apprehension of violence, a *posse* to assist in the conveyance of the prisoner to Calcutta? Mr. Campbell says that the two last paragraphs of my former opinion *preclude* him from complying with the Bailiff's requisition. I do not think they go quite so far as that the last but one would rather imply the contrary, for the Writ cannot be said to be fully *executed* until the prisoner is conveyed to Calcutta. The last states only that "in my opinion the Magistrate is not *bound* to furnish men to assist, &c. &c.," not that he would act *illegally* in doing so. By the opinion expressed in that paragraph, I abide, for the following reasons:

ঠান যায় এবং সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে তাহার তরজমা এক মাসপর্য্যন্ত এই সদর আদালতে লটকান থাকে।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের গত মাসের ১২ তারিখের ৮ নম্বরী সরকুলর অর্ডরের বিষয়ে অর্থাৎ মফঃসল নিবাসি ব্যক্তিরদের প্রতিকূলে সুপ্রিম কোর্টহইতে "কেপিয়স" নামক যে রিট অর্থাৎ পরওয়ানা বাহির হয় তাহা জারীকরণের ভারপ্রাপ্ত সরিফের সারজনের মাজিষ্ট্রেট সাহেবেরদের কিপর্য্যন্ত সাহায্য করিতে হইবেক সেই বিষয়ের শ্রীযুত আডবোকেট জেনরল সাহেবের পুনশ্চ মতের পশ্চাৎ লিখিত নকল গবর্ণমেণ্টের হুকুমক্রমে সদর আদালতের সাহেবেরা ফৌজদারীর কার্য্যকারকেরদের বিজ্ঞাপনের নিমিত্তে প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬ সাল ১০ জুলাই।

মত।

সরিফ সাহেবের সারজনের ক্ষমতার বিষয়ে শ্রীযুত কাম্বেল সাহেব যে ভ্রম করিয়াছিলেন বোধ হইল তদ্বিষয়ে আমি যাহা লিখিয়াছিলাম তাহার কারণ এই আমার প্রতি অর্পিত কাগজপত্রের দ্বারা স্পষ্ট দেখা গেল যে শ্রীযুত কাম্বেল সাহেবের এই উপলব্ধি ছিল যে ঐ রিট "রিট অফ আসিষ্টান্স" অর্থাৎ সাহায্যের পরওয়ানা নহে এই নিমিত্তে যাচিত সাহায্য করিবার আমার আবশ্যক নাই। এইপ্রযুক্ত আমি ইহা দেখাইতে চাহিলাম যে এক প্রকার রিট জারীর সাহায্য করিতে যদি মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য তবে সেই যুক্তির বলে অন্য প্রকার রিট জারীর সাহায্য করা তাঁহার তুল্য আবশ্যক।

আমার বোধ হয় যে পূর্ব্বকার মোকদ্দমায় এইমত লিখিত ছিল না যে আসামী গ্রেপ্তার হইয়াছে এক্ষণে দৃষ্ট হইতেছে যে গ্রেপ্তার সম্পন্ন হইয়াছে এবং তাহার উদ্ধার বা পলায়নের বিষয়ে কিছু উত্থাপন না হওয়াতে বোধ করি আসামী এখনপর্য্যন্ত কয়েদ আছে। অতএব আমার নিকটে যে বিষয় অর্পণ হইয়াছে তাহা এইমাত্র দৃষ্ট হইতেছে যে এমত গতিকে যদি সরিফের সারজন কোন জবরদস্তীহওনের আশঙ্কা করিয়া আসামীকে কলিকাতায় লইয়া যাইবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে বরকন্দাজের প্রার্থনা করে তবে সে বরকন্দাজ তাঁহার দিতেই হইবেক কি না। শ্রীযুত কাম্বেল সাহেব লেখেন যে আমার পূর্ব্বকার পত্রের শেষ দুই দফাতে যাহা লেখা আছে তাহাতে সারজনের প্রার্থনা সিদ্ধ করিতে তাঁহার নিষেধ আছে। আমার বোধ হয় না যে সেই পত্রের সেই অর্থ হইতে পারে বরং শেষ দফাতে তাহার বিপরীত অভিপ্রায় বোধ হইতে পারে যেহেতুক যাবৎ আসামী কলিকাতায় না পঁহুছে তাবৎ রিট সম্পূর্ণরূপে জারী হইয়াছে ইহা কহা যাইতে পারে না। ঐ শেষ দফাতে এইমাত্র লিখিলাম যে আমার বোধে তাঁহার সাহায্য করণার্থ মাজিষ্ট্রেট সাহেবের লোক না দিলে নয় এমত নহে যদি তিনি তাহার সাহায্য করেন তবে তাহা বেআইনী হইবেক না। ঐ দফাতে যে মত লেখা আছে তাহা আমি নীচের লিখিত কারণপ্রযুক্ত পুনরায় ধার্য্য করিতেছি।

The obligation on the Mofussil Magistrates to assist in the execution of process issuing out of the Supreme Court, whether it be a perfect or an imperfect obligation, seems to arise out of the last Clause, in the Charter of Justice, which contains substantially the same injunction as that contained in the patent of assistance granted to Sheriffs in England, and in which their power to raise the *Posse Comitatus* is supposed to be implied (see Dalton's Office of Sheriff, pp. 5 and 8.) Now, according to the unanimous opinion of the Judges as delivered to the House of Lords in *Miller versus Knox 4 Bing. N. C.* 574, the Sheriff has power, even though there be only a shew of intended resistance, to call upon such persons as are of proper age, *and fit and able to travel*, and especially ministerial officers, as constables, and the like, to assist him in the execution of the Writ within the county,—and such persons are punishable if they refuse to assist. It seems, however, very questionable whether this can be said to be the law of this country. In England the jurisdiction of the Sheriff, and consequently the liability of those who are called upon to assist, is confined to the bounds of a county. Here the Writs, which the Sheriff of Calcutta executes, run through the whole of the vast province of Bengal, and it seems preposterous to contend that, in the absence of any express enactment and by the mere force of analogy, an individual at Delhie may be compelled to assist a Sheriff's Officer in the transport of a prisoner to Calcutta,— Again, I am not aware that the obligation resulting or supposed to result from the last Clause of the Charter has ever been enforced, or could be enforced by indictment or information, as the obligation to assist the Sheriff might be enforced in England. Its performance therefore seems to depend mainly upon the instructions to be given by the Government to its Magistrates and other subordinate officers, and though it would certainly not be very creditable to the Government of any country to permit the process of a competent Court to be successfully defied, yet it seems rather too much to say that the Government is to undertake the expence of escorting persons taken on civil process from one end of the province to the other, or supposing it indemnified against the expence that it is to denude for such purposes a district of its requisite Police force.

In the particular case in question, there seems to be no apprehension of a forcible rescue by numbers, but a mere apprehension of violence on part of the prisoner I confess I cannot see why in such a case, the Bailiff should not take steps before the nearest justice of Peace to have his prisoner bound over in heavy penalties to keep the Peace towards him, or why he should not himself hire a sufficient number of fellows to prevent the escape of one man, however powerful and violent he may be.

I therefore repeat my opinion, that the Magistrate is not bound to furnish a *Posse* of men to assist in the conveyance of the Prisoner, but I

সুপ্রিম কোর্টের হুকুম জারীর সাহায্য করিতে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের. যে কর্ত্তব্যতা তাহা পূর্ণ কর্ত্তব্যতা কি অপূর্ণ কর্ত্তব্যতা হউক তাহার মুল চার্টর অফ জুষ্টিসের শেষ প্রকরণ। এবং ইঙ্গলণ্ড দেশের সরিফ সাহেবদিগকে দেওয়া সাহায্যের সনদে যে হুকুম আছে বাস্তবিক সেই হুকুম ঐ প্রকরণের মধ্যে আছে। এবং "পসি কমিটাটস" সংগ্রহ করিতে তাঁহারদের যে ক্ষমতা আছে তাহা সেই হুকুমেতে লিখিত আছে বোধ হয়। "হোস অফ লার্ডস" অর্থাৎ কুলীনেরদের সভায় ইঙ্গলণ্ড দেশের জজ সাহেবেরা ঐক্য হইয়া যে মত দিয়াছিলেন তদ্দারা দৃষ্ট হইতেছে যে যদ্যপি কেবল কল্পিত প্রতিবন্ধকতা দৃষ্ট হয় তথাপি সরিফ সাহেবের এই ক্ষমতা আছে যে সেই প্রদেশের মধ্যে রিট জারীর সাহায্য করিতে উপযুক্তবয়স্ক ব্যক্তিরদিগকে এবং যাহারা গমনাগমন করিতে পারে তাহারদিগকে এবং বিশেষতঃ সারজনপ্রভৃতি আদালতের আমলারদিগকে তলব করিতে পারেন এবং যদি সেই ব্যক্তিরা তাঁহার সাহায্য করিতে স্বীকার না করে তবে তাহারা দণ্ডের যোগ্য হইবেক। কিন্তু এইপ্রকার আইন এই দেশে চলন আছে বলা যাইতে পারে না। ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের এলাকা কেবল এক প্রদেশের সীমাসরহদ্দের মধ্যে আছে এবং যাহারদিগকে তিনি আপনার সাহায্য করিতে তলব করেন তাহারা কেবল সেই সীমার মধ্যে সাহায্য করিতে দায়ী আছে। কিন্তু এই দেশে কলিকাতার সরিফ সাহেব যে রিট বাহির করেন্ তাহা অতিবিস্তারিত সমস্ত বাঙ্গলা প্রদেশ ব্যাপিয়া জারী হয় অতএব কোন বিশেষ আইন না থাকিতে কেবল যুক্তির বলে দিল্লীস্থ কোন মাজিষ্ট্রেট সাহেবের কলিকাতাপর্য্যন্ত আসামীকে পঁহুছাইয়া দিতে সরিফের সারজনের সাহায্য করিতেই হইবেক ইহা অসঙ্গত। পুনশ্চ ঐ চার্টরের শেষ প্রকরণেতে যে কর্ত্তব্যতা জন্মে অথবা জন্মিতেছে বোধ হইতে পারে তদনুযায়ি কর্ম্ম যে কখন হইয়াছে ইহা আমি শুনি নাই অথবা ইঙ্গলণ্ড দেশে সরিফ সাহেবের যেরূপ সাহায্য করাণ যাইতে পারে সেইরূপে নালিশ বা এজহারের দ্বারা এমত সাহায্য এই দেশে করাণ যাইতে পারে আমার এমত বোধ নহে। অতএব গবর্ণমেণ্ট আপন মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্য অধীনস্থ কর্ম্মকারকদিগকে যেরূপ হুকুম করেন সেইরূপে তাঁহারদের উপরে এই কর্ম্ম করণের ঝুঁকী থাকে। এবং যদ্যপি ক্ষমতাপ্রাপ্ত আদালতের হুকুম হেয় করিতে দেওনে দেশের গবর্ণমেণ্টের অখ্যাতি অবশ্য হইতে পারে তথাপি দেওয়ানী হুকুমক্রমে আসামীকে দেশের এক সীমাহইতে অন্য সীমাপর্য্যন্ত লইয়া যাওনের খরচের ভার গবর্ণমেণ্টের লইতেই হইবেক অথবা যদ্যপি সেই খরচ গবর্ণমেণ্টকে ফিরিয়া দেওয়া যায় তথাপি এইমত কারণে কোন জিলার আবশ্যক বরকন্দাজ হীন করিতেই হইবেক ইহা কদাচ কহা যাইতে পারে না।

এই বিশেষ গতিকে অনেক লোকের দ্বারা আসামীর উদ্ধার হইবার সম্ভাবনা নাই কেবল সেই আসামীর জবরদস্তী করণের আশঙ্কা আছে অতএব এইমত গতিকে আমার বোধ হয় যে সারজন অনায়াসে নিকটস্থ জুষ্টিস অফ দি পীসের নিকটে গিয়া আসামী তাহার প্রতি অত্যাচার না করে এইরূপ অতিভারি টাকার ফেয়াল জামিন লইতে পারে অথবা এক ব্যক্তির পলায়ন নিবারণার্থ সেই ব্যক্তি যত বলবৎ বা জবরদস্ত হউক না কেন উপযুক্তসংখ্যক পেয়াদাকে বেতন দিয়া রাখিতে পারে।

অতএব আমি পুনশ্চ আমার এই মত জানাইতেছি যে আসামীকে লইয়া যাওনার্থ সাহায্য করিতে মাজিষ্ট্রেট সাহেবের এক দল বরকন্দাজ দিবার আবশ্যক নাই কিন্তু

cannot think that he would incur any *legal* responsibility in so doing, should he think that there is any thing in the special circumstances of the case which requires such extraordinary assistance, and if I were to venture to lay down any general rule of conduct for the guidance of Magistrates in such cases, it would be this, that when required so to do, they take such measures as may be necessary to insure the peaceable execution of legal process within the limits of their own district or local jurisdiction, not travelling beyond it. Such a rule, if applied to the present case, would induce Mr. Campbell to provide for the peaceable removal of ——————— from Darjeeling, but not for his transport to Calcutta. I have given my opinion at this length, because, from all I can learn, the case, in all its circumstances, is a novel one.

(Signed) James Wm. Colvile.

June 16th, 1846.

(True Copy.)

W. Kirkpatrick, *Deputy Register.*

আমার এই মত বোধ হয় না যে যদি তিনি এইমত ভাবেন যে এই গতিকে বিশেষ কারণপ্রযুক্ত অতিরিক্ত সাহায্য করণের আবশ্যক তবে সেই সাহায্য করিলে আইনপ্রযুক্ত তাঁহার উপর দোষ পড়িবেক। এই২প্রকার গতিকে মাজিষ্ট্রেট সাহেবের কার্য্যের নিমিত্তে যদি সাধারণ বিধি আমার প্রস্তাব করিতে হয় তবে এই নিয়মের প্রস্তাব করিতাম যে মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে এই বিষয়ের দরখাস্ত হইলে তাঁহারা আপন২ জিলা বা এলাকার সীমার মধ্যে আইনসিদ্ধ হুকুম নির্ব্বিঘ্নে জারীকরণের নিমিত্তে যে২ উপায়ের আবশ্যক হয় তাহা করেন্ কিন্তু আপনারদের জিলা বা এলাকার বাহিরে কোন কর্ম্ম না করেন। যদি এই বিধি এই মোকদ্দমায় খাটান যায় তবে শ্রীযুত কাম্বেল সাহেবের উচিত হইবেক যে অমুক সাহেবকে দারজিলিঙ্গহইতে নির্ব্বিঘ্নে স্থানান্তর করিতে উপায় করেন্ কিন্তু তাঁহাকে কলিকাতায় পঁহুছাইয়া দিবার নিমিত্তে উপায় না করেন্। এইপ্রকার মোকদ্দমা ইহার পূর্ব্বে প্রায় উপস্থিত হয় নাই বোধ করিয়া আমি আমার মত কিছু বাহুল্য করিয়া লিখিলাম।

জে ডবলিউ কলবিল।

১৮৪৬ সাং ১৬ জুন।

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

John C. Marshman, *Bengalee Translator.*

ERRATUM.

Page 513, line 33, for "Section 3, Regulation IX. 1793," read "Section 3, Regulation IV. 1793."

B. J. Colvin, *Offg. Register.*

অশুদ্ধশোধন।

১৮৪৬ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫১৩ পৃষ্ঠার ৩৫ পংক্তিতে ১৭৯৩ সালের ৯ আইনের ৩ ধারা এই কথার পরিবর্ত্তে ১৭৯৩ সালের ৪ আইনের ৩ ধারা পাঠ করিতে হইবেক। বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৬ সাল ২১ আগষ্ট।

জিলা নদীয়ার হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৮ আগষ্ট।

জিলা কটকের ফত্ওয়াদায়ক শ্রীযুত মহম্মদ ফাজিল আগামি মাসের ১৭ তারিখঅবধি চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মনসিংহের সেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র চক্রবর্ত্তী আগামি দশহরার বন্দের অতিরিক্ত নয় দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন।

একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪৬ সাল ২১ আগষ্ট।

বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের হুকুমক্রমে হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জেম্স ডড সাহেব (Mr. James Dodd) কলিকাতার টাকশালের ধাতুপরীক্ষক হইবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ বি ওসগনেসি সাহেব (Dr. W. B. O'Saughnessy) কলিকাতার টাকশালের ডেপুটী ধাতুপরীক্ষক হইবেন।

হজুর কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

জে এ ডোরিন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬১৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

উচ্চ পদে নিয়োগ।

১৮৪৬ সাল ২৬ আগষ্ট।

ভুলুয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী হমিদুল্লা খাঁ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত জি হফ সাহেব (Mr. G. Hough) প্রথম শ্রেণীর ডেপুটী কালেক্টর হইবেন এবং কটকের দক্ষিণ অঞ্চলে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেবলকৃষ্ণ রায় দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

নদীয়ার দৌলতগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী সাখাবৎ হুসেন প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৬ আগষ্ট।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Mr. J. Lamb) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযু মৌলবী রুকনুদ্দান খাঁ আগামি দশহরার বন্দের অতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম আগামি দশহরার বন্দের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ছিলেটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র ও শ্রীযুত বাবু গোলোকচন্দ্র বস্ব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি সেপ্টেম্বর মাসের ১৭ তারিখঅবধি অক্টোবর মাসের ২২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ খুরসেদ আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৪ আগষ্ট।

শ্রীযুত ফ্রেড্রিক শা সাহেব (Mr. Frederick Shaw) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "সামরাঙ্গ" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

১৮৪৬ সাল ২৯ আগষ্ট।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব (Mr. T. Wyatt) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সারণের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্ণর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM RUFUS PETIT ROBERTS, sued by the name of W. Roberts, an Insolvent.

Under an order made in the above matter on the 1st day of August instant, the hearing of the matters of the Petition of the abovenamed Insolvent was adjourned to Saturday, the 17th day of October next.

Calcutta, 19th August, 1846. EMANUEL PANIOTY, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

বিজ্ঞাপন।

যোত্রহীন ডবলিউ রাবর্টস নামে সফীনাহওয়া যোত্রহীন উলিয়ম রুফস পেটিট রাবর্টস সাহেবের বিষয়ে বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখে হুকুম হইয়াছিল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে শুনা যাইবেক। কলিকাতা। ১৮৪৬। ১৯ আগষ্ট। ইমানুএল পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 4th day of August instant, the matters of the Petition of RAMTONOO ROY, late of Jorasanko, in the Town of Calcutta, and who lately carried on business at Armenian Street in Calcutta, aforesaid, as a trader and heretofore a Prisoner for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 17th day of October next.

The names of the Creditors of the said RAMTONOO ROY, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 24th August, 1846. EMANUEL PANIOTY, *Insolvent's Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরের আরমানিটোলাতে সওদাগর ও কলিকাতা নগরের যোড়াসাঁকোনিবাসি এক্ষণে কলিকাতা নগরের সাধারণ জেলখানার ঋণপ্রযুক্ত কয়েদী রামতনু রায় ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ৪ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রামতনু রায়ের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। কলিকাতা। ১৮৪৬। ২৪ আগষ্ট। ইমানুএল পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 27th day of August instant, the matters of the Petition of FRANCIS CECIL D'ROZARIO, late of Fenwick Bazar Lane, in the town of Calcutta, a Section Writer, in the Sudder Dewanny Adawlut, but now a prisoner for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of His late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the 17th day of October next, at the hour of eleven o clock in the forenoon.

The names of the Creditors of the said FRANCIS CECIL D'ROZARIO, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Calcutta, 27th August, 1846. BEDELL, *Insolvent's Attorney.*

পূর্ব্বে কলিকাতা নগরের সদর দেওয়ানী আদালতে সেকসান রাইটর ও কলিকাতা নগরের ফেনিক বাজারের গলি নিবাসি ফ্রান্সিস সিসিল ডিরোজারিয়ো সাহেব কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান আগষ্ট মাসের ২৭ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে বেলা এগার ঘন্টা সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত ফ্রান্সিস সিসিল ডিরোজারিয়ো সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৪ আগষ্ট। বিডেল। যোত্রহীনের উকীল।

[*Government Gazette, 1st September,* 1846.]

In the matter of WILLIAM HUNTER SMOULT, heretofore carrying on business in copartnership with William Patrick, John Weston Cliff, Robert Hornidge Buckland and Albert Mirabeau Dowleans at Calcutta, under the style or firm of Tulloh and Company, as Auctioneers and General Commission Agents.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 29th day of August instant, upon the application of William Henry of Calcutta, Dentist, it was adjudged that the Petition presented by the said William Henry was true, and that the abovenamed William Hunter Smoult had committed an Act of Insolvency within the provisions of the Statute ninth of George the Fourth, Chapter seventy-three. Calcutta, 29th August, 1846.

W. N. HEDGER, *Attorney*.

টালা কোম্পানির নামে নীলামকারি ও সাধারণ কমিসন এজেন্টী কর্ম্মকারি কলিকাতা নগরের উলিয়ম পাট্রিক সাহেব ও জান ওএষ্টন ক্লিফ সাহেব ও রাবর্ট হর্নিজ বকলাণ্ড সাহেব ও আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের সঙ্গে যৌতায় কর্ম্মকারি উলিয়ম হন্টর স্মোল্ট সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরে দন্তের চিকিৎসক শ্রীযুত উলিয়ম হেনরি সাহেবের দরখাস্ত মতে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত উলিয়ম হেনরি সাহেবের দরখাস্ত সত্য এবং উক্ত উলিয়ম হন্টর স্মোল্ট সাহেব যোত্রহীন বটেন এবং চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের ৭৩ অধ্যায়ের লিখিত বিধানক্রমে উপকার পাইতে পারেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৯ আগস্ট।

ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

In the matter of NETTERVILLE HENRY ALEXANDER CAMPBELL, an Insolvent.

NOTICE is hereby given, that by an order of the Insolvent Court, bearing date the eleventh day of August instant, it was ordered, that the hearing of the matters of the petition of the said Insolvent, be adjourned to Saturday, the seventeenth day of October next, and that the Schedule of the said Insolvent has been amended, according to the said order and can be referred to by any Creditor in the Office of the Chief Clerk of the said Court.

Calcutta, 24th August, 1846.

Baboo Gopeemohun Rae, Moonsiff of Sabaur, Zillah Dacca, for 18 days, from the 23d ultimo.

Moulvie Imdud Ally, Sudder Moonsiff of Tip-

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৬ সাল ১৩ নবেম্বর।

নিয়োগ।

ত্রিপুরার মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী গোলাম ইয়াহিয়া ত্রিপুরার একটিং মুনসেফ হইবেন।

জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা জিলা চব্বিশপরগনার লবসার একটিং মুনসেফ হইবেন।

শ্রীযুত ডি বি ফেরল্ট সাহেব জিলা চাটিগাঁর হাওলার একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা নদীয়ার বাগদার মুনসেফ শ্রীযুত লালা ঘনুলাল ও হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু গত মাসের ২৩ তারিখে ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার সাবাউরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় গত মাসের ২৩ তা[illegible] অবধি আঠার দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সদর মুনসেফ শ্রী[illegible] মৌলবী ইমদাদ আলী

perah, for one month and twenty days, commencing from the 1st instant.

Baboo Poornoochunder Mookerjee, Moonsiff of Howlah, Zillah Chittagong, for 39 days from the 23d ultimo.

Baboo Baneenath Bose, Moonsiff of Cuttack, for two months from the 23d instant, in extension of that granted before.

B. J. Colvin, *Offg. Register.*

বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাস বিশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁর হাওলার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মুখুয্যা গত মাসের ২৩ তারিখঅবধি ঊনচল্লিশ দিনের ছুটী পাইয়াছেন।

কটকের মুনসেফ শ্রীযুত বাবু বেণিনাথ বসু পূর্ব্বে যে ছুটী পান তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১০৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৩১ অক্টোবর

শ্রীযুত বাবু ভগীরথ সিংহ ও শ্রীযুত বাবু গোপীনাথ রায় নওয়াখালীতে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

বাঁকুড়ার জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালে[illegible]র সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এল বি বৌরিং সাহেব (Mr. L. B Bowring,) ১৮৩১ সালের ৮ আইনের ১১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৬ সাল ৩ নবেম্বর।

মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে লাম সাহেব (Mr. J. Lamb,) গত মাসের ৪ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন। অতএব গত আগষ্ট মাসের ২৬ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

পূর্ব্ব বর্দ্ধমানের সদর আমীন শ্রীযুত মুনশী মহম্মদ সারিম দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু দশহরার বন্দের অতিরিক্ত এক দিনের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী জহুরালীকে গত আগষ্ট মাসের ২৪ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে দশ দিনের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুলসবরি সাহেব (Mr. F. Gouldsbury,) গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেন্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) সান্দোএ স্থানে প্রধান আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এদেশীয় পদাতিক ৬৮ পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত জি ফেথফুল সাহেব (Lieutenant G. Faithfull,) সান্দোএ স্থানে ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac.) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. Alexander.) হাবড়াতে নগরীয় কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) রাগুস্তীতে নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) বাকরগঞ্জের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৮ অক্টোবর।

পাবনার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) আপন কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr. R. J. Richardson,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

সান্দোএ স্থানের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এল পি ডি এলড সাহেব (Captain L. P. D. Eld,) বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে চারি মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত অনরবিল এফ ড্রুমণ্ড সাহেব (Hon'ble F. Drummond,) গত মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব (Mr. W. S. Seton Karr,) আপন কর্ম্মের ভার শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বেলাই সাহেব তাঁহার কর্ম্ম চালাইবেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব (Mr. D. Pringle,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী উসফ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহিদ খাঁ গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউএট সাহেবকে (Mr. G. Hewett,) গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা ঐ মাসের ১৭ তারিখঅবধি রহিত হইল।

[*Government Gazette, 24th November,* 1846.]

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ আলীকে গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সৈয়দ জৈনুদ্দীন হুসেনকে গত মাসের ২৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১০ নবেম্বর।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) মুঙ্গেরে মাজিষ্ট্রেট সাহেবের সিরিশ্তার কর্ম্মের ভার গত মাসের ১৪ তারিখে শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেবের (Mr. F. A. B. Glover,) প্রতি অর্পণ করিলেন এবং বর্ত্তমান মাসের ২ তারিখে তাহা পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর স্কট সাহেবের (Mr. R. Scott,) প্রতি অর্পণ করেন্।

বগুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) গত মাসের ৩১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি লিমণ্ড সাহেবের (Mr. C. Limond,) প্রতি অর্পণ করেন্।

এদেশীয় ৬৪ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডি এ চেস সাহেব (Lieut., D. A. Chase.) তালাইন সৈন্যেরদের সঙ্গে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া গত মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ টি ডিক সাহেব (Mr. A. T. Dick,) কনিংহেম (Cunyngham,) উপরি নাম গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত পাদরি জে বি ডাগিলার সাহেব (Rev. J. B. D'Aguilar,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "মনার্ক" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১০ নবেম্বর।

হুগলীর পণ্ডিত শ্রীযুত মধুসূদন বাচস্পতি প্রথম চক্রের পণ্ডিত হইবেন এবং চব্বিশপরগনায় থাকিবেন।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

শ্রীযুত কাপ্তান ডি এল রিচার্ডসন সাহেব (Captain D. L. Richardson,) হুগলীতে মহম্মদ মসিনের কালেজের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত এম রচফোর্ট সাহেব (Mr. M. Rochfort,) কৃষ্ণনগরের কালেজের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত এ রজর্স সাহেব (Mr. A. Rogers,) কলিকাতা বন্দরহইতে বিদেশ গমনকারিরদের আসিষ্টাণ্ট রক্ষক হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌণ সাহেব (Mr. J. C. Brown,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ আর মাডক্স সাহেব (Mr. H. R. Madocks,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী পান্ তাহা রহিত হইল।

জৌনপুরের আফীমের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই এফ ফেরিস সাহেব (Mr. E. F. Ferris,) গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান্ তাহা রহিত হইল।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে নিযুক্ত মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ জে বেল সাহেবকে (Mr. F. J. Bell,) গত আগষ্ট মাসের ১০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি রহিত হইল।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি সি হচিনসন সাহেবকে (Mr. T. C. Hutchinson,) গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি রহিত হইল।

ঢাকা[illegible] বিকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু উদয়চন্দ্র আঢ্য [illegible] সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তাহা বৃদ্ধি হইয়া গত মাসের ২০ তারিখপর্য্যন্ত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৪ নবেম্বর।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ সিটন কার সাহেব (Mr. W. Seton Karr,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত বেলাই সাহেবের (Mr. Belli,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এস ফ্রেজর সাহেব (Mr. S. Fraser,) ও শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন তাহাতে নিয়মিতরূপে দুইটা ছুটী পাওয়া যায় তাহা নীচের লিখিত দুই সাহেবকে দেওয়া গেল অর্থাৎ

শ্রীযুত এস ফ্রেজর সাহেবের (Mr. S. Fraser,) প্রত্যাগমনে শ্রীযুত সি এচ লশিণ্টন সাহেব (Mr. C. H. Lushington,) ও শ্রীযুত জি গফ সাহেবের (Mr. G. Gough,) প্রত্যাগমনে শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) বার্দ্ধক্যপ্রযুক্ত ছুটী পাইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

শ্রীযুত বাবু গঙ্গাপ্রসাদ গোসাঁইয়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গৌরমোহন গোসাঁই শ্রীরামপুরে নগরীয় কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr. W. Luke,) আপনার কাছারীর চলিত কর্ম্মের ভার শ্রীযুত এ হামণ্ড সাহেবের (Mr. A. Hammond.) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৪ নবেম্বর।]

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত সারণের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দিগম্বর মিত্র স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৪ নবেম্বর।

যশোহরে খুলনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) স্বীয় কর্ম্মোপলক্ষে ইউরোপে গমনার্থ আট মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মালদহের পণ্ডিত শ্রীযুত নরহরি শিরোমণি দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৬ নবেম্বর।

কটকের কমিস্যনর এবং পেশকসী মহালের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত এ জে এম মিলস সাহেব (Mr. A. J. M. Mills,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত টি ইয়ং সাহেব (Mr. T. Young,) গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কটকের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত তারকনাথ বিদ্যাসাগর গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত ঐ মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে মাথি সাহেবকে (Major J. Matthie,) গত সেপ্টেম্বর মাসের ২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে থানা মুলফতগঞ্জের পরিবর্ত্তে ফরিদপুর জিলার নবাবগঞ্জের থানা ঢাকার মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকাভুক্ত হয়।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কাছারীর কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজিমুদ্দীন খাঁর প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

এতেলানামা কাছারী কালেক্টরি জেলা কটক মধ্য প্রদেশের সকল মনুষ্য জ্ঞাপন হওয়া নিমিত্তক সংবাদ দেওয়া যাইতেছে

যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের ১ প্রথম আইন ৬ ধারানুসারে নীচের লিখিত মাহালের নাগাইদী কিস্তী মাহ জুন সন ১৮৪৬ সাল মতাবক সন ১২৫৩ সাল আমলীর বোল আনা সরকারের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী সন ১৮৪৬ সাল দিসম্বর মাহার ৮ তারিখে মতাবক সন ১২৫৪ সাল আমলী তারিখ ২৫ অগ্রহায়ণ মঙ্গলবার উক্ত কালেক্টরির কাছারিতে বিনাওজরে গ্রেপ্তার হইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি তারিখ ১৩ নবেম্বর সন ১৮৪৬ সাল মতাবক তারিখ ৩০ কার্ত্তিক সন ১২৫৪ সাল আমলী রোজ শুক্রবার।

নম্বর লাট	নম্বর তৌজী	নাম মাহাল	নাম মালিক	সদর জমা আরাজী সন ১৮৪৬ সাল	নাম পরগনা	তাবদাদ মিলকিয়ত যে বিক্রী হইবেক	সন ১৮৪৬ সাল নাগাদী কিস্তী মাহ জুন পাওনা টাকা
১	৭৯৯	তালুক নারায়ণপুর	মাহরাজা পদ্মনাভদেও	৪৮৭৬৸৵৫	কালামাটীয়া	হকিয়ত সরবরাকারি কিং ।৴০ আনা মৌজে অগুরা শামিল তালুকে নারায়ণপুর পরগনে কালামাটীয়া কি দেওরবন্ধ মৌজার মপস্বল জমা মহলগে ১৭৮৯৶ কোম্পানি নারায়ণ শোক্রাত সিংহ ও মধুপান্টা সিংহ ও অপক্তি খণ্ডাইতরা ও নেত্রানন্দ সুন্দররা নামেতে লেখা যাইতেছে হকিয়ত অপক্তি খণ্ডাইতরা মাল জামিনীদার বিম্বাধর শাওতসিঙ্গার ও উপেন্দ্র বিমুয়াণ মহাজরান খাঁ মায় ও খোদকস্তা মৌজে তরাড়পাল শামিল তালুকে বরি পরগনে কালামাটীয়া মাহাল ভাবে ক্রোট আফরাডেঙয়।	১৭০৶৮ কোম্পানি

M. S. GILMORE, *Collector*.

INSOLVENT COURT. — দেউলিয়াহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 31st day of October last, the matters of the Petition of PUNCHANUN BYSACK, late of Burrabazar, in the Town of Calcutta, Bunian and Trader, and heretofore a prisoner for debt in the Common Jail of Calcutta, seeking

the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the IV. entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the 3d day of January next, at the hour of 11 o'clock in the forenoon.

Calcutta, 7th November, 1846. PAUL and SMELT, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের বড়বাজার নিবাসি ব্যবসায়ী ও মহাজন পঞ্চানন বসাক সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের গত অকটোবর মাসের ৩১ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ৩ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

কলিকাতা ১৮৪৬। ৭ নবেম্বর। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

In the matter of ALEXANDER ROGERS, carrying on trade and business as Merchant and Agent at Baretto's Lane, in the Town of Calcutta, and now residing at the French Settlement of Chandernagore.

NOTICE is hereby given, that by an order made on the Twentieth day of November instant, it is adjudged that the Petition of Rajbullub Seal, a creditor of the said ALEXANDER ROGERS, was true and that the said Alexander Rogers had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed the Assignee of the Estate of the said Insolvent. Dated this twentieth day of November, one thousand eight hundred and forty-six. G. O. BEEBY, *Attorney for the Petitioner and Robert O'Dowda, Esquire.*

কলিকাতা নগরের বারেটো গলিতে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি এক্ষণে ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগর নিবাসি আলেকজাণ্ডর রজর্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ২০ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেবের মহাজন রাজবল্লভ শীলের দরখাস্ত সত্য। এবং উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেব যোত্রহীন বটেন আর সেই দিনে উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হইলেন ইতি। ১৮৪৬। ২০ নবেম্বর।

জি ও বিবি। দরখাস্তকারির ও শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৪ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 1, 1846.

কলিকাতা ম[illegible]বার ১৮৪৬ সাল ১ ডিসেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 24TH OCTOBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 24th of October, 1846:

ACT NO. —— OF 1846.

Concerning the binding of Apprentices.

Whereas it is expedient to facilitate the setting out and instruction of the children of persons, inhabitants in the Territories under the Government of the East India Company, following European manners and usages, particularly orphans and destitute children brought up by public Charities, in Arts, Trades, Crafts and employments, by which when they come to mature age they may be enabled to gain a livelihood; and whereas it is considered proper for this end to promote the system of Apprenticeship, which has partially obtained hitherto, by legal provisions calculated to render the contract between Master and Apprentice effectual for the reciprocal benefit of the parties.

I. It is hereby enacted, that it shall be lawful for any person, inhabiting in any part of the Territories under the Government of the East India Company, to take, retain, or become an Apprentice.

II. Provided that no person shall be bound as an Apprentice except by his Parent or Guardian, and it is hereby declared that an orphan or destitute person brought up by any public charity may be bound by the Governors, Directors or Managers thereof as his Guardians for this purpose.

III. And provided that no person shall be bound as an Apprentice, who is under the age of

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ২৪ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ২৪ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠকরা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল—— আক্ট।

আপ্রেন্টিসকে বদ্ধকরণের বিষয়ি আইন।

যেহেতুক ভারতবর্ষের কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি ইউরোপীয় আচার ব্যবহারবিশিষ্ট ব্যক্তিরদের বালক এবং বিশেষতঃ ধর্ম্মার্থ প্রতিপালনালয়ে পিতৃমাতৃহীন এবং অনাথ বালকেরদের যে শিল্প ও ব্যবসায় ও কর্ম্মের দ্বারা তাহারা বয়ঃপ্রাপ্ত হইলে উপজীবিকা পাইতে পারে সেই শিল্পপ্রভৃতিতে তাহারদিগকে নিযুক্ত করণ ও তাহা শিখাওনের সুগমকরা উচিত বোধ হইল এবং যেহেতুক এই নিমিত্ত ইহার পূর্ব্বে যে আপ্রেন্টিসী নিয়ম একপ্রকারে ব্যবহার হইতেছিল তাহা যে আইনের বিধানের দ্বারা মনিব ও আপ্রেন্টিসের বন্দোবস্ত পরস্পর উভয় পক্ষের হিতজনক হওনের সম্ভাবনা এইমত আইনের বিধানের দ্বারা ঐ নিয়মের পোষকতা করা উচিত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন ভাগনিবাসি কোন ব্যক্তি আপ্রেন্টিস লইতে অথবা রাখিতে পারেন অথবা আপ্রেন্টিস হইতে পারে ইতি।

২ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি আপন পিতামাতা অথবা রক্ষকভিন্ন অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক আপ্রেন্টিসরূপে বদ্ধ হইতে পারে না এবং ইহাতে হুকুম হইল যে পিতৃমাতৃহীন অথবা অনাথ যে বালক কোন ধর্ম্মার্থ প্রতিপালনালয়ে প্রতিপালন হয় সেই বালককে সেই প্রতিপালনালয়ে অধ্যক্ষ কি কর্ত্তা বা সরবরাহকার তাহার রক্ষকস্বরূপ সেই নিমিত্ত তাহাকে বদ্ধ করিতে পারেন ইতি।

৩ ধারা। এবং জানা কর্ত্তব্য যে ১০ বৎসরের ন্যূন বয়স্ক কোন বালক আপ্রেন্টিসরূপে বদ্ধ হইতে পারিবেক

10 years, and that no person above the age of 13 years, shall be so bound without his own consent; and that no person shall be so bound for a term to extend beyond the time at which he will attain the age of 21 years.

IV. And provided that no person shall be bound to serve as an Apprentice out of the Territories under the Government of the East India Company, except on board a Ship or Vessel.

V. And it is hereby enacted, that when any person shall be bound as an Apprentice to any Officer of Government as such, for employment in the public service, in the event of the resignation or removal of such Officer, the Apprentice shall be considered as bound in the same manner to his successor.

VI. And it is hereby enacted, that any boy being of the age of 13 years, may be bound as an Apprentice in the Sea Service to any of Her Majesty's subjects being the Owner or Owners of any registered Ship or Vessel, belonging to and trading from any Port in the said Territories declared to be a Registering Port under Act X. of 1841, to be employed in any such Ship or Vessel the property of such person, and while so employed to be instructed in the craft and duties of a Seaman, provided that the Master of such Ship or Vessel shall be a British Subject, or for Sea Service in any Ship or Vessel of the East India Company belonging to any such Port, commanded by a British subject, in which case the contract shall be made with the Master Attendant at such Port or any Officer appointed to represent the East India Company in this behalf, who shall appoint the Ship or Vessel in which such Apprentice is to serve from time to time.

VII. And it is hereby enacted, that the Master or Commander of any Ship or Vessel in which an Apprentice bound under the last Section shall be appointed to serve by the party to whom he is bound, shall be deemed the Agent of such party for the purposes of this Act.

VIII. And it is hereby enacted, that every contract of Apprenticeship shall be reduced to writing, which writing shall set forth distinctly the conditions agreed upon, particularly specifying the age of the Apprentice and the term for which he is bound, what he is to be taught, where and how he is to be employed, and whether under the immediate superintendence and direction of the Master or of an Agent for him, and what provision is to be made for his maintenance, lodging and clothing, especially whether he is to be lodged and boarded in the house, and as a member of the family of the Master, or of his Agent, or otherwise; or if the Apprentice shall be bound to serve in a Sea-going Vessel, or in a Vessel employed in river navigation, where his berth is to be on board, and how and with whom he is to mess, and what provisions, clothing and bedding are to be supplied to him,

না এবং ১৩ বৎসরের অধিক বয়স্ক কোন ব্যক্তি আপনার সম্মতি বিনা সেইরূপে বদ্ধ হইবেক না এবং আপ্রেণ্টিসকে কেবল এত কালের নিমিত্তে বদ্ধ করিতে হইবেক যে সেই ব্যক্তি ২১ বৎসর বয়ঃপ্রাপ্ত হইলেই সেই বিশেষ বন্ধনহইতে মুক্ত হয় ইতি।

৪ ধারা। এবং জ্ঞানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি জাহাজাদিতে গমনার্থ বিনা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে কর্ম্মকরণার্থ আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরকারী কর্ম্মে ভুক্তহওনার্থ যখন কোন ব্যক্তি আপ্রেণ্টিসরূপে কোন সরকারী কর্ম্মকারকের নিকটে তাহার সরকারী পদোপলক্ষে বদ্ধ হয় তখন ঐ কর্ম্মকারক কর্ম্মে ইশ্‌তাফা দিলে বা অবসর হইলে যিনি তাঁহার পদে নিযুক্ত হন্ সেই কর্ম্মকারকের নিকটে ঐ আপ্রেণ্টিস বদ্ধ আছে এমত জ্ঞান হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে ১৮৪১ সালের ১০ আইনানুসারে যেং বন্দরে জাহাজের রেজিষ্টরী হইতে পারে এইমত [illegible] সম্পর্কীয় এবং এমত বন্দরে বাণিজ্যকারি কোন [illegible]টরী হওয়া জাহাজাদির মালিক বা মালিকসকল শ্রী[illegible]তী মহারাণীর প্রজা হইলে তাঁহারদের নিকটে সমুদ্রীয় কর্ম্মের নিমিত্ত এবং তাঁহারদের সম্পত্তি যে উক্ত প্রকার জাহাজাদি তাহাতে কর্ম্মকরণার্থ ১৩ বৎসর বয়ঃপ্রাপ্ত কোন বালক আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইতে পারে এবং সেই জাহাজে নিযুক্ত থাকনের সময়ে তাহাকে নাবিকের ব্যবসা ও কার্য্য শিক্ষা দেওয়া যাইবেক। কিন্তু জ্ঞানা কর্ত্তব্য যে ঐ প্রকার জাহাজাদির অধ্যক্ষ ব্রিটনীয় প্রজা না হইলে এইরূপ কর্ম্ম হইতে পারিবেক না অথবা বালক ঐ প্রকার বন্দরসম্পর্কীয় কোম্পানি বাহাদুরের যে কোন জাহাজাদির অধ্যক্ষ ব্রিটনীয় প্রজা হন্ সেই জাহাজাদিতে সমুদ্রীয় কর্ম্মের নিমিত্ত বদ্ধ হইতে পারে তাহা হইলে ঐ বন্দরে যে ব্যক্তি মাষ্টর এটেণ্ডেণ্ট থাকেন তাঁহার সঙ্গে অথবা এই আইনের সম্পর্কে কোম্পানি বাহাদুরের প্রতিনিধিরূপে নিযুক্ত কোন কর্ম্মকারকের সঙ্গে তাহার বন্দোবস্ত করা যাইবেক এবং যে জাহাজাদিতে ঐ আপ্রেণ্টিস সময়ক্রমে কর্ম্ম করিবেক তাহা ঐ কর্ম্মকারক নির্দ্দিষ্ট করিবেন ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্ত ধারানুসারে আপ্রেণ্টিস যে ব্যক্তির নিকটে বদ্ধ হয় সেই ব্যক্তি যে জাহাজাদিতে তাহাকে কর্ম্ম করণার্থ নিযুক্ত করেন্ সেই জাহাজাদির অধ্যক্ষ অথবা মালিম এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সেই ব্যক্তির এজেণ্টের ন্যায় জ্ঞান হইবেন ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আপ্রেণ্টিসের প্রত্যেক বন্দোবস্ত লেখা যাইবেক এবং যেং নিয়ম ধার্য্য হয় তাহা অতিসপষ্টরূপে সেই লিপিতে লিখিতে হইবেক এবং তাহাতে এই সকল বৃত্তান্ত থাকিবেক অর্থাৎ আপ্রেণ্টিসের বয়স এবং যত কালের নিমিত্তে বদ্ধ হইবেক এবং যাহা তাহাকে শিখান যাইবেক এবং যে স্থানে ও যে প্রকারে সে ব্যক্তি নিযুক্ত হইবেক এবং তাহার মনিবের নিজের কর্ত্তৃত্বাধীনে ও আজ্ঞাধীনে নিযুক্ত থাকিবেক অথবা মনিবের কোন এজেণ্টের কর্ত্তৃত্বাধীনে ও আজ্ঞাধীনে থাকিবেক এবং তাহার আহার ও বাসস্থান ও পোশাকের নিমিত্তে যেং নিয়ম হইবেক তাহা এবং বিশেষতঃ মনিবের ঘরে থাকিবেক এবং খাইবেক এবং মনিবের পরিবারের অথবা তাহার এজেণ্টের পরিবারের মধ্যে গণ্য হইবেক কি না। যদি ঐ আপ্রেণ্টিস কোন সমুদ্রে বা নদীতে গমনাগমনকারি জাহাজে কর্ম্ম করণার্থ বদ্ধ হয় তবে জাহাজের মধ্যে তাহাকে থাকিবার যে স্থান দেওয়া যাইবেক এবং যেরূপে ও যাহার সঙ্গে তাহার আহারাদি করিতে হইবেক এবং যে আহারীয় দ্রব্য ও

and how he is to be provided for when he is not on board.

IX. And it is hereby enacted, that every such contract shall be in duplicate, and that each copy shall be signed by the person to whom the Apprentice is bound, and by the person or persons by whom he is bound, and by the Apprentice himself when he is above the age of 13 years; provided that when the Apprentice is bound by the Governors, Directors or Managers of a Public Charity, the signature of two of them, or of their Secretary or Officer on their behalf, shall be sufficient.

X. And it is hereby enacted, that no such contract shall be valid unless it be executed in the manner aforesaid, nor until it has been registered in the Office of the Chief Magistrate of the Place or District where it has been executed, or if the Apprentice shall be bound to the Sea Service in the office of the person appointed und[er Ac]t X. of 1841, to make Registry of Ships and [Ves]sels at the Port where the Apprentice is to e[nte]r on the said Service.

XI. And it is hereby enacted, that when the Apprentice is bound to serve at some other place than that where the contract has been executed, out of the jurisdiction of the Magistrate in whose office it has been registered, the Master within one month after the arrival of the Apprentice at such place, by himself or by his Agent, under whom the Apprentice is to be employed according to the contract, shall apply to the Chief Magistrate of the District to Register the Contract in his office.

XII. And it is hereby enacted, that if the Master shall fail to register the contract within one month as directed in the last Section, he shall not be entitled to apply to a Magistrate to take cognizance of any cause of complaint he may have against the Apprentice in the manner hereinafter provided, but it shall nevertheless be competent to any Magistrate to take cognizance of complaints against the Master on application made to him on behalf of the Apprentice.

XIII. And it is hereby enacted, that when by the contract of Apprenticeship the Apprentice is bound to service at a certain place, or in a certain District, or in a certain trade or business, and the Master desires to remove him to some other place or District, or to employ him in some other trade or business, or in an[y] other way than as stipulated in the contract, he shall be at liberty to do so with the consent of the person or persons by whom the Apprentice was bound, and with the consent of the Apprentice himself if he is above the age of 13 years, provided that the alterations agreed to shall be expressed in writing on each copy of the contract with the signature of the proper parties according to Section VIII. of this Act; and shall be registered in the office of the Chief Magistrate of the place or District where the Apprentice shall have been employed.

XIV. And it is hereby enacted, that when an

পোশাক ও বিছানা তাহাকে দেওয়া যাইবেক এবং জাহাজে না থাকিবার সময়ে তাহার গ্রাসাচ্ছাদন-প্রভৃতির বিষয়ে যে নিয়ম হয়· এই সকল বৃত্তান্ত বন্দোবস্ত পত্রে লেখা থাকিবেক ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐরূপ প্রত্যেক বন্দোবস্তের ডুপ্লিকেট করা যাইবেক অর্থাৎ তাহার দুইখান লেখা যাইবেক এবং যে ব্যক্তির নিকটে ঐ আপ্রেণ্টিস বদ্ধ হয় এবং যে ব্যক্তি বা ব্যক্তিরদের দ্বারা বদ্ধ হয় এবং আপ্রেণ্টিস ১৩ বৎসরবয়স্কের ঊর্দ্ধ হইলে সেই আপ্রেণ্টিসের দ্বারা প্রত্যেক নকলে সহী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপ্রেণ্টিস যখন কোন ধর্ম্মার্থ প্রতিপালনালয়ের অধ্যক্ষ কিম্বা কর্ত্তা অথবা সরবরাহকারের দ্বারা বদ্ধ হয় তখন তাঁহারদের মধ্যে দুই জনের অথবা তাঁহারদেরপক্ষে সেক্রেটারী বা কোন কর্ম্মকারকের সহী থাকিলে হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্ত পত্রে উক্ত প্রকারে যদি সহী না হয় এবং যে স্থানে বা জিলায় সহী হয় সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে যদি রেজিষ্টরী না হয় তবে অথবা আপ্রেণ্টিস সমুদ্রীয় কর্ম্মের নিমিত্তে বদ্ধ হইলে যে বন্দরে ঐ আপ্রেণ্টিস কর্ম্মে ভর্ত্তি হইবেক সেই বন্দরে যদি জাহাজাদির রেজিষ্টরী করণার্থ ১৮৪১ সালের ১০ আইনানুসারে নিযুক্ত ব্যক্তির দফ্তরে রেজিষ্টরী না হয় তবে ঐ বন্দোবস্ত মাতবর হইবেক না ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্ত যে স্থানে সহী হয় তাহাছাড়া এবং যে মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে তাহা রেজিষ্টরী হয় তাহার এলাকাছাড়া যখন অন্য কোন স্থানে কর্ম্ম করণার্থ আপ্রেণ্টিস বদ্ধ হয় তখন তাহার মনিব সেই স্থানে আপ্রেণ্টিসের পঁহুছনের পর এক মাসের মধ্যে স্বয়ং অথবা বন্দোবস্তক্রমে যে এজেন্টের অধীনে আপ্রেণ্টিস কর্ম্ম করণার্থ নিযুক্ত হয় সেই এজেন্ট ঐ জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ বন্দোবস্ত রেজিষ্টরী করণার্থ দরখাস্ত করিবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের ধারার নিরূপিতমতে যদি মনিব এক মাসের মধ্যে বন্দোবস্ত রেজিষ্টরী করিতে ক্রটি করেন তবে তাঁহার আপ্রেণ্টিসের প্রতি যে কোন নালিশের কারণ থাকে তাহা পশ্চাৎ লিখিতমতে বিচার করিতে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেন না কিন্তু মনিবের নামে আপ্রেণ্টিসের যে কোন নালিশ থাকে তাহা আপ্রেণ্টিসের পক্ষে দরখাস্তক্রমে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইলে তিনি তাহা গ্রাহ্য করিতে পারেন্ ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আপ্রেণ্টিসী বন্দোবস্তক্রমে যখন আপ্রেণ্টিস কোন বিশেষ স্থানে অথবা কোন বিশেষ জিলায় অথবা কোন বিশেষ ব্যবসা বা কার্য্য করণার্থ বদ্ধ হয় এবং তাহার মনিব অন্য কোন স্থানে বা জিলায় তাহাকে লইয়া যাইতে চাহেন অথবা অন্য কোন ব্যবসা বা কার্য্যে কিম্বা বন্দোবস্তের নিরূপিতমত ছাড়া অন্য কোন মতে তাহাকে নিযুক্ত করিতে চাহেন্ তখন যে ব্যক্তি বা ব্যক্তিরদের দ্বারা আপ্রেণ্টিস বদ্ধ হইয়াছিল তাঁহারদের অনুমতিক্রমে এবং আপ্রেণ্টিস ১৩ বৎসরের ঊর্দ্ধবয়স্ক হইলে তাহার নিজ অনুমতিক্রমে তাহা করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এইরূপে যে ফেরফারের নিয়ম হয় তাহা এই আইনের ৮ ধারার বিধির অনুসারে ঐ বন্দোবস্তের প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং বন্দোবস্তসম্পর্কীয় সকল ব্যক্তি তাহাতে সহী করিবেন এবং যে স্থানে অথবা জিলাতে ঐ আপ্রেণ্টিস কর্ম্ম করিয়াছে সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে তাহা রেজিষ্টরী করিতে হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন কোন

Apprentice shall be removed under the last Section, the provision of Section XI. and Section XII. shall be applicable.

XV. And it is hereby enacted, that in the case of a Sea Apprentice, when the contract of Apprenticeship is registered, as above directed, the name and description of the Vessel in which such Apprentice is to serve, and the name and description of the Master or Commander thereof as a British subject, shall be certified on each copy of the contract with the signature of the Master of the Apprentice, and shall be entered in the book of Registry: and that if the Apprentice shall be transferred to any other Vessel the transfer shall be noted and registered in like manner.

XVI. And it is hereby enacted, that a contract of Apprenticeship may be determined at any time before the expiration of the term specified in it by the consent of all the parties, provided that such consent shall be certified in writing on each copy of the contract with the signature of all the parties, according to Section IX. of this Act, and shall be registered in the office where the contract was first registered, or in that of the Chief Magistrate of the place or District where the Apprentice shall have been last employed.

XVII. And it is hereby enacted, that the Master of any Apprentice bound under this Act may with the consent of the persons by whom he was bound and with the consent of the Apprentice himself and not otherwise, assign such Apprentice to any other person, who is willing to take him for the residue of the term mentioned in the contract of Apprenticeship, and subject to the conditions thereof, provided that such person shall by endorsement under his own hand on each copy of the contract declare his acceptance of such Apprentice, and acknowledge himself bound by the agreements and covenants therein mentioned to be performed on the part of the Master, and that the consent of the other parties aforesaid shall be expressed in writing on the same and signed by them respectively. And that such assignment shall be registered in the office where the contract was first registered, or in that of the Chief Magistrate of the District where the Apprentice shall have been last employed.

XVIII. And it is hereby enacted, that upon complaint made to any Magistrate in the said Territories by or on behalf of any Apprentice bound under this Act, of misusage, or of refusal or neglect to provide for him, or to give him instruction according to the contract of Apprenticeship, or of cruelty, or other ill-treatment by his Master, or by the Agent under whom he shall have been placed by his Master, if it shall appear to the Magistrate that there is cause for the complaint, it shall be lawful for him to summon the Master, or his Agent, as the case may be, if he shall be within his jurisdiction, to appear before him at a reasonable time, to be stated in the Summons, to answer

আপ্রেণ্টিস ১৩ ধারানুসারে স্থানান্তর হয় তখন ১১ এবং ১২ ধারার বিধি খাটিবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সমুদ্রে কর্ম্ম করণার্থ যখন আপ্রেণ্টিসের বন্দোবস্ত পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হয় তখন যে জাহাজে ঐ আপ্রেণ্টিস কর্ম্মকরণার্থ নিযুক্ত হয় তাহার নাম ও বিবরণ এবং ব্রিটনীয় প্রজাস্বরূপ ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিমের নাম ও চেহারা বন্দোবস্তের প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং আপ্রেণ্টিসের মনিবের সহী তাহাতে থাকিবেক এবং তাহা রেজিষ্টরী বহীতে লেখা যাইবেক এবং যদি ঐ আপ্রেণ্টিস বদল হইয়া অন্য কোন জাহাজে নিযুক্ত হয় তবে ঐ বদল সেইরূপে লেখা যাইবেক এবং সেইরূপে রেজিষ্টরী হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্তেতে যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হওনের পূর্ব্বে সেই ব্যাপারসম্পর্কীয় সকল ব্যক্তির সম্মতিক্রমে আপ্রেণ্টিসী বন্দোবস্ত শেষ হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য [illegible]সম্মতি এই আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে বন্দোব[illegible]র প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং সকল ব্যক্তির সহী তাহাতে থাকিবেক এবং যে দফ্তরে বন্দোবস্তপত্র প্রথম রেজিষ্টরী হইয়াছিল অথবা যে স্থান বা জিলাতে আপ্রেণ্টিস শেষে কর্ম্ম করিয়াছিল সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে তাহা রেজিষ্টরী হইবেক ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে বদ্ধ কোন আপ্রেণ্টিসের মনিব যে ব্যক্তিরদের দ্বারা আপ্রেণ্টিস বদ্ধ হইয়াছিল তাঁহারদের এবং সেই আপ্রেণ্টিসের নিজের অনুমতিক্রমে আপ্রেণ্টিসী বন্দোবস্তের লিখিত মিয়াদের অবশিষ্ট কালের নিমিত্তে এবং তাহার মধ্যে লিখিত নিয়মানুসারে অন্য যে কোন ব্যক্তি তাহাকে লইতে চাহেন তাঁহার হস্তে তাহাকে অর্পণ করিতে পারেন কিন্তু উক্ত ব্যক্তিরদের অনুমতি বিনা হইতে পারে না। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি আপ্রেণ্টিসকে এইরূপে লন তিনি বন্দোবস্তের প্রত্যেক নকলের পৃষ্ঠে স্বহস্তে এইমত লিখিয়া দিবেন যে আমি ঐ আপ্রেণ্টিসকে গ্রাহ্য করিলাম এবং ঐ বন্দোবস্তের মধ্যে মনিবের কর্ত্তব্য কর্ম্মের বিষয়ে যে২ নিয়ম ও করার লেখা আছে সেই২ নিয়ম ও করারে আমি বদ্ধ আছি এমত স্বীকার করি এবং পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিরা তাহাতে সম্মত আছেন ইহা বন্দোবস্তের উপরে লিখনের দ্বারা জানাইতে হইবেক এবং তাঁহারা প্রত্যেকে তাহাতে দস্তখৎ করিবেন। এবং ঐ অর্পণের বৃত্তান্ত যে দফ্তরে বন্দোবস্ত প্রথম রেজিষ্টরী হইয়াছিল অথবা যে জিলাতে ঐ আপ্রেণ্টিস শেষে কর্ম্মে নিযুক্ত ছিল সেই জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে রেজিষ্টরী হইবেক ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে বদ্ধহওয়া আপ্রেণ্টিস নিজে অথবা অন্যের দ্বারা যদি উক্ত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এইমত নালিশ করে যে আমার মনিব অথবা যে এজেণ্টের অধীনে আমার মনিব আমাকে রাখিয়াছিলেন সেই এজেণ্ট আমার প্রতি কুব্যবহার করিয়াছেন বা আপ্রেণ্টিসী বন্দোবস্তের নিয়মানুসারে ভরণপোষণ অথবা শিক্ষা দিতে ত্রুটি বা অস্বীকার করিয়াছেন অথবা নিষ্ঠুর ব্যবহার করিয়াছেন বা অন্য কোন প্রকারে অত্যাচার করিয়াছেন এবং যদি মাজিষ্ট্রেট সাহেবের এমত বোধ হয় যে সেই নালিশ সমূলক বটে তবে ঐ মনিব অথবা বিষয়বিশেষে তাঁহার এজেণ্ট তাঁহার এলাকার মধ্যে থাকিলে তাঁহাকে ঐ নালিশের জওয়াব দেওনার্থ উপযুক্ত সময়ের মধ্যে তাঁহার সম্মুখে হাজির হইবার নিমিত্তে

the complaint, and at such time, whether the Master or his Agent be present or not (service of the Summons being proved) to examine into the matter of the complaint, and upon proof thereof to impose upon the offender, whether he shall be the Master or his Agent, a reasonable fine not exceeding 200 Rupees; and if the offender shall not pay the fine to levy the same by distress and sale of his Goods and Chattels, and in case the offender shall not be the Master but his Agent, by distress and sale of the Goods and Chattels of the Master also. And if there shall not be found sufficient Goods and Chattels whereon to levy the same, to commit the offender to prison until the fine shall be discharged, provided that he shall not be kept in prison for a period exceeding two months; and provided that if sentence shall have been passed after an exparte investigation the offender shall not be committed to prison until he has been brought before the Magistrate, and having been personally called u[illegible] discharge the penalty has failed to do so.

XIX. And it is hereby enacted, that in a case in which a Magistrate shall have passed sentence upon the Master of an Apprentice or Agent under the last Section, it shall be lawful for him at his discretion to adjudge that the Apprentice shall be discharged, and if any premium shall have been paid on the binding of such Apprentice to make an order upon the Master to refund the whole or any part thereof, and in case the sum ordered to be refunded by such Master shall not be paid to the person or persons directed in any such order to receive the same, to levy the same by distress upon the Goods and Chattels of such Master with the costs and charges of such distress; and if there shall not be found sufficient Goods and Chattels whereon to levy the same, to commit such Master to prison for any term not exceeding two months, unless the sum ordered to be refunded with all costs shall be sooner paid and satisfied.

XX. Provided that when the Master of an Apprentice shall have been committed to prison in default of payment of a fine imposed under Section XVIII. of this Act, the imprisonment to which he may be subjected under the last Section in default of payment of the sum ordered to be refunded, shall not extend beyond the time which in addition to the term ordered under Section XVIII. shall make up the period of three months.

XXI. And it is hereby enacted, that when a Magistrate shall order the discharge of an Apprentice under Section XIX. of this Act, any sum that may be levied under Section XVIII., together with the whole or a part of any sum that may be levied under Section XIX., shall be applied at the discretion of the Magistrate for the purpose of binding or placing out the discharged Apprentice with a new Master, or otherwise for his use and benefit.

XXII. And it is hereby enacted, that upon complaint made by any Master of an Apprentice bound to him under this Act or by his Agent,

[*Government Gazette*, 1st December, 1846.]

তাঁহাকে তলব করিতে পারেন্ এবং ঐ সময় ঐ তলবচিঠীতে নির্দ্দিষ্ট থাকিবেক এবং তলবচিঠী জারী হওনের প্রমাণ হইলে ঐ মনিব বা তাঁহার এজেন্ট উপস্থিত হউন বা না হউন মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশের বিষয় তজবীজ করিবেন এবং তাহার প্রমাণ হইলে অপরাধি ব্যক্তি মনিব হউন বা তাঁহার এজেন্ট হউন তাঁহার ২০০৲ টাকার অনধিক ওয়াজিবী জরীমানা করিবেন। এবং যদি অপরাধী জরীমানার টাকা না দেন তবে তাঁহার জিনিস ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা তাহা আদায় করিতে পারেন্ এবং যদি অপরাধী মনিব না হন কিন্তু তাঁহার এজেন্ট হন্ তবে মনিবের জিনিস ও অস্থাবর সম্পত্তি বিক্রয় ও ক্রোক করিতে পারেন্। এবং ঐ জরীমানার টাকা উসুল হওনের প্রচুর জিনিস ও অস্থাবর সম্পত্তি যদি না পাওয়া যায় তবে জরীমানার টাকা না দেওয়াপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব অপরাধিকে জেলখানায় কয়েদ করিতে পারেন্। কিন্তু জানা কর্ত্তব্য যে সেই ব্যক্তি দুই মাসের অধিক কালপর্য্যন্ত জেলখানায় কয়েদ থাকিবেন না এবং আরো জানা কর্ত্তব্য যে যদ্যপি ঐ দণ্ডের হুকুম একতরফা বিচারক্রমে হইয়া থাকে তবে যাবৎ অপরাধিকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত না করা যায় এবং সেই স্থানে ঐ জরীমানার টাকা দিতে তাঁহার প্রতি হুকুম হওনের পর তিনি তাহা দিতে ক্রটি না করেন্ তাবৎ ঐ অপরাধী জেলখানার কয়েদ হইবেন না ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্ত ধারাক্রমে যদি মাজিষ্ট্রেট সাহেব কোন আপ্রেণ্টিসের মনিব অথবা তাঁহার এজেন্টের প্রতি দণ্ডের হুকুম করেন্ তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে ঐ আপ্রেণ্টিসকে খালাস করণের হুকুম দিতে পারেন্ এবং যদি ঐ আপ্রেণ্টিসকে বদ্ধকরণের সময়ে কোন পুরস্কার দেওয়া গিয়া থাকে তবে সেই পুরস্কার অথবা তাহার কোন অংশ ফিরিয়া দিতে ঐ মনিবের প্রতি হুকুম দিতে পারেন্ এবং যদি ঐ মনিবের প্রতি এইরূপে যে টাকা ফিরিয়া দিবার হুকুম হয় তাহা যে ব্যক্তি বা ব্যক্তিরদের লইতে ঐ হুকুমে নির্দ্দিষ্ট আছে সেই ব্যক্তি বা ব্যক্তিরদিগকে যদি ঐ মনিব না দেন তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ মনিবের জিনিস ও অস্থাবর সম্পত্তি ক্রোকের দ্বারা ঐ টাকা এবং ঐ ক্রোকের খরচা ও ব্যয় আদায় করিতে পারেন এবং যাহাতে তাহা উসুল হইতে পারে যদি এমত প্রচুর জিনিস এবং অস্থাবর সম্পত্তি না পাওয়া যায় তবে ঐ মনিবকে দুই মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ করিতে পারেন কিন্তু যদি মিয়াদ অতীত না হইতে সেই টাকা দেওয়া যায় ও পরিশোধ হয় তবে সেই ব্যক্তি কয়েদহইতে মুক্ত হইবেন ইতি।

২০ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন আপ্রেণ্টিসের মনিব যদি এই আইনের ১৮ ধারানুসারে হওয়া জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত জেলখানায় কয়েদ হন্ তবে ১৯ ধারাক্রমে যে টাকা তাঁহাকে ফিরিয়া দিবার হুকুম হয় তাহা না দেওয়াতে তাঁহার যে কয়েদ হয় তাহা এমত মিয়াদের অধিক হইবেক না যে ১৮ ধারার নির্দ্দিষ্ট কয়েদ সমেত লইয়া তিন্ মাসের অধিক হয় ইতি।

২১ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে যখন কোন মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ১৯ ধারানুসারে কোন আপ্রেণ্টিসকে বন্দোবস্তহইতে খালাসকরণের হুকুম দেন তখন ১৮ ধারানুসারে যে কোন টাকা আদায় হয় তাহা এবং ১৯ ধারানুসারে যে টাকা উসুল হয তাহার সমুদয় কি তাহার কতক অংশ মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাক্রমে খালাসহওয়া আপ্রেণ্টিসকে নূতন মনিবের নিকটে বদ্ধ করিব্যর বা নিযুক্ত করিবার জন্যে বা প্রকারান্তরে তাহার প্রয়োজন বা উপকারেতে ব্যয় হইবেক ইতি।

২২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন-

against such Apprentice, to any Magistrate of any place or District in the said Territories where such Apprentice shall be employed, or in the case of a Sea Apprentice where he shall be in the course of his employment, of any misdemeanor, misconduct or ill behaviour of such Apprentice, or if such Apprentice shall have absconded, upon complaint made thereof by the Master or his Agent, to any Magistrate of the place or District where such Apprentice shall be found, or where he shall have been employed, it shall be lawful for any such Magistrate in the latter case to issue his Warrant for apprehending such Apprentice, and in either case to hear and determine the complaint and to punish the offender by committing him to a house of correction or to prison, there to be held to hard labour for a reasonable time not exceeding three months, or if the offender be a boy of such tender years as to make punishment in the way of School discipline more suitable, by inflicting on him corporal chastisement not exceeding ten stripes with a light ratan, provided that it shall be lawful for the Magistrate instead of commiting such offender to a house of correction or to prison to be held to hard labor as aforesaid to pass an order for his being kept in solitary confinement in any suitable place in or out of prison for a period not exceeding three weeks; or if the Magistrate deem any such punishment unfitting, to pass an order to the Master of the Apprentice or his Agent to keep the offender in close confinement in his own house or on board the Vessel to which he may belong, upon a reduced diet for a period not exceeding one month, and at his discretion to direct that at the expiration of the stated period the Apprentice shall be again brought up before him that he may satisfy himself that he has been properly dealt with.

XXIII. And it is hereby enacted, that it shall be lawful for the Magistrate on proof of wilful and continual misconduct on the part of the Apprentice, whereby it shall appear that he is incorrigible, and on the demand of the Master, to adjudge that the contract of Apprenticeship shall be determined. Provided that it shall be at the discretion of the Magistrate on a consideration of the circumstances to order the refund of a part of any premium that may have been paid to the Master on binding such Apprentice, to the person or persons by whom it was paid on behalf of such Apprentice.

XXIV. Provided always, that no Magistrate shall entertain a complaint on the part of a Master against an Apprentice under this Act, unless it be preferred within one month after the cause of complaint shall have arisen, or if the cause of complaint shall have arisen on board a Ship or Vessel on a voyage within one month after the arrival thereof at a port or place in the said Territories. And that no Magistrate shall entertain a complaint on the part of an Apprentice against his Master or the Agent of his Master under this Act, unless it be preferred within three months after the cause

